গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
করনীতি উইং

আয়কর নির্দেশিকা ২০২৬-২০২৭

স্বাভাবিক ব্যক্তি (Individual) করদাতার রিটার্ন পূরণ ও কর পরিপালন নির্দেশিকা

আহসান হাবিব
ভারপ্রাপ্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
ভারপ্রাপ্ত চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড

মুখবন্ধ

একটি দেশের অর্থনৈতিক স্বনির্ভরতা অর্জন এবং টেকসই উন্নয়নের মূল চালিকাশক্তি হলো অভ্যন্তরীণ রাজস্ব আহরণ। দেশের অবকাঠামোগত উন্নয়ন, সামাজিক নিরাপত্তা এবং নানামুখী জনকল্যাণমূলক কার্যক্রম বাস্তবায়নে করদাতাদের পরিশ্রমলব্ধ করের অর্থই গুরুত্বপূর্ণ উৎস হিসেবে ব্যবহৃত হয়। কর ব্যবস্থাকে আরো আধুনিক, ডিজিটাল, অধিকতর স্বচ্ছ ও করদাতাবান্ধব করার মাধ্যমে একটি বৈষম্যহীন, সমতাভিত্তিক ও অর্থনৈতিকভাবে শক্তিশালী বাংলাদেশ বিনির্মাণে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ তথা জাতীয় রাজস্ব বোর্ড নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

রাজস্ব ব্যবস্থাপনার ডিজিটালাইজেশনের অংশ হিসেবে আয়কর প্রদান প্রক্রিয়াকে আরও সহজ, স্বয়ংক্রিয় এবং করদাতাদের দোরগোড়ায় কর সেবা পৌঁছে দিতে জাতীয় রাজস্ব বোর্ড বিভিন্ন সংস্কারমুখী পদক্ষেপ গ্রহণ করেছে। বিশেষ করে, www.etaxnbr.gov.bd ডিজিটাল প্ল্যাটফর্মের সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে সম্মানিত করদাতাগণের জন্য ঘরে বসেই ই-রিটার্ন দাখিল, সার্টিফিকেট প্রাপ্তি এবং এ-চালানের মাধ্যমে কর পরিশোধের সুবিধা নিশ্চিত করা হয়েছে। অর্থাৎ, জাতীয় রাজস্ব বোর্ডের লক্ষ্য কেবল রাজস্ব বৃদ্ধিই নয়, বরং করদাতাদের জন্য একটি সাশ্রয়ী, হয়রানিমুক্ত এবং যুগোপযোগী প্রযুক্তি নির্ভর কর সেবা নিশ্চিতকরণ।

প্রত্যক্ষ কর ব্যবস্থাকে যুগোপযোগী, ডিজিটাল এবং করদাতা ও ব্যবসায়ীদের জন্য সহজ ও বোধগম্য করে তোলার উদ্দেশ্যে প্রতি বছর অর্থ আইন ও উৎসে কর বিধিমালার মাধ্যমে কর পরিপালন সংক্রান্ত বিধি-বিধানে কিছু পরিবর্তন, পরিমার্জন, সংযোজন ও সংশোধন করা হয়ে থাকে। এর ধারাবাহিকতায় অর্থ আইন, ২০২৬ এর মাধ্যমে 'আয়কর আইন, ২০২৩' এর কতিপয় সংশোধনী আনা হয়েছে এবং 'উৎসে কর বিধিমালা, ২০২৪' বিলুপ্ত করে 'উৎসে কর বিধিমালা, ২০২৬' প্রবর্তন করা হয়েছে যা ১ জুলাই, ২০২৬ হতে কার্যকর করা হয়েছে।

আয়কর আইন ও বিধিমালার জটিল ও কঠিন বিষয়গুলোকে করদাতাদের কাছে সহজ ও বোধগম্য করে তোলার উদ্দেশ্যে প্রতি বছরের ন্যায় এবারও জাতীয় রাজস্ব বোর্ড 'আয়কর নির্দেশিকা ২০২৬-২০২৭' প্রকাশ করছে। এই নির্দেশিকায় স্বাভাবিক ব্যক্তি (Individual) করদাতাদের জন্য আয়কর রিটার্ন পূরণের সাধারণ নিয়মাবলী, করযোগ্য আয় নিরূপণ ও পরিগণনা, কর নির্ধারণ পদ্ধতি, করদায়, কর রেয়াত, সারচার্জ এবং উৎসে কর কর্তনসহ প্রয়োজনীয় সকল সময়োপযোগী পরিবর্তনসমূহ অত্যন্ত সহজ ভাষায় সন্নিবেশ করা হয়েছে। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, 'আয়কর নির্দেশিকা ২০২৬-২০২৭' সম্মানিত করদাতা, কর আইনজীবী এবং রাজস্ব কর্মকর্তা-কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলের জন্য একটি নির্ভরযোগ্য গাইডলাইন হিসেবে কাজ করবে।

আমি দেশের সম্মানিত করদাতাগণকে স্বতঃস্ফূর্তভাবে যথাসময়ে আয়কর প্রদানের মাধ্যমে দেশের উন্নয়নের অগ্রযাত্রায় অংশীদার হওয়ার জন্য উদাত্ত আহ্বান জানাচ্ছি কারণ আপনাদের করের অর্থই আগামীর সমৃদ্ধ বাংলাদেশ গড়ার মূলভিত্তি।



ঢাকা, ০১ সেপ্টেম্বর ২০২৬

আহসান হাবিব

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
প্রথম ভাগ	
সাধারণ জ্ঞাতব্য বিষয়	১
আয়বর্ষ ও করবর্ষ	১
রিটার্ন	১
রিটার্ন যারা দাখিল করবেন	১
করযোগ্য আয়ের ভিত্তিতে যাদেরকে রিটার্ন দাখিল করতে হবে	১
যেসব ক্ষেত্রে আবশ্যিকভাবে রিটার্ন দাখিল করতে হবে	২
রিটার্ন দাখিলের সময়	৪
করবর্ষের পরবর্তী সময়ে স্বপ্রণোদিতভাবে অথবা নোটিশের প্রেক্ষিতে রিটার্ন দাখিল	৪
রিটার্ন দাখিলের পদ্ধতি	৫
যেখানে রিটার্ন দাখিল করতে হয়	৫
স্বাভাবিক ব্যক্তি (Individual) করদাতাগণের অনলাইনে আয়কর রিটার্ন দাখিল সংক্রান্ত বিশেষ আদেশ	৫
রিটার্ন দাখিল না করার পরিণাম	৬
দ্বিতীয় ভাগ	
স্বাভাবিক ব্যক্তি করদাতার রিটার্ন	৭
কর নির্ধারণ পদ্ধতি ও রিটার্নের প্রকারভেদ	৭
রিটার্ন- আইটি ঘ (২০২৩)	৭
রিটার্ন- আইটি ১১গ (২০২৩)	৮
আয় কী?	৮
আয়ের খাতসমূহ	৮
মোট আয়	৯
ফার্ম বা ব্যক্তিসংঘ হতে প্রাপ্ত আয় মোট আয়ের অন্তর্ভুক্ত হবে কিনা	৯
স্বামী/স্ত্রী বা অপ্রাপ্তবয়স্ক সন্তানের আয় করদাতার মোট আয়ের অন্তর্ভুক্ত হবে কিনা	৯
আয়কর পরিগণনার নিয়ম	১০
কর রেয়াত	১০
কর রেয়াতযোগ্য বিনিয়োগের সারণী	১১
আয়কর যেভাবে পরিশোধ করতে হবে	১২

কর প্রত্যর্পণ	১২
জীবনযাপন সংশ্লিষ্ট ব্যয়ের বিবরণী [আইটি-১০ বিবি (২০২৩)]	১২
পরিসম্পদ, দায় ও ব্যয় বিবরণী [আইটি ১০বি (২০২৩)]	১৩
প্রতিপাদন	১৫
রিটার্ন প্রস্তুতের জন্য প্রয়োজনীয় প্রমাণাদি/তথ্যাদি/ দলিলাদি	১৫
আয়কর পরিশোধের প্রমাণ (উৎসে কর কর্তনসহ)	১৬
সংশোধিত রিটার্ন দাখিল	১৭
রিটার্ন প্রসেস	১৭
তৃতীয় ভাগ	
বিভিন্ন খাতের আয় নিরূপণ	১৮
চাকরি হতে আয়	১৮
পারকুইজিট, ভাতা ও সুবিধাদির আর্থিক মূল্য নির্ধারণ	১৯
কর্মচারী শেয়ার স্কিম হতে অর্জিত আয়	২০
সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারীর বেতন খাতে আয় নিরূপণ	২১-২৮
ভাড়া হতে আয়	২৮-৩৩
কৃষি হতে আয়	৩২-৩৭
ব্যবসা বা পেশা হতে আয়	৩৮-৪১
মূলধনি আয়	৪১-৪৬
আর্থিক পরিসম্পদ হতে আয়	৪৬
অন্যান্য উৎস হতে আয়	৪৭
ফার্ম বা ব্যক্তি-সংঘের আয়ের অংশ	৪৮
স্বামী/ স্ত্রী বা অপ্রাপ্তবয়স্ক সন্তানদের আয় [আয়কর আইন, ২০২৩ এর ধারা ৩১(১)]	৪৯
চতুর্থ ভাগ	
করদায় পরিগণনা	
মোট আয়ের উপর আরোপযোগ্য আয়কর	৫০
মোট আয় ও কর নির্ধারণের ধাপসমূহ	৫০
ন্যূনতম কর	৫২
বিনিয়োগজনিত কর রেয়াত (আয়কর আইন ২০২৩ এর ধারা ৭৮ অনুযায়ী)	৫৩
কর রেয়াতযোগ্য বিনিয়োগের খাত	৫৩
বিনিয়োগজনিত কর রেয়াত পরিগণনা	৫৪-৬০

কর প্রণোদনা ও অতিরিক্ত কর	৬০-৬৩
স্বাভাবিক ব্যক্তি করদাতার সারচার্জ	৬২-৬৫
স্বাভাবিক ব্যক্তি করদাতার ক্ষেত্রে মোটরযানের মালিক হিসেবে প্রযোজ্য অগ্রিম কর	৬৫
স্বাভাবিক ব্যক্তি করদাতার জন্য পরিবেশ সারচার্জের হার	৬৬
মোটরযানের মালিক হিসেবে প্রযোজ্য অগ্রিম কর ও পরিবেশ সারচার্জ পরিগণনা	৬৭-৬৯
করবর্ষ পরবর্তী সময়ে স্বপ্রণোদিতভাবে বিলম্ব রিটার্ন দাখিলের ক্ষেত্রে কর পরিগণনা	৬৯-৭২
অগ্রিম কর	৭২-৭৩
উৎসে কর্তিত/সংগৃহীত এবং অগ্রিম হিসেবে পরিশোধিত করের ক্রেডিট	৭৩
রিটার্নের ভিত্তিতে প্রদত্ত কর (ধারা ১৭৩ অনুযায়ী)	৭৪
করমুক্ত বা কর অব্যাহতি প্রাপ্ত আয়	৭৪
পঞ্চম ভাগ	
মোট আয় নিরূপণ ও কর পরিগণনার উদাহরণ	৭৮
সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারীদের আয় এবং কর পরিগণনা	৭৮
বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত করদাতার আয় এবং কর পরিগণনা	৭৯-৮৩
একজন শিক্ষকের আয় এবং কর পরিগণনা	৮৩-৮৪
একজন শিল্পীর আয় এবং কর পরিগণনা	৮৫
একজন চিকিৎসকের আয় এবং কর পরিগণনা	৮৬
একজন প্রকৌশলীর আয় ও কর পরিগণনা	৮৮
একজন ব্যবসায়ীর আয় এবং কর পরিগণনা	৮৯-৯৩
আয়কর সম্পর্কিত সাধারণ জিজ্ঞাসা	৯৩-৯৬
পরিশিষ্ট	
পরিশিষ্ট ১: রিটার্ন আইটি ঘ (২০২৩)	৯৭-৯৮
পরিশিষ্ট ২: রিটার্ন আইটি ১১ গ (২০২৩)	৯৯-১১২
পরিশিষ্ট ৩: দানকর আইন, ১৯৯০ এর ধারা ৭ এর অধীন দান সম্পর্কিত রিটার্ন	১১৩
পরিশিষ্ট ৪: আয়কর রিটার্ন প্রাপ্তি স্বীকার পত্র/ প্রত্যয়ন পত্র	১১৪
পরিশিষ্ট ৫: অনলাইনে রিটার্ন দাখিল সংক্রান্ত User Manual	১১৫-১৩৯
পরিশিষ্ট ৬: ই-রিটার্ন সংশ্লিষ্ট Frequently Asked Questions	১৪০-১৫১

প্রথম ভাগ

সাধারণ জ্ঞাতব্য বিষয়

আয়বর্ষ ও করবর্ষ

স্বাভাবিক ব্যক্তি ও হিন্দু অবিভক্ত পরিবারের ক্ষেত্রে আয়বর্ষ বলতে করবর্ষের অব্যবহিত পূর্ববর্তী অর্থবছরকে বোঝায়। সাধারণভাবে এটি প্রতি বছরের ১ জুলাই থেকে পরবর্তী বছরের ৩০ জুন পর্যন্ত ১২ মাসের সময়কাল। তবে সব ক্ষেত্রে আয়বর্ষ পূর্ণ ১২ মাসের না ও হতে পারে। এই সময়ে অর্জিত আয় পরবর্তী করবর্ষে কর নির্ধারণ ও রিটার্ন দাখিলের ভিত্তি হিসেবে বিবেচিত হয়। করবর্ষ বলতে আয়বর্ষ সমাপ্তির পরবর্তী জুলাই মাসের প্রথম দিন হতে শুরু করে পরবর্তী ১২ মাসের সময়কালকে বোঝায়।

রিটার্ন

আয়কর কর্তৃপক্ষের নিকট একজন করদাতার বার্ষিক আয়, ব্যয় এবং সম্পদের তথ্যাবলী নির্ধারিত ফরমে উপস্থাপন করার মাধ্যম হচ্ছে রিটার্ন। আয়কর আইন অনুযায়ী স্বাভাবিক ব্যক্তি করদাতার রিটার্ন সকল প্রকার আয়ের বিবরণী, বাংলাদেশে এবং বাংলাদেশের বাহিরে অবস্থিত সকল প্রকার পরিসম্পদ ও দায়ের বিবরণী এবং, ক্ষেত্রমত, জীবনযাপন সংশ্লিষ্ট সকল প্রকার ব্যয়ের বিবরণী সংবলিত হবে। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে রিটার্ন দাখিল করতে হয়।

রিটার্ন যারা দাখিল করবেন

কারা রিটার্ন দাখিল করবেন তা দুই ভাগে চিহ্নিত করা যায়, যথা:-

ক. যাদের করযোগ্য আয় রয়েছে; এবং

খ. যাদেরকে আবশ্যিকভাবে রিটার্ন দাখিল করতে হবে।

করযোগ্য আয়ের ভিত্তিতে যাদেরকে রিটার্ন দাখিল করতে হবে

১. কোনো স্বাভাবিক ব্যক্তি করদাতার (Individual) আয় যদি বছরে ৪,০০,০০০ (চার লক্ষ) টাকার বেশি হয়;

২. মহিলা এবং ৬৫ বছর বা তদূর্ধ্ব বয়সের করদাতার আয় যদি বছরে ৪,৫০,০০০ (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকার বেশি হয়;

৩. তৃতীয় লিঙ্গের করদাতা এবং প্রতিবন্ধী স্বাভাবিক ব্যক্তি করদাতার আয় যদি বছরে ৫,২৫,০০০ (পাঁচ লক্ষ পঁচিশ হাজার) টাকার বেশি হয়;

৪. গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং জুলাই গণঅভ্যুত্থান ২০২৪ এ আহত গেজেটভুক্ত জুলাই যোদ্ধা করদাতার আয় যদি বছরে ৫,৫০,০০০ (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) টাকার বেশি হয়।

৫. কোনো প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের প্রত্যেক প্রতিবন্ধী সন্তান/পোষ্যের জন্য করমুক্ত আয়ের সীমা ৫০,০০০ টাকা অধিক হবে, তবে প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হলে যেকোনো একজন এই সুবিধা ভোগ করবেন;

৬. বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশি ব্যতীত) এরূপ ব্যক্তির জন্য রিটার্ন দাখিলের এ বাধ্যবাধকতা প্রযোজ্য হবে না।

যেসব ক্ষেত্রে আবশ্যিকভাবে রিটার্ন দাখিল করতে হবে

১. করদাতার মোট আয় করমুক্ত সীমা অতিক্রম করলে;

২. সংশ্লিষ্ট আয়বর্ষের পূর্ববর্তী তিন বছরের যে কোনো বছর করদাতার কর নির্ধারণ হয়ে থাকে বা তার আয় করযোগ্য হয়ে থাকে;

৩. নিবাসী করদাতা কোনো কোম্পানির শেয়ারহোল্ডার পরিচালক বা শেয়ারহোল্ডার কর্মচারী হলে;

৪. ফার্ম, ফার্মের অংশীদার বা কোনো ব্যক্তিসংঘ হলে;

৫. কোনো ব্যবসায় নির্বাহী বা ব্যবস্থাপনা পদে বেতনভোগী কর্মী হলে;

৬. গণকর্মচারী হলে;

৭. কোন অনিবাসী যার বাংলাদেশে স্থায়ী স্থাপনা আছে;

৮. কর অব্যাহতি প্রাপ্ত বা হ্রাসকৃত হারে করযোগ্য আয় থাকলে;

৯. ধারা ২৬১ অনুসারে করদাতা হিসেবে নিবন্ধনযোগ্য কোনো ব্যক্তি;

১০. করারোপযোগ্য আয় না থাকা সাপেক্ষে, ২০ (বিশ) লক্ষাধিক টাকার ঋণ গ্রহণে;

১১. আমদানি নিবন্ধন সনদ বা রপ্তানি নিবন্ধন সনদ প্রাপ্তিতে ও নবায়ন করতে;

১২. সিটি কর্পোরেশন বা পৌরসভা এলাকায় ট্রেড লাইসেন্স নবায়নের জন্য;

১৩. সাধারণ বিমার তালিকাভুক্ত সার্ভেয়ার লাইসেন্স নবায়ন করতে;

১৪. সিটি কর্পোরেশন, পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ড এলাকায় জমি, বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট বিক্রয় বা লিজ বা হস্তান্তর বা বায়নানামা বা আমমোক্তারনামা নিবন্ধন করতে;

১৫. চিকিৎসক, দন্ত চিকিৎসক, আইনজীবী, চার্টার্ড অ্যাকাউন্টেন্ট, কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টেন্ট, চার্টার্ড সেক্রেটারি, আইনজীবী ও কর আইনজীবী, একচুয়ারি, প্রকৌশলী, স্থপতি, সার্ভেয়ার হিসাবে বা সমজাতীয় পেশাজীবী হিসাবে কোনো স্বীকৃত পেশাজীবী সংস্থার সদস্যপদ নবায়ন করতে;

১৬. Muslim Marriages and Divorces (Registration) Act, 1974 (Act No. LII of 1974) এর অধীন নিকাহ্ রেজিস্ট্রার, হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর অধীন হিন্দু বিবাহ নিবন্ধক ও Special Marriage Act, 1872 (Act No. III of 1872) এর অধীন রেজিস্ট্রার হিসাবে লাইসেন্স প্রাপ্তি বা নবায়ন করতে;

১৭. ট্রেডবডি বা কোনো বাণিজ্যিক সংগঠনের সদস্যপদ প্রাপ্তি ও বহাল রাখতে;

১৮. স্ট্যাম্প, কোর্ট ফি ও কার্টিজ পেপারের ভেন্ডর বা দলিল লেখক হিসাবে লাইসেন্স নবায়নে;

১৯. ড্রাগ লাইসেন্স, ফায়ার লাইসেন্স, পরিবেশ ছাড়পত্র, বিএসটিআই লাইসেন্স, বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স, কাস্টমস এজেন্ট লাইসেন্স, ফ্রেইট ফরওয়ার্ডিং লাইসেন্স ও বায়িং হাউজ নিবন্ধন প্রাপ্তি ও নবায়নে;

২০. যেকোনো এলাকায় গ্যাসের বাণিজ্যিক ও শিল্প সংযোগ প্রাপ্তি ও বহাল রাখতে এবং সিটি কর্পোরেশন এলাকায় আবাসিক গ্যাস সংযোগ প্রাপ্তিতে;

২১. সিটি কর্পোরেশন বা ক্যান্টনমেন্ট বোর্ড এলাকায় বিদ্যুৎ সংযোগ প্রাপ্তিতে;

২২. লঞ্চ, স্টিমার, মাছ ধরার ট্রলার, কার্গো, কোস্টার ও ডাম্ব বার্জসহ যেকোনো প্রকারের ভাড়ায় চালিত নৌযানের সার্ভে সার্টিফিকেট প্রাপ্তি ও বহাল রাখতে;

২৩. পরিবেশ অধিদপ্তর বা জেলা প্রশাসকের কার্যালয় হতে ইট উৎপাদনের অনুমতি প্রাপ্তি ও নবায়নে;

২৪. সিটি কর্পোরেশন, জেলা সদর বা পৌরসভায় অবস্থিত ইংরেজি মাধ্যম স্কুলে শিশু বা পোষ্য ভর্তিতে;

২৫. কোম্পানির এজেন্সী বা ডিস্ট্রিবিউটরশিপ প্রাপ্তি ও বহাল রাখতে;

২৬. আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রাপ্তি ও বহাল রাখতে;
২৭. আমদানির উদ্দেশ্যে ঋণপত্র খোলায়;
২৮. ১০ (দশ) লক্ষাধিক টাকার মেয়াদী আমানত খোলায় ও বহাল রাখতে;
২৯. ১০ (দশ) লক্ষাধিক টাকার সঞ্চয়পত্র ক্রয়ে;
৩০. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে, পৌরসভা, উপজেলা, জেলা পরিষদ, সিটি কর্পোরেশন বা জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণে;
৩১. ব্যবস্থাপনা বা প্রশাসনিক বা উৎপাদন কার্যক্রমের তত্ত্বাবধানকারী পদমর্যাদায় কর্মরত ব্যক্তির বেতন-ভাতাদি প্রাপ্তিতে;
৩২. স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্যান্য করদাতার ক্ষেত্রে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস বা মোবাইল ব্যাংকিং বা ইলেক্ট্রনিক উপায়ে টাকা স্থানান্তরের মাধ্যমে এবং মোবাইল ফোনের হিসাব রিচার্জের মাধ্যমে কমিশন, ফি বা অন্য কোনো অর্থ প্রাপ্তির ক্ষেত্রে;
৩৩. অ্যাডভাইজরি বা কনসাল্টেন্সি সার্ভিস, ক্যাটারিং সার্ভিস, ইভেন্ট ম্যানেজমেন্ট সার্ভিস, জনবল সরবরাহ, নিরাপত্তা সেবা সরবরাহ বাবদ নিবাসী কর্তৃক কোনো কোম্পানি হতে কোনো অর্থ প্রাপ্তিতে;
৩৪. বিমা কোম্পানির এজেন্সি সার্টিফিকেট নিবন্ধন বা নবায়নে;
৩৫. দ্বি-চক্র বা ত্রি-চক্র মোটরযান ব্যতীত অন্যান্য মোটরযানের নিবন্ধন, মালিকানা পরিবর্তন বা ফিটনেস নবায়নকালে;
৩৬. এনজিও বিষয়ক ব্যুরোতে নিবন্ধিত এনজিও বা মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি হতে লাইসেন্সপ্রাপ্ত ক্ষুদ্র ঋণ সংস্থার অনুকূলে বিদেশি অনুদানের অর্থ ছাড় করতে;
৩৭. ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে ই-কমার্স ব্যবসার ক্ষেত্রে লাইসেন্সিং অথরিটির কাছ থেকে লাইসেন্স নবায়নে;
৩৮. কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এবং Societies Registration Act, 1860 (Act No. XXI of 1860) এর অধীন নিবন্ধিত কোনো ক্লাবের সদস্যপদ লাভ ও নবায়ন এর ক্ষেত্রে;
৩৯. পণ্য সরবরাহ, চুক্তি সম্পাদন বা সেবা সরবরাহের উদ্দেশ্যে নিবাসী কর্তৃক টেন্ডার ডকুমেন্টস দাখিলকালে;
৪০. পণ্য আমদানি বা রপ্তানির উদ্দেশ্যে বিল অব এন্ট্রি দাখিলকালে;
৪১. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ), খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ), রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ (আরডিএ), গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ বা, সময় সময়, সরকার কর্তৃক গঠিত অনুরূপ কর্তৃপক্ষ অথবা সিটি কর্পোরেশন বা পৌরসভার অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অনুমোদনের নিমিত্ত ভবন নির্মাণের নকশা দাখিলকালে;
৪২. কোনো নির্দিষ্ট ব্যক্তি কর্তৃক সিটি কর্পোরেশন এলাকায় বাড়ি ভাড়া বা লিজ গ্রহণকালে বাড়ির মালিকের;
৪৩. কোনো নির্দিষ্ট ব্যক্তি কর্তৃক পণ্য বা সেবা সরবরাহ গ্রহণকালে সরবরাহকারীর বা সেবা প্রদানকারীর;
৪৪. হোটেল, রেস্টুরেন্ট, মোটেল, কমিউনিটি সেন্টার, কনভেনশন হল, হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টারসমূহের লাইসেন্স প্রাপ্তি ও নবায়নকালে;
৪৫. সামাজিক অনুষ্ঠান, কর্পোরেট প্রোগ্রাম, ওয়ার্কশপ, সেমিনার, সিম্পোজিয়াম, প্রশিক্ষণসহ সমজাতীয় অনুষ্ঠান আয়োজনের জন্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত কমিউনিটি সেন্টার, কনভেনশন হল বা সমজাতীয় প্রতিষ্ঠান হতে ভাড়া বা অন্য সেবা গ্রহণকালে সেবা গ্রহনকারীর,
৪৬. রিটার্ন দাখিলে বাধ্যবাধকতা রয়েছে এমন শিক্ষাপ্রতিষ্ঠানের অনুমোদন নবায়নকালে।

রিটার্ন দাখিলের সময়

স্বাভাবিক ব্যক্তি ও হিন্দু অবিভক্ত পরিবার শ্রেণির করদাতা নিম্নবর্ণিত শর্তানুযায়ী আয়বর্ষ সমাপ্তির পরবর্তী সংশ্লিষ্ট করবর্ষব্যাপী রিটার্ন দাখিল করতে পারবেন, যথা:—

- ☐ ১ জুলাই থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত রিটার্ন দাখিল করলে ধারা ১৭৩ অনুযায়ী পরিশোধযোগ্য করের ৫% অথবা ২৫,০০০ টাকা, যেটি কম, সে পরিমাণ কর প্রণোদনা পাবেন।
- ☐ ১ অক্টোবর থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত রিটার্ন দাখিল করলে কোনো কর প্রণোদনা বা অতিরিক্ত কর প্রযোজ্য হবে না।
- ☐ ১ জানুয়ারি থেকে ৩১ মার্চ পর্যন্ত রিটার্ন দাখিল করলে ধারা ১৭৩ অনুযায়ী পরিশোধযোগ্য করের ২% অথবা ৩,০০০ টাকা, যেটি বেশি, সে পরিমাণ অতিরিক্ত কর দিতে হবে।
- ☐ ১ এপ্রিল থেকে ৩০ জুন পর্যন্ত রিটার্ন দাখিল করলে ধারা ১৭৩ অনুযায়ী পরিশোধযোগ্য করের ৫% অথবা ৫,০০০ টাকা, যেটি বেশি, সে পরিমাণ অতিরিক্ত কর প্রযোজ্য হবে।

তাছাড়া, প্রথমবারের মত রিটার্ন দাখিলকারী স্বাভাবিক ব্যক্তি (Individual) সংশ্লিষ্ট করবর্ষের জন্য প্রযোজ্য হারে আয়কর পরিশোধ করে আয়বর্ষ শেষ হওয়ার পরবর্তী ৩০ জুনের মধ্যে রিটার্ন দাখিল করতে পারবেন এবং বিদেশে অবস্থানরত কোনো স্বাভাবিক ব্যক্তি (Individual) যদি উচ্চশিক্ষা, চাকরির প্রেষণ বা লিয়েন অথবা অর্থ উপার্জনের উদ্দেশ্যে বৈধ ভিসা ও পারমিট নিয়ে বিদেশে অবস্থান করেন তাহলে বাংলাদেশে প্রত্যাবর্তনের ৯০ তম দিনের মধ্যে রিটার্ন দাখিল করতে পারবেন।

উপর্যুক্ত দিবসসমূহ যদি সরকারি ছুটির দিন হয়, তাহলে করদাতা উক্ত দিবসের অব্যবহিত পরবর্তী কর্মদিবসে রিটার্ন দাখিল করতে পারবেন।

করবর্ষের পরবর্তী সময়ে স্বপ্রণোদিতভাবে অথবা নোটিশের প্রেক্ষিতে রিটার্ন দাখিল

করবর্ষের পরবর্তী সময়ে রিটার্ন দাখিল করা যাবে। এক্ষেত্রে আয়কর আইনের ধারা ১৭৪ মোতাবেক কর পরিশোধ করতে হবে। করবছর অতিক্রান্ত হওয়ার পর এবং উপকর কমিশনার কর্তৃক কর নির্ধারণ না হলে, করদাতা নিজে থেকে যে রিটার্ন দাখিল করবেন তা স্বপ্রণোদিত বিলম্ব রিটার্ন হিসেবে গণ্য হবে। স্বপ্রণোদিত বিলম্ব রিটার্ন দাখিলের ক্ষেত্রে, ধারা ১৭৩ অনুযায়ী কর পরিশোধের পাশাপাশি অতিরিক্ত কর হিসেবে ধারা ১৭৩ অনুযায়ী পরিশোধযোগ্য করের ১০% (দশ শতাংশ) অথবা ৫,০০০ (পাঁচ হাজার) টাকা, যা অধিক সে পরিমাণ অতিরিক্ত কর পরিশোধ করতে হবে।

তবে করবর্ষ অতিক্রান্ত হওয়ার পর রিটার্ন দাখিল না করার প্রেক্ষিতে, উপকর কমিশনার কর্তৃক ধারা ২১২ এর উপ-ধারা (১) এর নোটিশ জারির প্রেক্ষিতে রিটার্ন দাখিল করলে ধারা ১৭৩ অনুযায়ী পরিশোধযোগ্য করের ১৫% (পনেরো শতাংশ) অথবা ১০,০০০ (দশ হাজার) টাকা, যা অধিক সে পরিমাণ অতিরিক্ত কর পরিশোধ করতে হবে।

রিটার্ন দাখিলের পদ্ধতি

স্বাভাবিক ব্যক্তি এবং হিন্দু অবিভক্ত শ্রেণির করদাতাগণের জন্য স্বনির্ধারণী পদ্ধতিতে নিষ্পত্তির জন্য রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা হয়েছে। এক্ষেত্রে, করবর্ষের মধ্যে দাখিলকৃত রিটার্ন স্বনির্ধারণী পদ্ধতিতে নিষ্পত্তি হবে এবং করবর্ষ অতিক্রান্ত হওয়ার পরবর্তীকালে যখনই রিটার্ন দাখিল করা হোক না কেন উপকর কমিশনার তা নিষ্পত্তি করবেন।

যেখানে রিটার্ন দাখিল করতে হয়

নিম্নোক্ত বিশেষ আদেশে উল্লিখিত ক্ষেত্র ব্যতীত সকল স্বাভাবিক ব্যক্তি করদাতার জন্য অনলাইনে রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা হয়েছে। অনলাইনে রিটার্ন দাখিলের ক্ষেত্রে https://etaxnbr.gov.bd ওয়েবসাইট ব্যবহার করে দাখিল করতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

www.nbr.gov.bd

পত্র নম্বর-০৮.০১.০০০০.০৩০.০১১.০০৩.১২/৮৪ তারিখ: ১৪ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিশেষ আদেশ নং-১/২০২৬

বিষয়: স্বাভাবিক ব্যক্তি (Individual) করদাতাগণের অনলাইনে আয়কর রিটার্ন দাখিল সংক্রান্ত বিশেষ আদেশ।

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৩২৮ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, এই আদেশ দ্বারা, নিম্নোক্ত ক্ষেত্র ব্যতীত সকল স্বাভাবিক ব্যক্তি (individual) করদাতার অনলাইনে (www.etaxnbr.gov.bd) আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক করিল:

(ক) ৬৫ (পঁয়ষট্টি) বছর বা তদূর্ধ্ব বয়সের প্রবীণ করদাতা;

(খ) শারীরিকভাবে অসমর্থ বা বিশেষ চাহিদাসম্পন্ন করদাতা (সনদপত্র দাখিল সাপেক্ষে);

(গ) বিদেশে অবস্থানরত বাংলাদেশি করদাতা;

(ঘ) মৃত করদাতার পক্ষে প্রতিনিধি; এবং

(ঙ) বাংলাদেশে কর্মরত বিদেশি নাগরিকগণ।

তবে শর্ত থাকে যে, উপর্যুক্ত (ক), (খ), (গ), (ঘ) ও (ঙ) এ উল্লিখিত করদাতাগণ ইচ্ছাপোষণ করিলে অনলাইনে আয়কর রিটার্ন দাখিল করিতে পারিবেন।

২। ই-রিটার্ন সিস্টেমে নিবন্ধন সংক্রান্ত সমস্যার কারণে উপরে উল্লিখিত করদাতাগণ ব্যতীত অন্য যেকোনো স্বাভাবিক ব্যক্তি (individual) করদাতা অনলাইনে আয়কর রিটার্ন দাখিলে সমর্থ না হইলে, সংশ্লিষ্ট উপকর কমিশনারের নিকট সুনির্দিষ্ট যৌক্তিকতাসহ আবেদন করিলে সংশ্লিষ্ট অতিরিক্ত কর কমিশনার/যুগ্মকর কমিশনারের অনুমোদনক্রমে উক্ত করদাতা পেপার রিটার্ন দাখিল করিতে পারিবেন।

স্বাক্ষরিত/-

২৮/০৬/২০২৬ খ্রি.

মোঃ আবদুর রহমান খান
এফসিএমএ
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড
জাতীয় রাজস্ব বোর্ড

উপর্যুক্ত আদেশ অনুযায়ী যে সকল করদাতার পেপার রিটার্ন অথবা অনলাইনে রিটার্ন দাখিলের সুযোগ রয়েছে সে সকল করদাতা টিআইএন সনদে উল্লেখিত অধিক্ষেত্র বা সার্কেলে অথবা অনলাইনে (www.etaxnbr.gov.bd) রিটার্ন দাখিল করবেন। সার্কেলে রিটার্ন দাখিলের ক্ষেত্রে আয়কর অফিস থেকে বিনামূল্যে রিটার্ন ফরম সংগ্রহ করা যাবে। এছাড়াও, জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট (nbr.gov.bd) থেকে রিটার্ন ফরম ডাউনলোড (download) করা যাবে। রিটার্ন দাখিলের সময় করদাতা বিদেশে অবস্থান করলে বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসেও রিটার্ন দাখিল করতে পারবেন।

রিটার্ন দাখিল না করার পরিণাম

নির্দিষ্ট তারিখের মধ্যে রিটার্ন দাখিল না করলে নিম্নবর্ণিত বিষয়াদির মুখোমুখি হবার সম্ভাবনা রয়েছে, যেমন-

ক। ধারা ২৬৬ অনুসারে জরিমানা;

খ। ১৭৪ ধারা অনুসারে অতিরিক্ত কর পরিশোধ;

গ। ইউটিলিটি সার্ভিস (গ্যাস, বিদ্যুৎ প্রভৃতি) এর সংযোগ বিচ্ছিন্ন হওয়া;

ঘ। বেতন-ভাতাদি প্রাপ্তিতে জটিলতা ইত্যাদি।

দ্বিতীয় ভাগ

স্বাভাবিক ব্যক্তি করদাতার রিটার্ন

কর নির্ধারণ পদ্ধতি ও রিটার্নের প্রকারভেদ

স্বাভাবিক ব্যক্তি করদাতাগণ কর নির্ধারণের জন্য সংশ্লিষ্ট করবর্ষের ০১ জুলাই হতে ৩০ জুন তারিখ পর্যন্ত স্বনির্ধারণী পদ্ধতিতে নিষ্পত্তির জন্য রিটার্ন দাখিল করবেন। এছাড়া করবর্ষ অতিক্রান্ত হওয়ার পরবর্তীকালে যখনই রিটার্ন দাখিল করুন না কেন উপকর কমিশনার তা নিষ্পত্তি করবেন। তবে আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৭০ক এর উপধারা (৫) অনুযায়ী প্রত্যর্পণ সৃষ্টি হলে স্বাভাবিক ব্যক্তি করদাতা স্বনির্ধারণী পদ্ধতিতে নিষ্পত্তির জন্য রিটার্ন দাখিল করলেও তা উপকর কমিশনার শুনানির মাধ্যমে নিষ্পত্তি করবেন।

https://etaxnbr.gov.bd ওয়েবসাইট ব্যবহার করে যেকোনো স্বাভাবিক ব্যক্তি করদাতা অনলাইনে রিটার্ন দাখিল করতে পারবেন। স্বাভাবিক ব্যক্তি করদাতাদের রিটার্ন দাখিলের জন্য দু'টি রিটার্ন রয়েছে, যথা:

অ। আইটি ঘ (২০২৩)

আ। আইটি-১১গ (২০২৩)

তবে, সকল শ্রেণির করদাতা আয়কর বিধিমালা, ১৯৮৪ এর অধীন প্রচলিত রিটার্নে প্রয়োজনীয় সংশোধনী আনয়নপূর্বক রিটার্ন দাখিল করতে পারবেন। যেমন, ব্যক্তি করদাতার জন্য রিটার্ন- আইটি ১১গ, আইটি ১১গ ২০১৬, কোম্পানি এর জন্য রিটার্ন- আইটি ১১ঘ ইত্যাদি।

রিটার্ন- আইটি ঘ (২০২৩)

আইটি ঘ (২০২৩) একটি এক পাতার রিটার্ন। এটি সবচেয়ে সহজ ও সংক্ষিপ্ত রিটার্ন। যদি কোনো করদাতা নিম্নবর্ণিত সকল মানদণ্ড পূরণ করেন তবে তিনি এক পাতার আইটি ঘ (২০২৩) রিটার্নটি ব্যবহারের যোগ্য হবেন, যথা:-

ক্রমিক নং	শর্তাবলি
১।	করযোগ্য আয়ের পরিমাণ ৫,০০,০০০ টাকার অধিক নয়
২।	মোট পরিসম্পদের পরিমাণ ৫০,০০,০০০ টাকার অধিক নয়
৩।	কোনো মোটরযানের মালিক নন
৪।	সিটি কর্পোরেশন এলাকায় কোনো গৃহ-সম্পত্তি বা অ্যাপার্টমেন্টের মালিক নন
৫।	বাংলাদেশের বাহিরে কোনো পরিসম্পদের মালিক নন
৬।	কোনো কোম্পানির শেয়ারহোল্ডার পরিচালক নন

এই রিটার্নে কেবল নিম্নবর্ণিত তথ্যাদি দিলেই রিটার্নটি সম্পন্ন হবে, যথা:-

১। আয়ের উৎস

২। মোট পরিসম্পদ

৩। মোট আয়

৪। আরোপযোগ্য কর

৫। কর রেয়াত

৬। প্রদেয় কর

৭। উৎসে পরিশোধিত কর

৮। রিটার্নের সাথে পরিশোধিত কর

৯। জীবনযাপন সংশ্লিষ্ট ব্যয়।

রিটার্ন- আইটি-১১গ (২০২৩)

আইটি ১১গ (২০২৩) রিটার্নটি কেবলমাত্র স্বাভাবিক ব্যক্তি করদাতাদের জন্য প্রযোজ্য। এই রিটার্ন দাখিল করা হলে করদাতার কর নির্ধারণ স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন হয়েছে বলে গণ্য হবে। এই রিটার্নের মাধ্যমে একজন করদাতা নিম্নোক্ত বিষয়াদি উপস্থাপন করবেন, যথা:-

(অ) সকল প্রকার আয়ের খাতভিত্তিক বিবরণী ও মোট আয় নির্ধারণ;

(আ) আয়কর এবং প্রত্যর্পণ নির্ধারণ;

(ই) জীবন-যাপন সম্পর্কিত সকল প্রকার ব্যয়ের বিবরণ;

(ঈ) বাংলাদেশে এবং বাংলাদেশের বাইরে অবস্থিত সকল পরিসম্পদের বিস্তারিত বিবরণ।

আয় কী?

আয় অর্থে নিম্নোক্ত বিষয়াদি অন্তর্ভুক্ত, যথা:-

(অ) যেকোনো উৎস হতে উদ্ভূত আয়, প্রাপ্তি, মুনাফা বা অর্জন এবং উক্তরূপ আয়, মুনাফা বা অর্জন সংশ্লিষ্ট কোনো ক্ষতি;

(আ) আয় হিসাবে গণ্য বা বিবেচিত যেকোনো অর্থ, অথবা বাংলাদেশে উদ্ভূত, সৃষ্ট বা প্রাপ্ত যেকোনো আয় অথবা উপচিত, উদ্ভূত, সৃষ্ট বা প্রাপ্ত হিসাবে বিবেচিত যেকোনো অর্থ;

(ই) কর আরোপ করা হয় এইরূপ যেকোনো পরিমাণ অর্থ, পরিশোধ বা লেনদেন;

(ঈ) কোনো পরিসম্পদের অর্জন যা-

  (ক) প্রাকৃতিক নয়;

  (খ) কোনো ব্যক্তির স্বীয় সৃষ্টি নয়;

  (গ) দায় বা বন্ধকের বিপরীতে অধিগ্রহণ নয়;

  (ঘ) উত্তরাধিকার, উইল, অছিয়ত বা ট্রাস্টমূলে অর্জিত নয়;

  (ঙ) বিনিময় বা ক্রয়মূলে অর্জিত নয়।

আয়ের খাতসমূহ

একজন করদাতার সকল প্রকার আয়কে নিম্নবর্ণিত সাতটি খাতে বিভক্ত করা হয়েছে, যথা:-

(ক) চাকরি হতে আয়;

(খ) ভাড়া হতে আয়;

(গ) কৃষি হতে আয়;

(ঘ) ব্যবসা বা পেশা হতে আয়;

(ঙ) মূলধনি আয়;

(চ) আর্থিক পরিসম্পদ হতে আয়; এবং

(ছ) অন্যান্য উৎস হতে আয়।

মোট আয়

সকল খাতের আয় যোগ করে মোট আয় নির্ধারণ করতে হবে এবং উক্তরূপ মোট আয়ের উপর প্রদেয় কর পরিগণনা করতে হবে। একজন করদাতা আইটি ১১গ (২০২৩) রিটার্নের নিম্নবর্ণিত অংশে খাতভিত্তিক আয়ের বিবরণ এবং মোট আয় নির্ধারণ করতে পারবেন, যথা:

	মোট আয়ের বিবরণী	টাকার পরিমাণ
১	চাকরি হতে আয়	
২	ভাড়া হতে আয়	
৩	কৃষি হতে আয়	
৪	ব্যবসা বা পেশা হতে আয়	
৫	মূলধনি আয়	
৬	আর্থিক পরিসম্পদ হতে আয় (ব্যাংক সুদ/মুনাফা, লভ্যাংশ, সঞ্চয়পত্র মুনাফা, সিকিউরিটিজ ইত্যাদি)	
৭	অন্যান্য উৎস হতে আয় (রয়্যালটি, লাইসেন্স ফি, সম্মানী, ফি, সরকার প্রদত্ত নগদ ভর্তুকি ইত্যাদি)	
৮	ফার্ম বা ব্যক্তিসংঘের আয়ের অংশ	
৯	অপ্রাপ্ত বয়স্ক সন্তান, স্ত্রী বা স্বামীর আয় (করদাতা না হইলে)	
১০	বিদেশে উদ্ভূত করযোগ্য আয়	
১১	মোট আয় (ক্রমিক ১ হতে ১০ এর সমষ্টি)	

ফার্ম বা ব্যক্তিসংঘ হতে প্রাপ্ত আয় মোট আয়ের অন্তর্ভুক্ত হবে কিনা

কোনো স্বাভাবিক ব্যক্তি করদাতা যদি ফার্ম বা ব্যক্তিসংঘ হতে আয় প্রাপ্ত হন তবে তিনি উক্তরূপ আয় তার মোট আয়ের অন্তর্ভুক্ত করবেন এবং পরবর্তীতে তিনি নিয়মানুযায়ী গড়করণের মাধ্যমে উক্তরূপ আয়ের জন্য কর রেয়াত প্রাপ্ত হবেন।

স্বামী/স্ত্রী বা অপ্রাপ্তবয়স্ক সন্তানের আয় করদাতার মোট আয়ের অন্তর্ভুক্ত হবে কিনা

যেক্ষেত্রে স্বামী/স্ত্রী বা অপ্রাপ্তবয়স্ক সন্তান করদাতা নয় কিন্তু তাদের আয় রয়েছে সেক্ষেত্রে উক্ত আয় স্বামী/স্ত্রী যিনি করদাতা তার রিটার্নে মোট আয়ের অন্তর্ভুক্ত হবে।

আয়কর পরিগণনার নিয়ম

প্রথমে মোট আয় নিরূপণ করতে হবে। এরপর মোট আয়ের উপর বিভিন্ন ধাপ অনুযায়ী করদায় নিরূপণ করতে হবে। নিরূপিত গ্রস করদায় হতে বিনিয়োগজনিত কর রেয়াত বাদ দিয়ে প্রদেয় করদায় নির্ধারণ করতে হবে। নিম্নে স্বাভাবিক ব্যক্তি করদাতার (Individual taxpayers) ক্ষেত্রে ২০২৬-২৭ করবর্ষের জন্য প্রযোজ্য করহার উপস্থাপন করা হলো, যথা:-

মোট আয়	হার
(ক) প্রথম ৪,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য
(খ) পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১০%
(গ) পরবর্তী ৪,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১৫%
(ঘ) পরবর্তী ৫,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	২০%
(ঙ) পরবর্তী ২০,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	২৫%
(চ) অবশিষ্ট মোট আয়ের উপর	৩০%

তবে শর্ত থাকে যে,

(ক) মহিলা করদাতা এবং ৬৫ বৎসর বা তদূর্ধ্ব বয়সের করদাতার করমুক্ত আয়ের সীমা ৪,৫০,০০০ টাকা;

(খ) তৃতীয় লিঙ্গের করদাতা এবং প্রতিবন্ধী স্বাভাবিক ব্যক্তি করদাতার করমুক্ত আয়ের সীমা ৫,২৫,০০০ টাকা;

(গ) গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং জুলাই গণঅভ্যুত্থান ২০২৪ এ আহত গেজেটভুক্ত জুলাই যোদ্ধা করদাতার করমুক্ত আয়ের সীমা ৫,৫০,০০০ টাকা;

(ঘ) কোনো প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের প্রত্যেক প্রতিবন্ধী সন্তান/পোষ্যের জন্য করমুক্ত আয়ের সীমা ৫০,০০০ টাকা অধিক হবে; প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হলে যেকোনো একজন এই সুবিধা ভোগ করবেন।

কর রেয়াত

কর রেয়াত হচ্ছে এক ধরণের কর অব্যাহতি। কোনো করদাতার গ্রস করদায়ের বিপরীতে আইনানুযায়ী ছাড় প্রাপ্তির বিষয়টি হচ্ছে কর রেয়াত। কর রেয়াত প্রাপ্তির পূর্বশর্ত হচ্ছে করদাতার করদায় থাকতে হবে। অর্থাৎ যেক্ষেত্রে করদাতার কোনো প্রকার করদায় নেই সেক্ষেত্রে করদাতা কোনো প্রকার কর রেয়াত প্রাপ্ত হবেন না। যেক্ষেত্রে করদাতার করদায় অপেক্ষা করদাতা কর্তৃক দাবীকৃত আইনানুগ কর রেয়াতের পরিমাণ বেশি সেক্ষেত্রে ন্যূনতম করদায় পরিশোধ সাপেক্ষে রেয়াতের পরিমাণ সমন্বয় হবে।

রিটার্নের নিম্নবর্ণিত অংশে কর রেয়াত দাবীপূর্বক প্রদেয় কর নির্ধারণ করতে হবে, যথা:-

১২	মোট কর পরিগণনাযোগ্য আয়ের উপর আরোপযোগ্য আয়কর	
১৩	কর রেয়াত	
১৪	রেয়াত-পরবর্তী প্রদেয় করদায় (১২-১৩)	
১৫	ন্যূনতম কর	
১৬	প্রদেয় কর (ক্রমিক ১৪ ও ক্রমিক ১৫ এর মধ্যে যাহা অধিক)	

১৭	(ক) নিট পরিসম্পদের জন্য প্রদেয় সারচার্জ (প্রযোজ্য ক্ষেত্রে)		
	(খ) পরিবেশ সারচার্জ (প্রযোজ্য ক্ষেত্রে)		
১৮	জরিমানা অথবা আয়কর আইনের অধীন প্রদেয় অন্য কোনো অঙ্ক (যদি থাকে)		
১৯	মোট প্রদেয় কর (১৬+১৭+১৮)		

কর রেয়াতযোগ্য বিনিয়োগের সারণী

কর রেয়াত প্রাপ্তির ক্ষেত্রে রিটার্নে প্রদর্শনের নিমিত্ত বিনিয়োগের সারণী নিম্নরূপ:

১	বাংলাদেশে পরিশোধিত জীবন বিমা পলিসির প্রিমিয়াম বা চুক্তিভিত্তিক "Deffered Annuity"	
২	Provident Fund Act, 1925 এর বিধানাবলি প্রযোজ্য এইরূপ যেকোনো তহবিলে করদাতার চাঁদা	
৩	করদাতা ও তাহার নিয়োগকর্তা কর্তৃক অনুমোদিত ভবিষ্য তহবিলে প্রদত্ত চাঁদা	
৪	অনুমোদিত বার্ধক্য তহবিলে প্রদত্ত চাঁদা	
৫	সরকারী সিকিউরিটিজে অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা বিনিয়োগ	
৬	ইউনিট সার্টিফিকেট, মিউচুয়াল ফান্ড, ইটিএফ অথবা যৌথ বিনিয়োগ স্কিম ইউনিট সার্টিফিকেটে নতুন বিনিয়োগ	
৭	ডিপোজিট পেনশন/ মাসিক সঞ্চয় স্কিমে প্রদত্ত চাঁদা যা অনধিক ১ (এক) লক্ষ ২০ (বিশ) হাজার টাকা	
৮	সর্বজনীন পেনশন স্কিমে প্রদেয় যে কোন পরিমাণ চাঁদা	
৯	অনুমোদিত স্টক এক্সচেঞ্জের সহিত তালিকাভুক্ত কোনো সিকিউরিটিজে নতুন বিনিয়োগ	
১০	কোনো দাতব্য হাসপাতাল বা প্রতিবন্ধী ব্যক্তিগণের কল্যাণে স্থাপিত সংগঠনকে করদাতা কর্তৃক দান	
১১	যাকাত তহবিলে প্রদত্ত চাঁদা বা দান	
১২	কল্যাণ তহবিলে/গোষ্ঠী বিমা তহবিলে প্রদত্ত চাঁদা	
১৩	বোর্ড কর্তৃক অনুমোদিত জনকল্যাণমূলক বা শিক্ষামূলক প্রতিষ্ঠানে অনুদান	
১৪	অন্যান্য, যদি থাকে (বিবরণ দিন)	
১৫	মোট বিনিয়োগ (ক্রমিক ১ হতে ক্রমিক ১০ পর্যন্ত যোগফল)	
১৬	কর রেয়াতের পরিমাণ	

তবে শর্ত থাকে যে, বিনিয়োগজনিত কর রেয়াত প্রাপ্যতার ক্ষেত্রে বিনিয়োগের পূর্ণ মেয়াদকাল বিবেচিত হবে, অর্থাৎ মেয়াদ পূর্তির আগে বিনিয়োগ নগদায়ন করা যাবে না, এর পূর্বে উক্ত বিনিয়োগ নগদায়ন করলে নগদায়ন সংশ্লিষ্ট অর্থবৎসরে গৃহীত রেয়াতের অংশ অতিরিক্ত কর হিসাবে পরিশোধযোগ্য হবে।

আয়কর যেভাবে পরিশোধ করতে হবে

এ-চালানের মাধ্যমে কর পরিশোধ করতে হবে। একজন করদাতা যে কর অঞ্চলের অধীন সে কর অঞ্চলের জন্য নির্ধারিত কোডে করদাতাকে এ-চালানের মাধ্যেমে কর পরিশোধ করতে হবে। সরাসরি ব্যাংকে গিয়ে অথবা মোবাইল ব্যাংকিং (নগদ, বিকাশ, রকেট ইত্যাদি), ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ইত্যাদি ব্যবহার করে এ-চালানের মাধ্যমে কর পরিশোধ করা যায়। এছাড়াও প্রযোজ্য ক্ষেত্রে করদাতাকে আইনানুযায়ী উৎসে কর পরিশোধ করতে হবে।

কর প্রত্যর্পণ

কোনো করবর্ষে করদাতা কর্তৃক পরিশোধিত করের পরিমাণ তার প্রদেয় কর অপেক্ষা অতিরিক্ত হলে করদাতা রাষ্ট্রের নিকট হতে উক্তরূপ পরিশোধিত অতিরিক্ত কর পরবর্তী করবছরে সমন্বয় বা ফেরত দাবী করতে পারবেন। এরূপ পরিশোধিত অতিরিক্ত কর ফেরতের দাবী কর প্রত্যর্পণ নামে অভিহিত।

যে সকল স্বাভাবিক ব্যক্তি করদাতার শুধু চাকরি, আর্থিক পরিসম্পদ ও কৃষি থেকে আয় আছে, তাদের দাখিলকৃত রিটার্নে কর প্রত্যর্পণ (রিফান্ড) দাবি সৃষ্টি হলে উপকর কমিশনার রিটার্ন প্রসেস করে করদাতার কর প্রত্যর্পণের পরিমাণ নির্ধারণ করবেন। এছাড়া অন্যান্য ক্ষেত্রে কর প্রত্যর্পণ সৃষ্টি হলে উপকর কমিশনার শুনানি গ্রহণের মাধ্যমে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করবেন।

এভাবে চূড়ান্তরূপে কর প্রত্যর্পণ সৃষ্টি হলে করদাতা স্বয়ংক্রিয়ভাবে কর প্রত্যর্পণ পাবেন অথবা উক্ত প্রত্যর্পণযোগ্য কর করদাতা পরবর্তী করবর্ষে জের টানতে পারবেন এবং উদ্ভূত করদায়ের সাথে সমন্বয় করতে পারবেন।

জীবনযাপন সংশ্লিষ্ট ব্যয়ের বিবরণী (আইটি-১০ বিবি (২০২৩))

করদাতাকে রিটার্ন আইটি ১১গ (২০২৩) এ জীবনযাপন সংশ্লিষ্ট ব্যয়ের বিবরণী দাখিল করতে হয়। উক্ত বিবরণীতে করদাতার খাতভিত্তিক ব্যয়সমূহ উল্লেখ করতে হবে এবং যেক্ষেত্রে এ ধরণের ব্যয়ের কোনো অংশ পরিবারের অন্য কেউ বহন করে সেক্ষেত্রে তা মন্তব্যের কলামে উল্লেখ করা যেতে পারে। রিটার্নের জীবনযাপন সংশ্লিষ্ট ব্যয়ের বিবরণী নিম্নরূপ:

ক্রমিক	ব্যয়ের বিবরণ (বার্ষিক)	পরিমাণ	মন্তব্য
১	ব্যক্তিগত ও পরিবারের ভরণপোষণ খরচ		
২	আবাসন সংক্রান্ত ব্যয়		
৩	ব্যক্তিগত যানবাহন সংক্রান্ত ব্যয়		
৪	ইউটিলিটি সংক্রান্ত ব্যয় (বিদ্যুৎ বিল, গ্যাস, পানি, টেলিফোন, মোবাইল, ইন্টারনেট ইত্যাদি)		
৫	শিক্ষা ব্যয়		
৬	নিজ খরচে দেশে ও বিদেশ ভ্রমণ, অবকাশ ইত্যাদি সংক্রান্ত ব্যয়		

৭	উৎসব ও অন্যান্য বিশেষ ব্যয়		
৮	উৎসে কর্তিত/সংগৃহীত কর (সঞ্চয়পত্রের মুনাফার উপর কর্তিত করসহ) ও বিগত বৎসরে রিটার্নের ভিত্তিতে প্রদত্ত আয়কর ও সারচার্জ		
৯	প্রাতিষ্ঠানিক ও অন্যান্য উৎস হতে গৃহিত ব্যক্তিগত ঋণের সুদ পরিশোধ		
	মোট		

পরিসম্পদ, দায় ও ব্যয় বিবরণী (আইটি ১০বি) (২০২৩))

রিটার্ন আইটি ১১গ (২০২৩) এর আইটি ১০বি (২০২৩) অংশে করদাতার পরিসম্পদ, দায় ও ব্যয় বিবরণী রয়েছে। যে সকল স্বাভাবিক ব্যক্তি করদাতা নিম্নবর্ণিত শর্তাদি পূরণ করবেন তাদেরকে এই পরিসম্পদ, দায় ও ব্যয় বিবরণী বাধ্যতামূলকভাবে দাখিল করতে হবে, যথা:-

ক। করদাতা যদি গণকর্মচারী হন;

খ। করদাতার দেশে ও বিদেশে অবস্থিত মোট পরিসম্পদের মূল্য ৫০,০০,০০০ টাকার অধিক হলে;

গ। করদাতার মোট পরিসম্পদের মূল্য ৫০,০০,০০০ টাকার কম অথচ আয়বর্ষের কোনো সময় মোটরযানের মালিক ছিলেন অথবা সিটি কর্পোরেশন এলাকার মধ্যে গৃহসম্পত্তি বা অ্যাপার্টমেন্টে বিনিয়োগ করেছেন অথবা বিদেশে কোনো পরিসম্পদের মালিক হয়েছেন অথবা কোনো কোম্পানির শেয়ারহোল্ডার পরিচালক হয়েছেন।

আইটি ১০বি (২০২৩) এ নিম্নরূপে মোট পরিসম্পদ পরিগণনা করতে হবে, যথা:-

১। অর্জিত তহবিলসমূহ -

(ক) রিটার্নে প্রদর্শিত মোট আয় (মোট আয়ের বিবরণীর ১১নং ক্রমিক অনুযায়ী) টাকা ...

(খ) কর অব্যাহতি প্রাপ্ত আয় টাকা ...

(গ) দান গ্রহণ/অন্যান্য প্রাপ্তি টাকা ...

মোট অর্জিত তহবিল টাকা ...

২। বিগত আয়বর্ষের শেষ তারিখের নিট সম্পদ টাকা ...

৩। অর্জিত তহবিল ও বিগত আয়বর্ষের শেষ তারিখের নিট সম্পদের যোগফল (১+২) টাকা ...

৪। (ক) জীবনযাপন সংশ্লিষ্ট ব্যয়: [ফরম নং আইটি-১০বিবি অনুযায়ী মোট খরচ] টাকা ...

(খ) আইটি ১০বিবি তে উল্লিখিত হয় নাই এইরূপ দান/ব্যয়/ক্ষতি টাকা ...

মোট ব্যয় ও ক্ষতি টাকা ...

৫। এই আয়বর্ষের শেষ তারিখের নিট সম্পদ (৩-৪) টাকা ...

৬। ব্যক্তিগত দায়সমূহ (ব্যবসায় বহির্ভূত)

(ক) প্রাতিষ্ঠানিক দায় টাকা ...

(খ) অপ্রাতিষ্ঠানিক দায় টাকা ...

(গ) অন্যান্য দায় টাকা ...

ব্যবসায় বহির্ভূত মোট দায় টাকা ...

৭। মোট পরিসম্পদ (ক্রমিক ৫ ও ক্রমিক ৬ এর যোগফল) টাকা ...

মোট পরিসম্পদের অর্থ হচ্ছে করদাতার বাংলাদেশের ভিতরে এবং বাংলাদেশের বাইরে অবস্থিত মোট পরিসম্পদ। করদাতাকে রিটার্নের নিম্নবর্ণিত ছকে মোট পরিসম্পদের বর্ণনা দিতে হবে, যথা:-

৮। বাংলাদেশে অবস্থিত পরিসম্পদের খাতভিত্তিক বিবরণ (প্রযোজ্য সকল ক্ষেত্রে পৃথক পৃথক বিবরণী সংযুক্ত করুন)

(ক)	ব্যবসার মোট পরিসম্পদ	টাকা	...		
	(বিয়োগ) ব্যবসায়িক দায় (প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক)	টাকা	...		
	ব্যবসার মূলধন (পরিসম্পদ ও দায়ের পার্থক্য)			টাকা	...
(খ)	পরিচালক হিসাবে লিমিটেড কোম্পানিতে শেয়ার বিনিয়োগ			টাকা	...
(গ)	অংশীদারী ফার্মের মূলধনের জের			টাকা	...
(ঘ)	অ-কৃষি সম্পত্তি/জমি/গৃহ সম্পত্তি (আইন সম্মত ব্যয়সহ ক্রয়মূল্য/অর্জনমূল্য/ নির্মাণ ব্যয়/বিনিয়োগ)			টাকা	...
	অকৃষি সম্পত্তির অবস্থান ও বিবরণ উল্লেখ করুন (প্রয়োজনে পৃথক কাগজে)				
(ঙ)	কৃষি সম্পত্তি (আইন সম্মত ব্যয়সহ ক্রয়মূল্য/অর্জনমূল্য)			টাকা	...
	মোট জমির পরিমাণ ও জমির অবস্থান উল্লেখ করুন (প্রয়োজনে পৃথক কাগজে)				
(চ)	আর্থিক পরিসম্পদসমূহ				
	(অ) শেয়ার/ডিবেঞ্চার/বন্ড/সিকিউরিটিজ /ইউনিট সার্টিফিকেট ইত্যাদি	টাকা	...		
	(আ) সঞ্চয়পত্র/ডিপোজিট পেনশন স্কিম	টাকা	...		
	(ই) ঋণ প্রদান (ঋণ গ্রহণকারীর নাম ও এনআইডি উল্লেখ করুন)	টাকা	...		
	(ঈ) সঞ্চয়ী/মেয়াদি আমানত	টাকা	...		
	(উ) প্রভিডেন্ট ফান্ড বা অন্যান্য ফান্ড (যদি থাকে)	টাকা	...		
	(ঊ) অন্যান্য বিনিয়োগ	টাকা	...		
	মোট আর্থিক পরিসম্পদ			টাকা	...
(ছ)	মোটর যান (রেজিস্ট্রেশন খরচসহ ক্রয়মূল্য) মোটর যানের প্রকৃতি ও রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ করুন			টাকা	...

	(জ)	অলংকারাদি (পরিমাণ উল্লেখ করুন)		টাকা	...
	(ঝ)	আসবাবপত্র ও ইলেক্ট্রনিক সামগ্রী		টাকা	...
	(ঞ)	অন্যান্য পরিসম্পদ (ক্রমিক (ট) এ বর্ণিত সম্পদ ব্যতীত) (বিবরণ দিন)		টাকা	...
	(ট)	ব্যবসা বহির্ভূত নগদ অর্থ ও তহবিল			
		(অ) ব্যাংকে গচ্ছিত অর্থ	টাকা ...		
		(আ) হাতে নগদ	টাকা ...		
		(ই) অন্যান্য অর্থ	টাকা ...		
		মোট ব্যবসা বহির্ভূত নগদ অর্থ ও তহবিল		টাকা	...
		বাংলাদেশে অবস্থিত মোট পরিসম্পদ		টাকা	...
৯।	বাংলাদেশের বাহিরে অবস্থিত পরিসম্পদ (প্রযোজ্যতা অনুসারে)			টাকা	...
১০।	বাংলাদেশে অবস্থিত ও বাংলাদেশের বাহিরে অবস্থিত মোট পরিসম্পদ (৮+৯)			টাকা	...

প্রতিপাদন

করদাতা কর্তৃক দাখিলকৃত রিটার্নের প্রতিটি অংশ করদাতা কর্তৃক প্রতিপাদিত ও স্বাক্ষরিত হতে হবে।

রিটার্ন প্রস্তুতের জন্য প্রয়োজনীয় প্রমাণাদি/তথ্যাদি/দলিলাদি

রিটার্ন প্রস্তুতের জন্য প্রয়োজনীয় প্রমাণাদি/তথ্যাদি/দলিলাদি এর একটি সম্ভাব্য তালিকা নিচে দেয়া হলো:

(ক) চাকরি হতে আয়

(অ) বেতন বিবরণী;

(আ) ব্যাংক হিসাব থাকলে কিংবা ব্যাংক সুদ খাতে আয় থাকলে ব্যাংক বিবরণী বা ব্যাংক সার্টিফিকেট;

(ই) বিনিয়োগ রেয়াত দাবী থাকলে তার সমর্থনে প্রমাণাদি। যেমন, জীবন বিমার পলিসি থাকলে প্রিমিয়াম পরিশোধের প্রমাণ।

(খ) ভাড়া হতে আয়

(অ) বাড়ী ভাড়ার সমর্থনে ভাড়ার চুক্তিনামা বা ভাড়ার রশিদের কপি, মাসভিত্তিক বাড়ী ভাড়া প্রাপ্তির বিবরণ এবং প্রাপ্ত বাড়ী ভাড়া জমা সংশ্লিষ্ট ব্যাংক হিসাব বিবরণী;

(আ) পৌর কর, সিটি কর্পোরেশন কর, ভূমি রাজস্ব প্রদানের সমর্থনে রশিদের কপি;

(ই) ব্যাংক ঋণের মাধ্যমে বাড়ী কেনা বা নির্মাণ করা হয়ে থাকলে ঋণের সুদের সমর্থনে ব্যাংক বিবরণী ও সার্টিফিকেট;

(ঈ) গৃহ-সম্পত্তি বিমাকৃত হলে বিমা প্রিমিয়ামের রশিদের কপি;

(উ) শূন্যতা ভাতা দাবী করলে তার সমর্থনে বিদ্যুৎ বিলের কপি;

(ঊ) অন্যান্য ভাড়ার ক্ষেত্রে ভাড়ার প্রাপ্তি ও ব্যয়ের সমর্থনে দলিলাদির কপি।

(গ) কৃষি হতে আয়

(অ) বর্গা বা ভাগের ক্ষেত্রে প্রয়োজনীয় দলিলাদির কপি;

(আ) যেক্ষেত্রে করদাতা গ্রস প্রাপ্তির ৬০ শতাংশের অধিক খরচ দাবী করেন সেক্ষেত্রে উক্তরূপ দাবীর সমর্থনে প্রয়োজনীয় দলিলাদির কপি।

(ঘ) ব্যবসা হতে আয়

ব্যবসা বা পেশার আয়-ব্যয়ের বিবরণী (Income Statement) ও স্থিতিপত্র (Balance Sheet) এবং ব্যাংক বিবরণীসহ অন্যান্য প্রমাণকসমূহ।

(ঙ) মূলধনি আয়

(অ) স্থাবর সম্পত্তি বিক্রয়/হস্তান্তর হলে তার দলিলের কপি;

(আ) উৎসে আয়কর জমা হলে তার চালানের কপি;

(ই) পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানির শেয়ার লেনদেন থেকে মুনাফা হলে এ সংক্রান্ত প্রত্যয়ন পত্র।

(চ) আর্থিক পরিসম্পদ হতে আয়

(অ) সিকিউরিটিজ স্ক্রিপ্টেড হলে তার কপি এবং স্ক্রিপ্টলেস হলে তার হিসাবের সমর্থনে বিবরণী;

(আ) সুদ আয় থাকলে সুদ প্রদানকারী কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র;

(ই) প্রাতিষ্ঠানিক ঋণ নিয়ে বন্ড বা ডিবেঞ্চার কেনা হয়ে থাকলে ঋণের সুদের সমর্থনে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষের সার্টিফিকেট/ব্যাংক বিবরণী বা প্রাতিষ্ঠানিক প্রত্যয়ন পত্র;

(ঈ) নগদ লভ্যাংশ খাতে আয় থাকলে ব্যাংক বিবরণী, ডিভিডেন্ড ওয়ারেন্টের কপি বা সার্টিফিকেট;

(উ) সঞ্চয়পত্র হতে সুদ আয় থাকলে সঞ্চয়পত্র নগদায়নের সময় বা সুদ প্রাপ্তির সময় নেয়া সার্টিফিকেটের কপি;

(ঊ) ব্যাংক সুদ আয় থাকলে ব্যাংক বিবরণী/সার্টিফিকেট।

(ছ) অন্যান্য উৎসের আয়ের খাত

আয়ের উৎসের সমর্থনে প্রাসঙ্গিক কাগজপত্র।

(জ) অংশীদারী ফার্মের আয়

ফার্মের আয়-ব্যয়ের বিবরণী (Income Statement) ও স্থিতিপত্র (Balance Sheet).

আয়কর পরিশোধের প্রমাণ (উৎসে কর কর্তনসহ)

(ক) সকল প্রকার কর ও উৎসে কর অটোমেটেড চালান (এ-চালান) বা ই-পেমেন্টের মাধ্যমে পরিশোধ করতে হবে।

(খ) যেকোনো খাতের আয় হতে উৎসে আয়কর পরিশোধ করা হলে কর কর্তনকারী কর্তৃপক্ষ প্রত্যেক করদাতা যাদের বিলের বিপরীতে উৎসে কর কর্তন করা হয়েছে তাদের বরাবরে ই-পেমেন্ট চালান বা ক্ষেত্রমত এ-চালানসহ প্রত্যয়নপত্র প্রদান করবেন।

সংশোধিত রিটার্ন দাখিল

স্বনির্ধারণী রিটার্ন দাখিলের পর যদি করদাতার নিকট প্রতীয়মান হয় যে, নিম্নবর্ণিত ক্ষেত্রে তার প্রদেয় কর সঠিকভাবে পরিগণিত হয়নি বা সঠিক অঙ্কে পরিশোধিত হয়নি বা রিটার্নে কোনো তথ্য সঠিকভাবে প্রতিফলিত হয়নি, তাহলে তিনি সংশোধিত রিটার্ন দাখিল করতে পারবেন, যথা:

(ক) প্রদর্শিত আয়; বা

(খ) দাবিকৃত কর অব্যাহতি বা ক্রেডিট; বা

(গ) অডিট কার্যক্রম চলাকালে যেক্ষেত্রে অডিট প্রতিবেদনে প্রতিফলিত হয় যে, করদাতার আয় ,ব্যয় ও পরিসম্পদ সম্পর্কিত তথ্যাদি যথাযথভাবে প্রদর্শিত হয় নাই সেইক্ষেত্রে উপকর কমিশনার কর্তৃক সংশোধিত রিটার্ন দাখিলের নোটিশ প্রদান সাপেক্ষে; বা

(ঘ) ধারা ১৮৩ অনুযায়ী উপকর কমিশনার কর্তৃক শুনানীর নোটিশ প্রেরণের প্রেক্ষিতে; বা

(ঙ) কর বা অন্য কোনো অঙ্কের পরিশোধ এড়িয়ে যাওয়ার প্রেক্ষিতে ধারা ২১২ অনুযায়ী রিটার্ন দাখিলের নোটিশ প্রদান করলে; বা

(চ) সেট-এসাইড আদেশের পরিপ্রেক্ষিতে যদি প্রয়োজন হয়।

এক্ষেত্রে, করদাতা একটি লিখিত বিবৃতিতে কারণ উল্লেখপূর্বক সংশোধিত রিটার্ন দাখিল করতে পারবেন। তবে, নিম্নবর্ণিত ক্ষেত্রে সংশোধিত রিটার্ন দাখিল করা যাবে না, যথা:-

(ক) ধারা ১৮০ এর উপধারা ২ এর অধীন সংশোধিত রিটার্ন দাখিলের ক্ষেত্রে মূল রিটার্ন দাখিল করার তারিখ হতে ১৮০ (একশত আশি) দিন শেষ হওয়ার পর;

(খ) সংশোধিত রিটার্ন প্রথমবার দাখিলের পর; বা

(গ) মূল রিটার্নটি ধারা ১৮২ এর অধীনে অডিটের জন্য নির্বাচিত হওয়ার পর।

সংশোধিত রিটার্ন দাখিল অথবা দাখিলকৃত সংশোধিত রিটার্ন আমলে নেওয়ার শর্তাবলি-

- ☐ করবর্ষের মধ্যে সংশোধিত রিটার্ন দাখিল করলে ধারা ১৭৩ অনুযায়ী কর পরিশোধ করতে হবে।
- ☐ সংশোধিত রিটার্নে সংশ্লিষ্ট করবর্ষের দাখিলকৃত মূল রিটার্নের করদায় হ্রাস করা যাবে না।
- ☐ সংশোধিত রিটার্নে সংশ্লিষ্ট করবর্ষের জন্য দাখিলকৃত মূল রিটার্নের আয়-সম্পদ-দায়-ব্যয় দালিলিক প্রমাণ ব্যতীত পরিবর্তন বা স্থানান্তর করা যাবে না।
- ☐ মূল রিটার্নের কর অব্যাহতিপ্রাপ্ত বা হ্রাসকৃত করহারের আয় সংশোধিত রিটার্নে বৃদ্ধি করলে উক্ত বর্ধিত অঙ্ক 'অন্যান্য উৎসের আয়' হিসেবে বিবেচিত হবে।

  তবে শর্ত থাকে যে, সরকারি পেনশন তহবিল হতে গৃহীত পেনশন, সরকারি আনুতোষিক তহবিল হতে গৃহীত অনধিক ২ কোটি ৫০ লক্ষ টাকা, ভবিষ্য তহবিল হতে উদ্ভূত আয়, স্বেচ্ছায় অবসর গ্রহণের সময় গৃহীত অর্থ, আইনানুগ বিদেশে উপার্জিত ফরেন রেমিট্যান্স, রিটার্ন হতে রিটার্নে প্রদর্শিত স্বামী-স্ত্রী, আপন ভাই বা বোন, মাতা-পিতা বা সন্তানের নিকট হতে গৃহীত দান এবং চাকরি হতে আয় পরিগণনায় কর অব্যাহতি সংক্রান্ত ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হবে না।

রিটার্ন প্রসেস

উপকর কমিশনার কয়েকটি নির্দিষ্ট ক্ষেত্রে ত্রুটি-বিচ্যুতি চিহ্নিতকরণের লক্ষ্যে করদাতা কর্তৃক দাখিলকৃত রিটার্ন প্রসেস করেন। রিটার্ন প্রসেসের ফলশ্রুতিতে যদি দেখা যায়, করদাতা প্রদেয় অংকের চেয়ে কম বা বেশি আয়কর ও প্রযোজ্য অন্যান্য অংক পরিশোধ করেছেন, তাহলে উপকর কমিশনার করদাতাকে তা অবহিত করে এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।

তৃতীয় ভাগ

বিভিন্ন খাতের আয় নিরূপণ

১। চাকরি হতে আয়

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৩২-৩৪ অনুযায়ী চাকরি হতে আয় নিরুপণ করতে হবে। চাকরি হতে আয় অর্থে নিম্নবর্ণিত আয়সমূহ অন্তর্ভুক্ত হবে, যথা:-

(ক) চাকরি হতে প্রাপ্ত বা প্রাপ্য যেকোনো প্রকার আর্থিক প্রাপ্তি, বেতন ও সুযোগ-সুবিধা;

(খ) কর্মচারী শেয়ার স্কিম হতে অর্জিত আয়;

(গ) কর অনারোপিত বকেয়া বেতন; বা

(ঘ) অতীত বা ভবিষ্যতের কোনো নিয়োগকর্তা হতে প্রাপ্ত যেকোনো অঙ্ক বা সুবিধা।

তবে, নিম্নবর্ণিত প্রাপ্তিসমূহ চাকরি হতে আয় এর অন্তর্ভুক্ত হবে না, যথা:-

(ক) শেয়ারহোল্ডার পরিচালক নন এরূপ অন্য কোনো কর্মচারীর কোনো কর্মচারীর হৃদযন্ত্র, বৃক্ক, চক্ষু, যকৃত ও মস্তিষ্ক সংক্রান্ত অপারেশন, কৃত্রিম অঙ্গ প্রতিস্থাপন এবং ক্যানসার সংক্রান্ত চিকিৎসা ব্যয় বাবদ প্রাপ্ত অর্থ; বা

(খ) সম্পূর্ণরূপে এবং কেবল চাকরির দায়িত্ব পরিপালনের জন্য প্রাপ্ত এবং ব্যয়িত যাতায়াত ভাতা, ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা।

(গ) কোম্পানি কর্তৃক গোষ্ঠী বীমা বাবদ কোনো কর্মচারীর পক্ষে বীমা কোম্পানিকে পরিশোধিত প্রিমিয়াম।

(ঘ) বীমা কোম্পানি কর্তৃক প্রদত্ত গোষ্ঠী বীমা পলিসির আওতায় পুনর্ভরণকৃত (Reimbursement) চিকিৎসা খরচ।

যেক্ষেত্রে কোনো একজন কর্মচারী চাকরির দায়িত্ব পরিপালনের জন্য যাতায়াত ভাতা, ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা প্রাপ্ত হন এবং এই ভাতাসমূহের কিছু অংশ যদি ব্যয়িত না হয় তবে উক্ত অব্যয়িত অংক চাকরি হতে আয় হিসাবে পরিগণিত হবে।

চাকরি হতে আয় এর ক্ষেত্রে বেতন বলতে কর্মচারী কর্তৃক চাকরি হতে প্রাপ্ত যেকোনো প্রকৃতির অংক-কে বুঝাবে এবং নিম্নবর্ণিত বিষয়াদি এর অন্তর্ভুক্ত হবে, যথা:-

(অ) যেকোনো বেতন, মজুরি বা পারিশ্রমিক;

(আ) যেকোনো ভাতা, ছুটি ভাতা, ছুটি নগদায়ন, বোনাস, ফি, কমিশন, ওভারটাইম;

(ই) অগ্রিম বেতন;

(ঈ) আনুতোষিক, অ্যানুইটি, পেনশন বা ইহাদের সম্পূরক;

(উ) পারকুইজিট;

(ঊ) বেতন বা মজুরির পরিবর্তে প্রাপ্তি অথবা বেতন বা মজুরির অতিরিক্ত প্রাপ্তি;

"বেতন বা মজুরির পরিবর্তে প্রাপ্তি" অথবা "বেতন বা মজুরির অতিরিক্ত প্রাপ্তি" অর্থে অন্তর্ভুক্ত হবে-

(অ) চাকরির অবসানের কারণে প্রাপ্ত যেকোনো প্রকার ক্ষতিপূরণ, যে নামেই অভিহিত হউক না কেন;

(আ) ভবিষ্য তহবিল বা অন্য কোনো তহবিলে কর্মচারীর অনুদানের অংশ ব্যতিরেকে অবশিষ্ট অংশ;

(ই) চাকরির চুক্তির শর্তাবলির পরিবর্তনের ফলে প্রাপ্ত অঙ্ক বা সুবিধাদির ন্যায্য বাজার মূল্য;

(ঈ) চাকরিতে যোগদানকালে বা চাকরির অন্য কোনো শর্তের অধীন প্রাপ্ত অঙ্ক বা সুবিধাদির ন্যায্য বাজার মূল্য;

"পারকুইজিট" অর্থ নিয়োগকর্তা কর্তৃক কর্মচারীকে প্রদত্ত ইনসেনটিভ বোনাসসহ যেকোনো প্রকারের পরিশোধ বা সুবিধা, তবে নিম্নবর্ণিত পরিশোধসমূহ এর অন্তর্ভুক্ত হবে না, যথা:-

(অ) মূল বেতন, বকেয়া বেতন, অগ্রিম বেতন, উৎসব ভাতা, ছুটি নগদায়ন ও ওভারটাইম;

(আ) স্বীকৃত ভবিষ্য তহবিল, অনুমোদিত পেনশন তহবিল, অনুমোদিত আনুতোষিক তহবিল ও অনুমোদিত বার্ধক্য তহবিলে প্রদত্ত চাঁদা;

(ই) কোম্পানি কর্তৃক গোষ্ঠী বীমা বাবদ কোনো কর্মচারীর পক্ষে বীমা কোম্পানিকে পরিশোধিত প্রিমিয়াম।

"মূল বেতন" অর্থ মাসিক বা অন্য প্রকারে প্রদেয় বেতন যাহার ভিত্তিতে অন্যান্য ভাতা এবং সুবিধা নির্ধারিত হয়, তবে নিম্নবর্ণিত ভাতা বা সুবিধাদি এর অন্তর্ভুক্ত হবে না, যথা:-

(অ) সকল প্রকার ভাতা, পারকুইজিট, অ্যানুইটি, বোনাস ও সুবিধা; এবং

(আ) নিয়োগকর্তা কর্তৃক কর্মচারীর বিভিন্ন তহবিলে প্রদত্ত চাঁদা;

পারকুইজিট, ভাতা ও সুবিধাদির আর্থিক মূল্য নির্ধারণ

আর্থিক মূল্যে প্রদেয় পারকুইজিট, ভাতা ও সুবিধা ব্যতীত অন্যান্য পারকুইজিট, ভাতা ও সুবিধার আর্থিক মূল্য নিম্নবর্ণিত সারণী মোতাবেক নির্ধারণ করতে হবে, যথা:-

ক্রম নং	পারকুইজিট, ভাতা, সুবিধা, ইত্যাদি	নির্ধারিত মূল্য
১।	আবাসন সুবিধা	(ক) আবাসনের ভাড়া সম্পূর্ণভাবে নিয়োগকর্তা কর্তৃক পরিশোধিত হলে অথবা নিয়োগকর্তা কর্তৃক আবাসনের ব্যবস্থা করা হলে আবাসনের বার্ষিক মূল্য; (খ) হ্রাসকৃত ভাড়ায় প্রাপ্ত আবাসনের ক্ষেত্রে অনুচ্ছেদ (ক) অনুযায়ী নির্ধারিত ভাড়া এবং পরিশোধিত ভাড়ার পার্থক্য।
২।	মোটরগাড়ি প্রতি সুবিধা	(ক) ১৫০০ সিসি পর্যন্ত গাড়ির ক্ষেত্রে মাসিক ১৫ (পনেরো) হাজার টাকা;

ক্রম নং	পারকুইজিট, ভাতা, সুবিধা, ইত্যাদি	নির্ধারিত মূল্য
		(খ) ১৫০০ সিসির অধিক কিন্তু ২০০০ সিসি পর্যন্ত গাড়ির ক্ষেত্রে মাসিক ২০ (বিশ) হাজার টাকা; (গ) ২০০০ সিসির অধিক কিন্তু ২৫০০ সিসি পর্যন্ত এইরূপ গাড়ির ক্ষেত্রে মাসিক ৩০ (ত্রিশ) হাজার টাকা; (ঘ) ২৫০০ সিসির অধিক এইরূপ গাড়ির ক্ষেত্রে মাসিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা।
৩।	অন্য কোনো পারকুইজিট, ভাতা বা সুবিধা	পারকুইজিট, ভাতা বা সুবিধার আর্থিক মূল্য বা ন্যায্য বাজার মূল্য।

কর্মচারী শেয়ার স্কিম হতে অর্জিত আয়

কোনো করদাতা কর্মচারী শেয়ার স্কিমের অধীন শেয়ার প্রাপ্ত হলে, শেয়ার প্রাপ্তির বছরে (ক – খ) নিয়মে আয় চাকরি হতে আয়ের সাথে যোগ হবে, যেখানে-

ক = প্রাপ্তির তারিখে শেয়ারের ন্যায্য বাজার মূল্য,

খ = শেয়ার অর্জনের ব্যয়।

শেয়ার অর্জনের ব্যয় বলতে নিম্নবর্ণিত ব্যয়সমূহের যোগফল বুঝাবে, যথা:-

(ক) কর্মচারী শেয়ার অর্জনে যদি কোনো মূল্য পরিশোধ করেন;

(খ) কর্মচারী শেয়ার অর্জনের অধিকার বা সুযোগ আদায়ে যদি কোনো মূল্য পরিশোধ করেন।

তবে, কর্মচারী শেয়ার স্কিমের অধীন শেয়ার অর্জনের প্রাপ্ত অধিকার বা সুযোগ কর্মচারী বিক্রয় বা হস্তান্তর করলে চাকরি হতে আয়ের সাথে (ক – খ) নিয়মে আয় যোগ হবে, যেখানে-

ক = শেয়ার অর্জনের অধিকার বা সুযোগ বিক্রয় বা হস্তান্তর মূল্য,

খ = শেয়ার অর্জনের অধিকার বা সুযোগ আদায়ে পরিশোধিত মূল্য।

চাকরি হতে আয় পরিগণনার ক্ষেত্রে ষষ্ঠ তফসিলের অংশ ১ এর দফা (১৪) , (২৭) এবং (৩৬)-তে বর্ণিত প্রাপ্তিসমূহ মোট আয় পরিগণনা হতে বাদ যাবে। দফাসমূহ নিম্নরূপ:

(১৪) কোনো নিয়োগকারী কর্তৃক কোনো কর্মচারীর ব্যয় পুনর্ভরণ (Reimbursement) যদি-

(ক) উক্ত ব্যয় সম্পূর্ণভাবে এবং আবশ্যকতা অনুসারে কর্মচারীর দায়িত্ব পালনের সূত্রে ব্যয়িত করা হয়; এবং

(খ) নিয়োগকারীর জন্য উক্ত কর্মচারীর মাধ্যমে এইরূপ ব্যয় নির্বাহ সর্বাধিক সুবিধাজনক ছিল;

(২৭) "চাকরি হতে আয়" হিসাবে পরিগণিত আয়ের এক-তৃতীয়াংশ বা ৫ (পাঁচ) লক্ষ টাকা যা কম;

(৩৬) বীমা কোম্পানি কর্তৃক প্রদত্ত গোষ্ঠী বীমা পলিসির আওতায় পুনর্ভরণকৃত (Reimbursement) চিকিৎসা খরচ।

সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারীর বেতন খাতে আয় নিরূপণ

সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারীর বেতন-ভাতাদির ক্ষেত্রে আয় গণনার জন্য ইতোপূর্বে জারিকৃত প্রজ্ঞাপন ২১১-আইন/আয়কর/২০১৭, তারিখ: ২১ জুন ২০১৭ খ্রিষ্টাব্দ রহিতক্রমে এস.আর.ও. নং ২২৫-আইন/আয়কর-০৭/২০২৩, তারিখ: ১৩ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ জারি করা হয়েছে। এ প্রজ্ঞাপন অনুযায়ী, সরকারি বেতন আদেশভুক্ত একজন কর্মচারীর সরকার কর্তৃক প্রদত্ত মূল বেতন, উৎসব ভাতা ও বোনাস (যে নামেই অভিহিত হোক না কেন) করযোগ্য আয় হিসেবে বিবেচিত হবে। অবসরকালে প্রদত্ত লাম্প গ্র্যান্টসহ কেবল সরকারি বেতন আদেশসমূহে উল্লিখিত নিম্নবর্ণিত ভাতা ও সুবিধাদি করমুক্ত থাকবে, যথা:-

চিকিৎসা ভাতা, নববর্ষ ভাতা, বাড়ি ভাড়া ভাতা, শ্রান্তি ও বিনোদন ভাতা, শিক্ষা সহায়ক ভাতা, কার্যভার ভাতা, পাহাড়ি ভাতা, ভ্রমণ ভাতা, যাতায়াত ভাতা, টিফিন ভাতা, পোশাক ভাতা, আপ্যায়ন ভাতা, ধোলাই ভাতা, বিশেষ ভাতা, প্রেষণ ভাতা, প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রেষণ ভাতা, জুডিশিয়াল ভাতা, চৌকি ভাতা, ডোমেস্টিক এইড এলাউয়েন্স, ঝুঁকি ভাতা, একটিং এলাউয়েন্স, মোটরসাইকেল ভাতা, আর্মরার এলাউয়েন্স, নিঃশর্ত যাতায়াত ভাতা, টেলিকম এলাউয়েন্স, ক্লিনার এলাউয়েন্স, ড্রাইভার এলাউয়েন্স, মাউন্টেড পুলিশ এলাউয়েন্স, পিবিএক্স এলাউয়েন্স, সশস্ত্র শাখা ভাতা, বিউগলার এলাউয়েন্স, নার্সিং এলাউয়েন্স, দৈনিক বা খোরাকী ভাতা, ট্রাফিক এলাউয়েন্স, রেশন মানি, সীমান্ত ভাতা, ব্যাটম্যান ভাতা, ইন্সট্রাকশনাল এলাউয়েন্স, নিযুক্তি ভাতা, আউটফিট ভাতা এবং গার্ড পুলিশ ভাতা।

উক্ত প্রজ্ঞাপনের সুবিধাভোগী করদাতাগণের ক্ষেত্রে উপর্যুক্ত বক্সে উল্লিখিত বেতন ও ভাতাসমূহই কেবল করমুক্ত। এতদ্ব্যতীত উক্ত প্রজ্ঞাপনের সুবিধাভোগী করদাতাগণ অন্য যা কিছুই প্রাপ্ত হন না কেন, তা করযোগ্য হবে এবং উক্ত করদাতাগণ ষষ্ঠ তফসিলের দফা (২৭) এর সুবিধা প্রাপ্য হবেন না। এস.আর.ও. নং ২২৫-আইন/আয়কর-০৭/২০২৩, তারিখ; ১৩ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ নিম্নরূপ:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ/১৩ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২২৫-আইন/আয়কর-০৭/২০২৩।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩(২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬(১) এ প্রদত্ত ক্ষমতাবলে বোর্ড, সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারীদের সরকার কর্তৃক প্রদত্ত মূল বেতন, উৎসব ভাতা ও বোনাস, যে নামেই অভিহিত হউক না কেন, ব্যতীত অবসরকালে প্রদত্ত লাম্প গ্র্যান্টসহ কেবল সরকারি বেতন আদেশে উল্লিখিত অন্যান্য ভাতা ও সুবিধাদিকে প্রদেয় আয়কর হইতে এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল।

ব্যাখ্যা : এই প্রজ্ঞাপনে —

(১) সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারী বলিতে নিম্নবর্ণিত কর্মচারী বা ব্যক্তিকে বুঝাইবে, যথা:—

(ক) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত,—

(অ) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(আ) চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫, এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(ই) চাকরি (ব্যাংক, বিমা ও ফাইন্যান্স কোম্পানি) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(ঈ) চাকরি (বাংলাদেশ পুলিশ) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(উ) চাকরি (বর্ডার গার্ড বাংলাদেশ) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(ঊ) বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৬ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(খ) জাতীয় বেতনস্কেল ২০১৫ এর আলোকে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত যৌথ বাহিনী নির্দেশাবলী (Joint Services Instructions) নম্বর ০১/২০১৬ এর অনুচ্ছেদ ২ অনুযায়ী যে সকল ব্যক্তিবর্গের জন্য উক্ত নির্দেশাবলী প্রযোজ্য; এবং

(গ) কোনো আইন, বিধি বা প্রবিধানের অধীন কোনো পদে নিয়োজিত থাকাকালীন সরাসরি সরকারি কোষাগার হইতে বেতন বা আর্থিক সুবিধা, যে নামেই অভিহিত হোক না কেন, প্রাপ্ত হন ।

(২) সরকারি বেতন আদেশ বলিতে নিম্নবর্ণিত আদেশ বা, ক্ষেত্রমত, নির্দেশাবলীকে বুঝাইবে, যথা:—

(ক) অনুচ্ছেদ (ক) এর উপ-অনুচ্ছেদ (অ) তে উল্লিখিত বেতন স্কেল সংক্রান্ত আদেশ;

(খ) অনুচ্ছেদ (ক) এর উপ-অনুচ্ছেদ (আ) তে উল্লিখিত বেতন স্কেল সংক্রান্ত নির্দেশাবলী; এবং

(গ) কোনো আইন, বিধি বা প্রবিধানের অধীন কোনো পদে নিয়োজিত কর্মচারীর জন্য জারীকৃত বেতন বা আর্থিক সুবিধা সংক্রান্ত আদেশ ।

২। এই প্রজ্ঞাপনের অধীন কর অব্যাহতি প্রাপ্ত করদাতাগণ আয়কর আইন, ২০২৩ এর ষষ্ঠ তফসিল এর অংশ-১ এর দফা (২৭) এ উল্লিখিত সুবিধা প্রাপ্য হইবেন না।

৩। ২১ জুন, ২০১৭ খ্রিষ্টাব্দ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং এস.আর.ও. নং ২১১-আইন/আয়কর/২০১৭ এতদ্দ্বারা রহিত করা হইল।

৪। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড।

অর্থাৎ কেবল নিম্নবর্ণিত করদাতাগণের ক্ষেত্রে এস.আর.ও. নং ২২৫-আইন/আয়কর-০৭/২০২৩, তারিখ; ১৩ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ প্রযোজ্য হবে, যথা-

(১) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত-

(ক) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(খ) চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেডে নিয়োজিত কর্মচারী ও ব্যক্তি ব্যতীত অন্যান্য সকল স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত কর্মচারীগণ যাদের ক্ষেত্রে উক্ত আদেশ প্রযোজ্য;

(গ) চাকরি (ব্যাংক, বিমা ও ফাইন্যান্স কোম্পানি) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী ব্যাংক, বিমা ও ফাইন্যান্স কোম্পানি বলতে বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক, আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রবাসী কল্যাণ ব্যাংক, বাংলাদেশ বিমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সাধারণ বীমা কর্পোরেশন, জীবন বীমা কর্পোরেশন, বাংলাদেশ সিকিউরিটিস এন্ড এক্সচেঞ্জ কমিশন, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটিতে নিয়োজিত কর্মচারীগণ যাদের ক্ষেত্রে উক্ত আদেশ প্রযোজ্য;

(ঘ) চাকরি (বাংলাদেশ পুলিশ) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(ঙ) চাকরি (বর্ডার গার্ড বাংলাদেশ) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(চ) বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৬ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(২) জাতীয় বেতনস্কেল ২০১৫ এর আলোকে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত যৌথ বাহিনী নির্দেশাবলী (Joint Services Instructions) নম্বর ০১/২০১৬ এর অনুচ্ছেদ ২ অনুযায়ী যে সকল ব্যক্তিবর্গের জন্য উক্ত নির্দেশাবলী প্রযোজ্য; এবং

(৩) যে সকল ব্যক্তি কোনো আইন, বিধি বা প্রবিধানের অধীন কোনো পদে নিয়োজিত থাকাকালীন সরাসরি কোষাগার হতে বেতন প্রাপ্ত হন বা আর্থিক সুবিধা, তা যে নামেই অভিহিত হোক না কেন, প্রাপ্ত হন।

এখানে আরও উল্লেখ্য যে, যে সকল করদাতা উপরি-উল্লিখিত বেতন ভাতাদি আদেশসমূহের আওতায় বেতন আয় প্রাপ্ত হননা, তাদের বেতন আয় নিরূপনের ক্ষেত্রে এস.আর.ও. নং ২২৫-আইন/আয়কর-৭/২০২৩, তারিখ: ১৩ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ প্রযোজ্য হবে না। তাদের বেতন আয় নিরূপণের ক্ষেত্রে আয়কর আইনের ধারা ৩২-৩৪ এবং ষষ্ঠ তফসিলের অংশ ১ এর দফা (১৪) , (২৭) এবং (৩৬) অনুসরণ করতে হবে।

সোনালী ব্যাংক পিএলসি, জনতা ব্যাংক পিএলসি, অগ্রণী ব্যাংক পিএলসি, রূপালী ব্যাংক পিএলসি, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি ও বেসিক ব্যাংক লিমিটেড এর কর্মকর্তা-কর্মচারীগণ এর "চাকরি হতে আয়" এর বিপরীতে কর নির্ধারণ জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ২২৫-আইন/আয়কর-৭/২০২৩, তারিখ: ১৩ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ অনুযায়ী হবে কি না?

হ্যাঁ, হবে।

সোনালী ব্যাংক পিএলসি, জনতা ব্যাংক পিএলসি, অগ্রণী ব্যাংক পিএলসি, রূপালী ব্যাংক পিএলসি, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি ও বেসিক ব্যাংক লিমিটেড এর কর্মকর্তা-কর্মচারীগণ অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক ১৫/১২/২০১৫ তারিখে জারিকৃত এস. আর.ও নং-৩৭০-আইন/২০১৫ এর মাধ্যমে প্রণীত চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ অনুযায়ী বেতন-ভাতাদি গ্রহণ করতে পারেন মর্মে অর্থ মন্ত্রণালয় এর স্মারক নং- ০৮.০০.০০০.১৬৫.৫৩.০০১.১৯-৩১, তারিখ: ২২ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে স্পষ্ট করা হয়।

অর্থ মন্ত্রণালয়ের উক্ত স্মারকের আলোকে উল্লেখিত ব্যাংকসমূহের বোর্ড সভায় বেতন কাঠামো হিসাবে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক ১৫/১২/২০১৫ তারিখে জারিকৃত এস.আর.ও নং-৩৭০- আইন/২০১৫ এর মাধ্যমে প্রণীত চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ অনুসরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

ফলে, এ সকল ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের "চাকরি হতে আয়" এর বিপরীতে কর নির্ধারণ জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ২২৫-আইন/আয়কর-৭/২০২৩, তারিখ: ১৩ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ অনুযায়ী হবে। অর্থাৎ, এ সকল ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও. নং- ২২৫-আইন/আয়কর-৭/২০২৩, তারিখ: ১৩ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ এর অধীন কর অব্যাহতি সুবিধা প্রাপ্য হবেন।

এখানে উল্লেখ্য, বর্ণিত ব্যাংকসমূহের কর্মকর্তা-কর্মচারীগণ ২০১৭-২০১৮ করবর্ষ হতে এ সুবিধাদি প্রাপ্য হবেন।

উদাহরণের সাহায্যে সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারীর আয় এবং কর পরিগণনা নিম্নে দেখানো হলো:

উদাহরণ-১

জনাব রিপন আলী একজন সরকারি কর্মচারী এবং তার জন্য চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ প্রযোজ্য। ফলে বেতন আয়ের ক্ষেত্রে এস.আর.ও. নং ২২৫-আইন/আয়কর-৭/২০২৩, তারিখ: ১৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ এর বিধান প্রযোজ্য হবে।

ধরা যাক, ৩০ জুন ২০২৬ তারিখে সমাপ্ত অর্থবর্ষে তিনি নিম্নোক্ত হারে বেতন ভাতাদি পেয়েছেন:

	টাকা
মাসিক মূল বেতন	৫৬,৫০০

মাসিক চিকিৎসা ভাতা	১,৫০০
উৎসব ভাতা	১,১৩,০০০
বাংলা নববর্ষ ভাতা	১১,৩০০

তিনি সরকারি বাসায় থাকেন। ভবিষ্য তহবিলে তিনি প্রতি মাসে ১৪,০০০ টাকা জমা রাখেন। হিসাবরক্ষণ অফিস হতে প্রাপ্ত প্রত্যয়নপত্র হতে দেখা যায় যে, ৩০ জুন ২০২৬ তারিখে ভবিষ্য তহবিলে অর্জিত সুদের পরিমাণ ছিল ১,০৮,৫০০ টাকা। কল্যাণ তহবিলে ও গোষ্ঠী বিমা তহবিলে চাঁদা প্রদান বাবদ প্রতি মাসে বেতন হতে কর্তন ছিল যথাক্রমে ১৫০ ও ১০০ টাকা। এছাড়াও তিনি একটি তফসিলি ব্যাংকের ডিপোজিট পেনশন স্কিম-এ মাসিক ৫,০০০ টাকা জমা করেন।

২০২৬-২৭ করবর্ষে জনাব রিপন আলী এর মোট আয় এবং করদায় নিম্নে পরিগণনা করা হলো:

মোট আয় পরিগণনা	টাকা
মূল বেতন (৫৬,৫০০× ১২ মাস)	৬,৭৮,০০০
উৎসব ভাতা (৫৬,৫০০× ২)	১,১৩,০০০
চিকিৎসা ভাতা (১,৫০০×১২)= ১৮,০০০ (করমুক্ত)	
বাংলা নববর্ষ ভাতা ১১,৩০০ (করমুক্ত)	
মোট আয়	৭,৯১,০০০

করদায় পরিগণনা	টাকা
প্রথম ৪,০০,০০০ টাকা পর্যন্ত ‘শূন্য’ হার	০
পরবর্তী ৩,০০,০০০ টাকার উপর ১০% হারে	৩০,০০০
অবশিষ্ট ৯১,০০০ টাকার উপর ১৫% হারে	১৩,৬৫০
মোট করদায়	৪৩,৬৫০

বিনিয়োগ জনিত কর রেয়াত পরিগণনা

বিনিয়োগের পরিমাণ:	টাকা
১। ভবিষ্য তহবিলে চাঁদা (১৪,০০০ × ১২)	১,৬৮,০০০
২। কল্যাণ তহবিলে চাঁদা (১৫০ × ১২)	১,৮০০
৩। গোষ্ঠী বিমা তহবিলে চাঁদা (১০০ × ১২)	১,২০০
৪। ডিপোজিট পেনশন স্কিমের কিস্তি (৫,০০০ × ১২)	৬০,০০০
মোট বিনিয়োগ=	২,৩১,০০০

* ভবিষ্য তহবিলে অর্জিত সুদ করমুক্ত

কর রেয়াতের পরিমাণ নির্ধারণ

	বিবরণ	টাকা
(ক)	০.০৩ × ৭,৯১,০০০ (ক*)	২৩,৭৩০
(খ)	০.১০ × ২,৩১,০০০ (খ*)	২৩,১০০

(গ)	কর রেয়াতের সর্বোচ্চ অনুমোদিত সীমা	৭,৫০,০০০
(ক) বা (খ) বা (গ), এই তিনটির মধ্যে যেটি কম		২৩,১০০

এক্ষেত্রে-

‘ক’ = কর অব্যাহতি প্রাপ্ত আয়, হ্রাসকৃত করহার প্রযোজ্য এরূপ আয় এবং অংশীদারী ফার্ম বা ব্যক্তিসংঘ হতে প্রাপ্ত শেয়ার আয় এবং চূড়ান্ত করদায় প্রযোজ্য এরূপ আয় বাদ দিয়ে পরিগণিত মোট আয়,

‘খ’ = কোনো আয়বর্ষে ষষ্ঠ তফসিল এর অংশ ৩ অনুসারে করদাতার মোট বিনিয়োগ ও ব্যয়ের পরিমাণ,

‘গ’ = কর রেয়াতের সর্বোচ্চ অনুমোদিত সীমা।

কর রেয়াতের পরিমাণ:
কর রেয়াতের পরিমাণ হবে ২৩,১০০ টাকা।
প্রদেয় করের পরিমাণ (৪৩,৬৫০ - ২৩,১০০)= ২০,৫৫০ টাকা।

উদাহরণ-২

ধরা যাক, উদাহরণ-১ এ বর্ণিত করদাতা জনাব রিপন আলী একটি সরকারি একাডেমিতে ক্লাস নিয়ে লেকচার প্রদান বাবদ ২০,০০০ টাকা, বিভিন্ন সভায় অংশগ্রহণ বাবদ ২৫,০০০ টাকা, বিদেশ ভ্রমণ হতে ২,৫০,০০০ টাকা প্রাপ্তি প্রদর্শন করেছেন। উক্ত আয়সমূহ যেহেতু জনাব রিপন আলী এর জন্য প্রযোজ্য সরকারি বেতন আদেশভুক্ত নয় তাই এ সকল আয় করমুক্ত প্রাপ্তি/সুবিধা বলে গণ্য হবে না। অর্থাৎ এ সকল আয় করযোগ্য হবে।

উদাহরণ-৩

উদাহরণ-১ এ উল্লিখিত আয় ও বিনিয়োগ যদি কোনো প্রতিবন্ধী কর্মচারীর থাকে, তবে তার ক্ষেত্রে করমুক্ত আয়ের সীমা হবে ৫,২৫,০০০ টাকা। ফলে ২০২৬-২৭ করবর্ষে তার মোট আয় এবং করদায়ের পরিমাণ হবে নিম্নরূপ:

	(৳)
মূল বেতন (৫৬,৫০০× ১২ মাস)	৬,৭৮,০০০
উৎসব ভাতা (৫৬,৫০০× ২)	১,১৩,০০০
চিকিৎসা ভাতা (১,৫০০×১২)= ১৮,০০০ (করমুক্ত)	
বাংলা নববর্ষ ভাতা = ১১,৩০০ (করমুক্ত)	
মোট আয়	৭,৯১,০০০

করদায় পরিগণনা	(৳)
প্রথম ৫,২৫,০০০ টাকা পর্যন্ত ‘শূন্য’ হার	০
অবশিষ্ট ২,৬৬,০০০ টাকার উপর ১০%	২৬,৬০০
মোট আয়ের উপর আয়কর	২৬,৬০০
বিনিয়োগ জনিত আয়কর রেয়াত: পূর্ববর্তী উদাহরণ অনুসারে	২৩,১০০

পার্থক্য ৩,৫০০

করদাতার নিট প্রদেয় কর (পরিশোধযোগ্য অংক) = ৫,০০০ টাকা

চাকরি হতে আয় রয়েছে এমন করদাতাকে প্রযোজ্যতা অনুসারে রিটার্ন আইটি-১১গ (২০২৩) এর তফসিল ১ এর অংশ ক বা খ পূরণ করতে হবে। নিম্নে তফসিল ১ উপস্থাপন করা হলো:

তফসিল ১

ক. সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারী করদাতাদের জন্য এই অংশটি প্রযোজ্য

বিবরণসমূহ	আয়ের পরিমাণ	কর অব্যাহতি প্রাপ্ত আয়	নিট করযোগ্য আয়
মূল বেতন			
বকেয়া বেতন (যা পুর্বে করযোগ্য আয়ের অন্তর্ভুক্ত হয় নাই)			
বিশেষ বেতন			
বাড়িভাড়া ভাতা			
চিকিৎসা ভাতা			
যাতায়াত ভাতা			
উৎসব ভাতা			
সহায়ক কর্মীর জন্য প্রদত্ত ভাতা			
ছুটি ভাতা			
সম্মানী/ পুরস্কার			
ওভার টাইম ভাতা			
বৈশাখী ভাতা			
ভবিষ্য তহবিলে অর্জিত সুদ			
লাম্পগ্র্যান্ট			
গ্র্যাচুইটি			
অন্যান্য, যদি থাকে (বিবরণ দিন)			
মোট			

খ.সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারী ব্যতীত অন্যান্য চাকরিজীবী করদাতাদের জন্য এই অংশটি প্রযোজ্য

বিবরণ	আয়ের পরিমাণ	আয়ের পরিমাণ
বেতন		
ভাতাসমূহ		
অগ্রিম/ বকেয়া বেতন		

আনুতোষিক, অ্যানুইটি, পেনশন বা ইহাদের সম্পূরক		
পারকুইজিট		
বেতন বা মজুরির পরিবর্তে প্রাপ্তি অথবা অতিরিক্ত প্রাপ্তি		
কর্মচারী শেয়ার স্কিম হতে অর্জিত আয়		
আবাসন সুবিধা		
মোটরগাড়ি সুবিধা		
নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত অন্যকোনো সুবিধা		
স্বীকৃত ভবিষ্য তহবিলে নিয়োগকর্তার প্রদত্ত চাঁদা		
অন্যান্য, যদি থাকে (বিবরণ দিন)		
	মোট প্রাপ্ত বেতন	
	অব্যাহতি প্রাপ্ত অংশ (৬ষ্ঠ তফসিল অংশ ১ মোতাবেক)	
	চাকরি হতে মোট আয়	

২। ভাড়া হতে আয়

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৩৫-৩৯ অনুযায়ী ভাড়া হতে আয় পরিগণনা করতে হবে।

ভাড়া হতে আয় পরিগণনায় নিম্নবর্ণিত বিষয়াদি বিবেচনায় নিতে হবে, যথা:-

(১) কোনো সম্পত্তির মোট ভাড়ামূল্য হতে অনুমোদনযোগ্য খরচ বাদ দিলে যা অবশিষ্ট থাকবে তার সাথে বিশেষ ভাড়া আয় (যদি থাকে) যোগ করে ভাড়া হতে আয় পরিগণনা করতে হবে।

(২) সম্পত্তির কোনো অংশ কোনো ব্যক্তির নিজ ব্যবসায়ের উদ্দেশ্যে ব্যবহৃত হলে এবং তা হতে প্রাপ্ত আয় উক্ত ব্যক্তির ব্যবসা হতে আয় খাতে পরিগণনাযোগ্য হলে, উক্ত অংশের জন্য ভাড়া আয় প্রযোজ্য হবে না।

(৩) হোস্টেল, হোটেল, মোটেল, রিসোর্ট, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ অনুযায়ী প্রতিষ্ঠিত ও ঘোষিত অর্থনৈতিক অঞ্চলে উক্ত আইন অনুসারে নিয়োগকৃত অর্থনৈতিক অঞ্চল ডেভেলপার এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ অনুযায়ী নিয়োগকৃত ডেভেলপার কর্তৃক ভাড়ায় প্রদানকৃত জমি বা স্থাপনার ক্ষেত্র ব্যতীত অন্য কোনো সম্পত্তির ভাড়ার প্রকৃতি, কারবার, বাণিজ্য বা ব্যবসা নির্বিশেষে যে ধরনেরই হোক না কেন, উক্ত সম্পত্তি হতে অর্জিত আয় ভাড়া হতে আয় খাতের অধীন পরিগণনা করতে হবে।

এখানে,

“সম্পত্তি” অর্থ গৃহসম্পত্তি, জমি, আসবাবপত্র, ফিক্সার, কারখানা ভবন, ব্যবসার আঙ্গিনা, যন্ত্রপাতি, ব্যক্তিগত যানবাহন ও মূলধনি প্রকৃতির অন্য কোনো ভৌত পরিসম্পদ, যা ভাড়া প্রদান করা যায়।

“গৃহসম্পত্তি” অর্থে যেকোনো গৃহসম্পত্তি, ভবন বা দালানসহ নিম্নবর্ণিত পরিসম্পদও এর অন্তর্ভুক্ত হবে, যথা:-

(ক) আসবাবপত্র, ফিক্সার, ফিটিংস যা উক্ত গৃহের অবিচ্ছেদ্য অংশ;

(খ) গৃহসম্পত্তি যে ভূমির উপর স্থাপিত উক্ত ভূমি, এবং

(খ) কোনো স্থাপনা যা গুদাম হিসেবে ব্যবহার করা হয়;

তবে কোনো কারখানা ভবন প্ল্যান্ট ও মেশিনারি ভাড়া প্রদানের অবিচ্ছেদ্য অংশ হিসেবে ভাড়া প্রদান করা হলে এর অন্তর্ভুক্ত হবেনা।

"ভাড়া প্রদান" অর্থ মালিকানা বা স্বত্ব ত্যাগ ব্যতিরেকে কোনো নির্দিষ্ট সময়ের জন্য সম্পত্তির ব্যবহারের অধিকার প্রদান, তবে নিজস্ব মালিকানাধীন হোক বা না হোক, কোনো তফসিলি ব্যাংক, বিনিয়োগ ব্যাংক, কোনো উন্নয়নমূলক ফাইন্যান্স কোম্পানি অথবা মুদারাবা বা লিজিং কোম্পানি কর্তৃক অন্য কোনো ব্যক্তিকে ভাড়া প্রদান অর্ন্তভুক্ত হবেনা।

ভাড়া হতে আয় পরিগণনা

কোনো আয়বর্ষে কোনো ব্যক্তির স্বীয় মালিকানাধীন কোনো সম্পত্তির ভাড়া হতে আয় নিম্নবর্ণিত সূত্রানুযায়ী পরিগণিত হবে, যথা:—

ক= (খ+গ), যেখানে—

ক = ভাড়া হতে আয়,

খ = মোট ভাড়ামূল্য,

গ = ধারা ৩৯ এ উল্লিখিত বিশেষ ভাড়া হতে আয়।

কোনো আয়বর্ষে কোনো ব্যক্তির স্বীয় মালিকানাধীন কোনো গৃহসম্পত্তিসহ যেকোনো সম্পত্তির মোট ভাড়ামূল্য নিম্নবর্ণিত সূত্রানুযায়ী পরিগণিত হবে, যথা:—

অ = (আ+ই)−ঈ, যেখানে—

অ = মোট ভাড়ামূল্য,

আ = বার্ষিক মূল্য,

ই = ভাড়াটিয়া কর্তৃক পরিশোধিত যেকোনো সার্ভিস চার্জ, মেরামত ও রক্ষণাবেক্ষণ চার্জ, তা যে নামেই অভিহিত হোক না কেন,

ঈ = শূন্যতা ভাতা যা কেবল বিদ্যুৎ বিল উপস্থাপন সাপেক্ষে অনুমোদনযোগ্য হবে।

- ভাড়া সংগ্রহ, পানি ও পয়ঃনিষ্কাশন, বিদ্যুৎ, গ্যাস, সার্ভিস চার্জ, মেরামত ও রক্ষণাবেক্ষণ চার্জ এবং অন্য কোনো মৌলিক সেবা সংক্রান্ত অনুমোদনযোগ্য বিয়োজনের অব্যয়িত অংশ বিশেষ ভাড়া আয় হিসেবে গণ্য হবে।
- কোনো আয়বর্ষে, কোনো ব্যক্তি কর্তৃক সম্পত্তি লিজ বা ভাড়া প্রদানের বিপরীতে ফেরতযোগ্য বা সমন্বয়যোগ্য জামানত, নিরাপত্তা জামানত বা অগ্রিম বাবদ অর্থ গৃহীত বা প্রাপ্ত হলে, উক্ত প্রাপ্ত বা গৃহীত মোট অংকের, অর্থবৎসর শেষের স্থিতির ১০% (দশ শতাংশ), বিশেষ ভাড়া আয় হিসাবে গণ্য হবে।
- কোনো আয়বর্ষে কোনো ব্যক্তি কর্তৃক সম্পত্তি লিজ বা ভাড়া প্রদানের বিপরীতে গৃহীত অফেরতযোগ্য বা অসমন্বয়যোগ্য অঙ্ক, যা সেলামি বা প্রিমিয়াম বা অন্য যেকোনো অঙ্ক, তা

যে নামেই অভিহিত হোক না কেন, তার সমুদয় অর্থ উক্ত আয়বর্ষে উক্ত ব্যক্তির বিশেষ ভাড়া আয় হিসাবে গণ্য হবে:

তবে শর্ত থাকে যে, উক্ত লিজ বা ভাড়ার মেয়াদ বা ৫ (পাঁচ) বৎসর, এই দুইয়ের মধ্যে যা কম, সেই মেয়াদের মধ্যে এই বিশেষ ভাড়া আয়, করদাতা তাহার ইচ্ছানুযায়ী বন্টন করতে পারবে:

আরও শর্ত থাকে যে, যেক্ষেত্রে করদাতা উক্ত অফেরতযোগ্য বা অসমন্বয়যোগ্য অর্থ বা তার কোনো অংশ পরবর্তী কোনো আয়বর্ষে ফেরত প্রদান করে, সেইক্ষেত্রে সংশ্লিষ্ট আয়বর্ষে করদাতার "ভাড়া হতে আয়" পরিগণনার ক্ষেত্রে, উক্ত ফেরত প্রদানকৃত অর্থ বিয়োজনযোগ্য হবে।

- গৃহসম্পত্তি ভিন্ন অন্য কোনো সম্পত্তির ভাড়া হতে আয়ের বিপরীতে খরচের ক্ষেত্রে আয়কর আইনের অংশ ৭ এর বিধান অনুযায়ী উৎসে কর কর্তন না করলে, উক্ত খরচ বিশেষ ভাড়া আয় হিসাবে গণ্য হইবে।

ভাড়া হতে আয় পরিগণনার ক্ষেত্রে অনুমোদনযোগ্য বিয়োজন

কোনো ব্যক্তির স্বীয় মালিকানাধীন গৃহসম্পত্তির ভাড়া হতে প্রাপ্ত আয় পরিগণনার ক্ষেত্রে নিম্নবর্ণিত খরচ বিয়োজনযোগ্য হবে, যথা:-

(ক) কোনো গৃহসম্পত্তির ক্ষতি বা ধ্বংসের ঝুঁকির বিপরীতে কোনো বিমা করা হলে তার জন্য পরিশোধিত প্রিমিয়াম;

(খ) গৃহসম্পত্তি অর্জন, নির্মাণ, সংস্কার বা পুনঃনির্মাণের জন্য কোনো ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানি হতে মূলধনি ঋণ গ্রহণ করা হলে সেই ঋণের উপর পরিশোধিত সুদ বা মুনাফা;

(গ) গৃহসম্পত্তির উপর পরিশোধিত কোনো কর, ফি বা অন্য কোনো বার্ষিক চার্জ, যা মূলধনি চার্জ প্রকৃতির নয়;

(ঘ) গৃহসম্পত্তি অর্জন, নির্মাণ, মেরামত, নবনির্মাণ বা পুনঃনির্মাণের জন্য ব্যবহৃত কোনো মূলধনি ঋণের উপর কোনো ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানিকে ভাড়াপূর্ব সময়ে কোনো সুদ বা মুনাফা পরিশোধ করা হয়ে থাকলে সেই সুদ বা মুনাফা ভাড়া শুরুর সাথে সংশ্লিষ্ট আয়বর্ষ হতে একাদিক্রমে মোট ৩ (তিন) আয়বর্ষে সমকিস্তিতে:

তবে, ভাড়াপূর্ব সময়ের কোনো সুদ বা মুনাফা বা তার কোনো অংশ, যদি থাকে, উক্ত বর্ণিত সময়ের পরে বিয়োজনযোগ্য হবে না;

(ঙ) ভাড়া সংগ্রহ, পানি ও পয়ঃনিষ্কাশন, বিদ্যুৎ, গ্যাস, সার্ভিস চার্জ, মেরামত ও রক্ষণাবেক্ষণ চার্জ এবং অন্য কোনো মৌলিক সেবা সংক্রান্ত ব্যয়ের জন্য নিম্নবর্ণিত সারণীতে উল্লিখিত অংক, যথা:-

সারণী

ক্রমিক নং	সম্পত্তির ধরন	সংবিধিবদ্ধ বিয়োজন (মোট ভাড়ামূল্যের শতকরা হারে)
(১)	(২)	(৩)
১।	বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত গৃহসম্পত্তি	৩০% (ত্রিশ শতাংশ)
২।	অবাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত গৃহসম্পত্তি	২৫% (পঁচিশ শতাংশ)

;

(চ) গৃহসম্পত্তির আংশিক ভাড়া প্রদানের ক্ষেত্রে আংশিক ভাড়ার বিপরীতে আনুপাতিক হারে খরচ অনুমোদনযোগ্য হবে;

(ছ) যেক্ষেত্রে কোনো গৃহসম্পত্তি আয়বর্ষের অংশবিশেষের জন্য ভাড়া প্রদান করা হয়, সেক্ষেত্রে ভাড়া প্রদানকৃত সময়ের আনুপাতিক হারে খরচ অনুমোদনযোগ্য হবে।

উদাহরণ-৪

ধরা যাক, ঢাকার গুলশান এলাকায় মিজ আয়েশা সিদ্দিকার একটি তিনতলা আবাসিক বাড়ী রয়েছে। ঐ বাড়ীর নীচতলায় তিনি সপরিবারে বসবাস করেন। ২য় ও ৩য় তলা আবাসিক ব্যবহারের জন্য ২০২৫-২৬ আয়বর্ষের জুলাই মাস থেকে প্রতি তলা মাসিক ৬০,০০০ টাকায় ভাড়া দিয়েছেন। ১ জুলাই, ২০২৫ খ্রি তারিখে তিনি সমন্বয়যোগ্য অগ্রিম হিসেবে দুইজন ভাড়াটিয়া হতে ১০,০০,০০০ টাকা করে গ্রহণ করেছেন। তিনি সকল লেনদেন ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করেছেন। তন্মধ্যে তিনি সারা বছর ৩,৬০,০০০ (৩০,০০০×১২) টাকা করে ভাড়ার সাথে সমন্বয় করেছেন। তিনি পৌরকর বাবদ ২৪,০০০ টাকা, ভূমির খাজনা বাবদ ৯০০ টাকা এবং গৃহ-নির্মাণ ঋণের ব্যাংক সুদ বাবদ ৩০,০০০ টাকা পরিশোধ করেছেন। মিজ আয়েশা সিদ্দিকার গৃহ-সম্পত্তি হতে আয়ের হিসাব হবে নিম্নরূপ:

বিবরণ		(৳)
ভাড়া থেকে প্রাপ্তি = (মাসিক ভাড়া ৬০,০০০ × ২ ×১২ মাস) =		১৪,৪০,০০০
বাদ: অনুমোদনযোগ্য খরচ		
১। মেরামত ব্যয় (ভাড়ার ২৫%)	৩৬০,০০০	
২। পৌর কর (২৪,০০০× ২/৩)*	১৬,০০০	
৩। ভূমি রাজস্ব (৯০০× ২/৩)*	৬০০	
৪। গৃহ নির্মাণ ঋণের সুদ (৩০,০০০× ২/৩)*	২০,০০০	
*স্বনিবাস ১/৩ অংশ ও ভাড়া ২/৩ অংশ		(৩,৯৬,৬০০)
গৃহ-সম্পত্তি থেকে মোট ভাড়ামূল্য =		১০,৪৩,৪০০
বিশেষ ভাড়া আয় গণনাঃ ৩০ জুন ২০২৬ তারিখে সমন্বয়যোগ্য অগ্রিমের স্থিতি ছিলো = (১০,০০,০০০×২—৩,৬০,০০০×২) =		১২,৮০,০০০
উক্ত স্থিতির উপর বিশেষ ভাড়া আয় ১২,৮০,০০০ × ১০%=		১,২৮,০০০
ভাড়া হতে মোট আয় = (১০,৪৩,৪০০+১,২৮,০০০) =		১১,৭১,৪০০

[সংশ্লিষ্ট আয়বর্ষে মিজ আয়েশা সিদ্দিকা মোট সমন্বয়যোগ্য অগ্রিম গ্রহণ করেছেন (১০,০০,০০০×২) = ২০,০০,০০০ টাকা। তন্মধ্যে, মাসিক সমন্বয়যোগ্য ৩০,০০০ টাকা ভাড়ামূল্য হিসেবে প্রাপ্ত ৬০,০০০ টাকার মধ্যে অন্তর্ভুক্ত করে প্রতি মাসে সমন্বয় করেছেন। অর্থাৎ, সারা বছরে সমন্বয় করেছেন (৩০,০০০×১২×২) = ৭,২০,০০০ টাকা। ফলে, অসমন্বয়কৃত অংক দাঁড়ায় (২০,০০,০০০-৭,২০,০০০) টাকা = ১২,৮০,০০০

টাকা। উক্ত সমন্বয়যোগ্য অগ্রিমের স্থিতি বাবদ ১২,৮০,০০০ টাকা তিনি রিটার্নের পরিসম্পদ, দায় ও ব্যয় বিবরণীতে অপ্রাতিষ্ঠানিক দায় হিসেবে প্রদর্শন করবেন।]

মিজ আয়েশা সিদ্দিকার নিরূপিত মোট আয় ১১,৭১,৪০০ টাকার বিপরীতে ধার্যকৃত করের পরিমাণ হবে-

মোট আয়	করহার	করের পরিমাণ (৳)
প্রথম ৪,৫০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য	শূন্য
পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১০%	৩০,০০০
পরবর্তী ৪,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১৫%	৬০,০০০
অবশিষ্ট ২১,৪০০ টাকা আয়ের উপর-	২০%	৪,২৮০
মোট		৯৪,২৮০

প্রদেয় করের পরিমাণ ৯৪,২৮০ টাকা।

এক বা একাধিক ভাড়াটিয়ার নিকট থেকে বাড়ী ভাড়া বাবদ মাসিক সর্বমোট ২৫ হাজার টাকার বেশী প্রাপ্ত হলে বাড়ীর মালিককে ব্যাংক হিসাবে প্রাপ্ত ভাড়া জমা করতে হবে। বাড়ীর মালিক (ব্যক্তি, ফার্ম, কোম্পানি বা অন্য যে কোনো প্রতিষ্ঠান) কর্তৃক এ বিধান পরিপালন করা না হলে গৃহ-সম্পত্তি বাবদ অর্জিত আয়ের উপর প্রদেয় আয়করের ৫০% অথবা ৫,০০০ টাকা, দু'টির মধ্যে যা অধিক, সেই পরিমাণ জরিমানা আরোপযোগ্য হবে।

কোনো করদাতার ব্যবসা হতে আয় থাকলে তাকে ব্যবসা/পেশা সংশ্লিষ্ট বাড়ী, অফিস বা দোকান ভাড়া বাবদ প্রদেয় অর্থ অবশ্যই ব্যাংকের মাধ্যমে পরিশোধ করতে হবে। অন্যথায়, প্রদত্ত ভাড়া তার ব্যবসায়িক খরচ হিসেবে বিবেচিত হবে না।

৩। কৃষি হতে আয়

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৪০-৪৪ অনুযায়ী কৃষি হতে আয় নিরূপিত হবে। তবে, কোনো ব্যক্তি কর্তৃক উৎপাদিত ও প্রক্রিয়াকৃত চা এবং রাবার এর মোট আয়ের ৪০% (চল্লিশ শতাংশ) ব্যবসা হতে আয় এবং ৬০% (ষাট শতাংশ) কৃষি হতে আয় হিসাবে পরিগণিত হবে।

কোনো ব্যক্তির কৃষি সম্পর্কিত কার্যাবলি হতে অর্জিত আয় কৃষি হতে আয় হিসাবে পরিগণিত হবে। কৃষি অর্থে যেকোনো প্রকার উদ্যান পালন, পশু-পাখি পালন, ভূমির প্রাকৃতিক ব্যবহার, হাঁস-মুরগি ও মাছের খামার, সরীসৃপ জাতীয় প্রাণীর খামার, নার্সারি, ভূমিতে বা জলে যেকোনো প্রকারের চাষাবাদ, ডিম-দুধ উৎপাদন, কাঠ, তৃণ ও গুল্ম উৎপাদন, ফল, ফুল ও মধু উৎপাদন এবং বীজ উৎপাদন অন্তর্ভুক্ত হবে।

ষষ্ঠ তফসিল অংশ ১ এর দফা (২০) অনুযায়ী কোনো স্বাভাবিক ব্যক্তির "কৃষি হতে আয়" খাতের আওতাভুক্ত অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত আয় করমুক্ত থাকবে যদি উক্ত ব্যক্তির কৃষি হতে আয় এবং আর্থিক পরিসম্পদ হতে আয় ব্যতীত অন্য কোনো আয় না থাকে।

উদাহরণ-৫

জনাব রাকিবুল ইসলাম এর একটি ডেইরি ফার্ম রয়েছে। ২০২৫-২০২৬ আয়বর্ষে তিনি ডেইরি ফার্ম হতে ১২,০০,০০০ টাকা নিট আয় প্রাপ্ত হয়েছেন। এছাড়া ব্যাংক সুদ বাবদ তার আয় হয়েছে ৬,০০,০০০ টাকা। উক্ত সুদের বিপরীতে উৎসে কর কর্তন করা হয়েছে ৬০,০০০ টাকা। সেক্ষেত্রে করদাতার কর পরিগণনা হবে নিম্নরূপঃ

আয় নির্ধারণ:

	বিবরণ		(৳)
(ক)	কৃষি হতে আয় [যেহেতু করদাতার কৃষি হতে আয় এবং আর্থিক পরিসম্পদ হতে আয় (ব্যাংক সুদ) ব্যতীত অন্য কোন আয়ের উৎস নাই, সেহেতু ষষ্ঠ তফসিলের অংশ ১ এর দফা ২০ অনুযায়ী ৫,০০,০০০ টাকা মোট আয় পরিগণনা হতে বাদ যাবে।]		৭,০০,০০০
(খ)	আর্থিক পরিসম্পদ হতে আয় (ব্যাংক সুদ)		৬,০০,০০০
		মোট আয়	১৩,০০,০০০

কর পরিগণনাঃ

আয়ের ধাপ	কর হার	করের পরিমাণ (৳)
প্রথম ৪,০০,০০০ টাকা	০	০
পরবর্তী ৩,০০,০০০ টাকা	১০%	৩০,০০০
পরবর্তী ৪,০০,০০০ টাকা	১৫%	৬০,০০০
অবশিষ্ট ২,০০,০০০ টাকা	২০%	৪০,০০০
	মোট আয়কর	১,৩০,০০০
	বাদ- ব্যাংক সুদের বিপরীতে উৎসে কর্তন	(৬০,০০০)
	নিট প্রদেয় কর	৭০,০০০

উদাহরণ-৬

ধরা যাক, উদাহরণ-৫ এ জনাব রাকিবুল ইসলামের কৃষি আয় বাবদ ১২,০০,০০০ টাকা, ব্যাংক সুদ বাবদ ৬,০০,০০০ টাকা এবং বিবিধ মালের ব্যবসা হতে ৩,০০,০০০ টাকা আয় রয়েছে। একই বছর তিনি ২,০০,০০০ টাকার নতুন একটি সঞ্চয়পত্র ক্রয়ে বিনিয়োগ করেছেন। সেক্ষেত্রে করদাতার কর পরিগণনা হবে নিম্নরূপঃ

আয় নির্ধারণ:

	বিবরণ	(৳)
(ক)	কৃষি হতে আয় (যেহেতু করদাতার কৃষি হতে আয় এবং আর্থিক পরিসম্পদ হতে আয় ছাড়াও ব্যবসা হতে আয় আছে, সেহেতু তিনি ষষ্ঠ তফসিল অংশ ১ এর দফা ২০ অনুযায়ী ৫,০০,০০০ টাকা করমুক্ত প্রাপ্তির সুবিধা প্রাপ্য হবেন না।)	১২,০০,০০০

(খ)	আর্থিক পরিসম্পদ হতে আয় (ব্যাংক সুদ)	৬,০০,০০০
(গ)	ব্যবসা হতে আয়	৩,০০,০০০
	মোট আয়	২১,০০,০০০

কর পরিগণনা:

আয়ের ধাপ		কর হার	করের পরিমাণ (৳)
প্রথম ৪,০০,০০০		০	০
পরবর্তী ৩,০০,০০০		১০%	৩০,০০০
পরবর্তী ৪,০০,০০০		১৫%	৬০,০০০
পরবর্তী ৫,০০,০০০		২০%	১,০০,০০০
অবশিষ্ট ৫,০০,০০০		২৫%	১,২৫,০০০
		মোট আয়কর	৩,১৫,০০০
কর রেয়াত পরিগণনা			
(অ)	২১,০০,০০০ × ০.০৩	৬৩,০০০	
(আ)	২,০০,০০০ × ০.১	২০,০০০	
(ই)	কর রেয়াতের সর্বোচ্চ অনুমোদিত সীমা	৭,৫০,০০০	
মোট কর রেয়াতের পরিমাণ হচ্ছে (অ), (আ) এবং (ই) এর মধ্যে যেটি কম =			২০,০০০
অতএব, রেয়াতের পরে অবশিষ্ট প্রদেয় কর			২,৯৫,০০০
উৎসে কর্তিত করের ক্রেডিট			
ব্যাংক সুদ হতে আয়ের বিপরীতে কর্তিত কর			৬০,০০০
আয়কর আইনের ১৭৩ ধারা অনুযায়ী প্রদেয় কর			২,৩৫,০০০

উদাহরণ-৭

জনাব হাসিবুল হাসান একটি নার্সারি পরিচালনা করেন। তিনি ২০২৫-২৬ আয়বর্ষে নার্সারি হতে ৮,০০,০০০ টাকা আয় প্রাপ্ত হন। এছাড়া, হাঁস-মুরগির খামার হতে তাঁর ১০,০০,০০০ টাকা আয় রয়েছে। করদাতার অন্য কোনো খাতের আয় নেই। এক্ষেত্রে, ২০২৬-২৭ করবর্ষে জনাব হাসিবুল হাসান এর করযোগ্য আয় হবে (১০,০০,০০০+৮,০০,০০০—৫,০০,০০০) টাকা বা, ১৩,০০,০০০ টাকা।

অর্থাৎ একাধিক উৎস হতে কৃষি খাতের আয় থাকলেও ষষ্ঠ তফসিল অংশ ১ এর দফা (২০) অনুযায়ী করদাতার কৃষি খাতে সর্বমোট আয়ের উপর অনধিক ৫,০০,০০০ টাকা মোট আয় পরিগণনা হতে বাদ যাবে।

ষষ্ঠ তফসিল অংশ ১ এর দফা (২০ক) অনুযায়ী আয় ও কর পরিগণনাঃ

ষষ্ঠ তফসিল অংশ ১ এর দফা (২০ক) অনুসারে কোনো ব্যক্তির হাঁস-মুরগী, চিংড়ি ও মাছের হ্যাচারী, পেলেটেড পোল্ট্রি ফিড উৎপাদন, চিংড়ি ও মাছের পেলেটেড ফিড উৎপাদন, দুগ্ধজাত দ্রব্য উৎপাদন, ব্যাঙ উৎপাদন খামার, বীজ বিপণন, রেশম গুটিপোকা পালনের খামার ইত্যাদি খাতের আওতাভুক্ত অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা মোট আয় পরিগণনা হতে বাদ যাবে।

উদাহরণ-৮

মিজ তানজিনা সুলতানার ২০২৫-২০২৬ আয়বর্ষে মাছের হ্যাচারী থেকে ১১,০০,০০০ টাকার নিট আয় আছে। একই বছরে তিনি তার সোনালী ব্যাংক পিএলসিতে সঞ্চয়ী হিসাব হতে ব্যাংক সুদ বাবদ ৪,৫০,০০০ টাকা প্রাপ্ত হয়েছেন যার বিপরীতে ব্যাংক ৪৫,০০০ টাকা উৎসে কর কর্তন করেছে। একই বছর তিনি ১,০০,০০০ টাকার নতুন একটি সঞ্চয়পত্র ক্রয়ে বিনিয়োগ করেছেন।

আয় নির্ধারণ:

	বিবরণ	(৳)
(ক)	মাছের হ্যাচারী হতে আয় [(ষষ্ঠ তফসিলের অংশ ১ এর দফা (২০ক) অনুযায়ী ৫ লক্ষ টাকা মোট আয় পরিগণনা থেকে বাদ যাবে) অতএব করদাতার করযোগ্য আয় হবে (১১,০০,০০০ − ৫,০০,০০০)]	৬,০০,০০০
(খ)	আর্থিক পরিসম্পদ হতে আয় (ব্যাংক সুদ)	৪,৫০,০০০
	মোট আয়	১০,৫০,০০০

কর পরিগণনা:

আয়ের ধাপ		কর হার	করের পরিমাণ (৳)
প্রথম ৪,৫০,০০০		০	০
পরবর্তী ৩,০০,০০০		১০%	৩০,০০০
অবশিষ্ট ৩,০০,০০০		১৫%	৪৫,০০০
		মোট আয়কর	৭৫,০০০
কর রেয়াত পরিগণনা			
(অ)	১০,৫০,০০০ × ০.০৩	৩১,৫০০	
(আ)	১,০০,০০০ × ০.১	১০,০০০	
(ই)	কর রেয়াতের সর্বোচ্চ অনুমোদিত সীমা	৭,৫০,০০০	
মোট কর রেয়াতের পরিমাণ হচ্ছে (অ), (আ) এবং (ই) এর মধ্যে যেটি কম =			(১০,০০০)
অতএব, রেয়াতের পরে অবশিষ্ট প্রদেয় কর			৬৫,০০০
উৎসে কর্তিত করের ক্রেডিট			
ব্যাংক সুদ হতে আয়ের বিপরীতে কর্তিত কর			(৪৫,০০০)
আয়কর আইনের ১৭৩ ধারা অনুযায়ী প্রদেয় কর			২০,০০০

উদাহরণ-৯

জনাব মাসুদ রানা ২০২৫-২৬ আয়বর্ষে পেলেটেড পোল্ট্রি ফিড উৎপাদন ব্যবসা হতে ২০,৫০,০০০ টাকা এবং বীজ বিপণন ব্যবসা হতে ৮,৫০,০০০ টাকা আয় করেন। করদাতার অন্য কোন খাতের আয় নেই। এক্ষেত্রে, ২০২৬-২৭ করবর্ষে জনাব মাসুদ রানার করযোগ্য আয় হবে (২০,৫০,০০০ + ৮,৫০,০০০ −৫,০০,০০০) টাকা বা, ২৪,০০,০০০ টাকা।

অর্থাৎ ষষ্ঠ তফসিল অংশ ১ এর দফা (২০ক) অনুযায়ী একাধিক উৎস থেকে আয় থাকলেও অনধিক ৫,০০,০০০ টাকা করদাতার মোট আয় পরিগণনা হতে বাদ যাবে।

উদাহরণ-১০

জনাব কামাল হোসেন এর একটি ডেইরি ফার্ম ও একটি মাছের হ্যাচারী রয়েছে। ২০২৫-২৬ আয়বর্ষে ডেইরি ফার্ম হতে তিনি ৬,৫০,০০০ টাকা আয় প্রাপ্ত হন এবং মাছের হ্যাচারী হতে ৭,২০,০০০ টাকা আয়প্রাপ্ত হন। উক্ত আয়বর্ষে তিনি ডিপিএসে বিনিয়োগ করেন ৬০,০০০ টাকা। সেক্ষেত্রে জনাব কামাল হোসেনের কর পরিগণনা হবে নিম্নরূপঃ

ষষ্ঠ তফসিলের দফা (২০ক) অনুযায়ী জনাব কামাল হোসেনের মাছের হ্যাচারী হতে আয় বাবদ ৭,২০,০০০ টাকার মধ্যে ৫,০০,০০০ টাকা মোট আয় পরিগণনা হতে বাদ যাবে। কিন্তু, কৃষি হতে আয়ের (ডেইরি ফার্ম) পাশাপাশি মাছের হ্যাচারী ব্যবসা খাতে আয় থাকায় ষষ্ঠ তফসিলের দফা (২০) অনুযায়ী কোনো কর অব্যাহতি সুবিধা তিনি প্রাপ্য হবেন না।
অতএব, জনাব কালামের করযোগ্য মোট আয় (২,২০,০০০+৬,৫০,০০০)= ৮,৭০,০০০ টাকা।

কর পরিগণনা:

আয়ের ধাপ		কর হার	করের পরিমাণ (৳)
প্রথম ৪,০০,০০০		০	০
পরবর্তী ৩,০০,০০০		১০%	৩০,০০০
অবশিষ্ট ১,৭০,০০০		১৫%	২৫,৫০০
		মোট আয়কর	৫৫,৫০০
কর রেয়াত পরিগণনা			
(অ)	৮,৭০,০০০ × ০.০৩	২৬,১০০	
(আ)	৬০,০০০ × ০.১	৬,০০০	
(ই)	কর রেয়াতের সর্বোচ্চ অনুমোদিত সীমা	৭,৫০,০০০	
মোট কর রেয়াতের পরিমাণ হচ্ছে (অ), (আ) এবং (ই) এর মধ্যে যেটি কম =			(৬,০০০)
আয়কর আইনের ১৭৩ ধারা অনুযায়ী প্রদেয় কর			৪৯,৫০০

কৃষি হতে আয় গণনার ক্ষেত্রে অনুমোদিত সাধারণ বিয়োজনসমূহ

সম্পূর্ণরূপে এবং কেবল কৃষির উদ্দেশ্যে ব্যয়িত অর্থ বিয়োজন হিসাবে অনুমোদনযোগ্য হবে এবং নিম্নবর্ণিত বিয়োজনসমূহ সাধারণ বিয়োজন হিসাবে গণ্য হবে, যথা:-

(ক) কৃষির উদ্দেশ্যে ব্যবহৃত ভূমি বা আঙ্গিনার উপর পরিশোধিত যেকোনো প্রকার কর, ভূমি উন্নয়ন কর বা খাজনা;

(খ) কৃষির উদ্দেশ্যে ব্যবহৃত ভূমি বা আঙ্গিনার জন্য পরিশোধযোগ্য ভাড়া, উন্নয়ন ও সংরক্ষণ ব্যয় এবং চাষাবাদ ব্যয়;

(গ) কৃষির উদ্দেশ্যে গৃহীত ঋণের পরিশোধযোগ্য সুদ বা মুনাফা;

(ঘ) কৃষিকাজে ব্যবহৃত যন্ত্রপাতি ও সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ ও মেরামত এবং চাষাবাদের জন্য পালিত গবাদিপশুর লালন-পালন, তৎসংশ্লিষ্ট প্রক্রিয়াকরণ বা পরিবহণ সংক্রান্ত ব্যয়;

(ঙ) ভূমির বা আঙ্গিনার ক্ষতিপূরণে অথবা ভূমি বা আঙ্গিনা হতে উৎপাদিত ফসল বা পণ্যের ক্ষতিপূরণে অথবা গবাদিপশু পালনে নিরাপত্তার লক্ষ্যে পরিশোধযোগ্য বিমার প্রিমিয়াম;

(চ) প্রাকৃতিক দুর্যোগ অথবা অন্য কোনো প্রকার ক্ষতিসাধন হতে কৃষিকে রক্ষার নিমিত্ত ব্যয়িত অর্থ;

(ছ) আয়কর আইনের তৃতীয় তফসিলে বর্ণিত অনুমোদিত সীমা অনুযায়ী নিম্নবর্ণিত খরচসমূহ-
(অ) করদাতা কর্তৃক সংশ্লিষ্ট কৃষিতে ব্যবহৃত সম্পদের অবচয়;
(আ) সংশ্লিষ্ট কৃষিকাজে ব্যবহৃত স্পর্শাতীত সম্পদের অ্যামোর্টাইজেশন;

(জ) যেক্ষেত্রে করদাতার কৃষিকাজে ব্যবহৃত পশুর মৃত্যু হয়েছে বা স্থায়ীভাবে অক্ষম হয়ে গিয়েছে সেক্ষেত্রে উক্ত পশুর প্রকৃত ক্রয়মূল্য এবং, ক্ষেত্রমত, সেই পশু বিক্রয় বা উক্ত পশুর মাংস বিক্রয় হতে প্রাপ্ত অর্থ, এই দুইয়ের পার্থক্যের সমপরিমাণ অঙ্ক;

(ঝ) সরকার কর্তৃক স্পন্সরকৃত কৃষি সম্পর্কিত কোনো ডেলিগেশনের সদস্য হিসেবে বিদেশে সফর সম্পর্কিত কোনো নির্বাহকৃত ব্যয়, যা মূলধনি প্রকৃতির নয়;

(ঞ) বোর্ড কর্তৃক অনুমোদিত হয়েছে এমন কোনো স্কিমের সাথে সম্পর্কিত বিষয়ের উপর বাংলাদেশের নাগরিকদের প্রশিক্ষণ প্রদানে নির্বাহকৃত কোনো ব্যয়;

(ট) কোনো কৃষি সম্পর্কিত বৈজ্ঞানিক গবেষণা পরিচালনা খাতে নির্বাহকৃত ব্যয় বা এরূপ কোনো বৈজ্ঞানিক গবেষণা পরিচালনায় নির্বাহকৃত ব্যয় যার দ্বারা গবেষণাটি সম্পূর্ণ ও একান্তভাবে করদাতার কৃষির উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশে পরিচালিত হয়েছে।

হিসাববহি রক্ষণাবক্ষেণ না করার ক্ষেত্রে বিশেষ বিয়োজন পরিগণনা

কৃষি খাতে আয়ের জন্য হিসাবের খাতাপত্র রাখা না হলে উৎপাদিত কৃষি পণ্যের বাজার মূল্যের ৬০% (ষাট শতাংশ) অনুমোদিত ব্যয় হিসাবে গণ্য হবে। তবে, যেক্ষেত্রে ভূমি বা আঙ্গিনার মালিক আধি, বর্গা, ভাগা বা অংশহারে কৃষি হতে আয় প্রাপ্ত হবেন সেক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।

কৃষি খাতে আয়ের জন্য হিসাবের খাতাপত্র রাখা না হলে নিচের উদাহরণ অনুযায়ী কৃষি আয় হিসাব করতে হবে:

কৃষি হতে আয় প্রদর্শনের জন্য রিটার্নে নিম্নবর্ণিত তফসিল রয়েছে, যথা:-

তফসিল ৩

আয়ের সারসংক্ষেপ		টাকার পরিমাণ
০১	বিক্রয়/ টার্নওভার/ প্রাপ্তি	
০২	গ্রস মুনাফা	
০৩	সাধারণ ব্যয়, বিক্রয়জনিত ব্যয়, ভূমি উন্নয়ন কর, খাজনা, ঋনের সুদ, বিমা প্রিমিয়াম এবং অন্যান্য ব্যয়সমূহ	
০৪	নিট আয় (ক্রমিক ০২ হতে ক্রমিক ০৩ এর বিয়োগফল)	

৪। ব্যবসা বা পেশা হতে আয়

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৪৫-৫৬ এবং তৃতীয় তফসিল অনুযায়ী ব্যবসা বা পেশা হতে আয় পরিগণনা করতে হবে।

নিম্নবর্ণিত আয়সমূহ ব্যবসা বা পেশা হতে আয় হিসাবে পরিগণিত হবে, যথা:-

(ক) আয়বর্ষের যেকোনো সময়ে করদাতা কর্তৃক পরিচালিত বা পরিচালিত বলে গণ্য ব্যবসায়ের কোনো লাভ ও মুনাফা;

(খ) কোনো ব্যবসায় বা পেশাজীবী সংগঠন বা এরূপ কোনো সংগঠন কর্তৃক যেকোনো ব্যক্তিকে কোনো সেবা প্রদানের মাধ্যমে অর্জিত আয়;

(গ) কোনো ব্যক্তির অতীত, বর্তমান বা সম্ভাব্য ভবিষ্যৎ ব্যবসায়িক সম্পর্কের ধারাবাহিকতায় বা সম্পর্কের কারণে উদ্ভূত কোনো সুবিধার ন্যায্য বাজার মূল্য, তা অর্থে রূপান্তরযোগ্য হউক বা না হউক;

(ঘ) মুদ্রা বিনিময় হতে নগদায়িত লাভ (realized gain) যদি তা মূলধনি পরিসম্পদ অর্জন সংশ্লিষ্ট না হয়;

(ঙ) বন্ধ হয়ে যাওয়া কোনো ব্যবসা বা পেশা হতে কোনো আয়বর্ষে গৃহীত কোনো আয়;

“ব্যবসা” অর্থে নিম্নবর্ণিত বিষয়াদি অন্তর্ভুক্ত, যথা:-

(ক) কোনো ট্রেড, বাণিজ্য বা পণ্য উৎপাদন;

(খ) কোনো ট্রেড, বাণিজ্য বা পণ্য উৎপাদনধর্মী কোনো ঝুঁকি গ্রহণ বা কর্মপ্রচেষ্টা;

(গ) লাভজনক বা অলাভজনক কোনো সত্তার পণ্য বা সেবার বিনিময়; বা

(ঘ) যেকোনো পেশা বা বৃত্তি;

ব্যবসা বা পেশা হতে আয় গণনার ক্ষেত্রে অনুমোদনযোগ্য সাধারণ বিয়োজনসমূহ

কোনো আয়বর্ষে কোনো ব্যক্তির ব্যবসা বা পেশা হতে আয় পরিগণনার ক্ষেত্রে প্রত্যেক স্বতন্ত্র এবং ভিন্ন ব্যবসা বা পেশার জন্য নিম্নবর্ণিত ব্যয়সমূহ সাধারণ বিয়োজনের অন্তর্ভুক্ত হবে, যথা:-

(ক) কাঁচামাল, মজুদ, ব্যবসায়ের উদ্দেশ্যে ও ব্যবসায়ে ব্যবহারের নিমিত্ত পণ্য ক্রয় বাবদ ব্যয় এবং কোনো অবলোপিত মজুদ ব্যয়;

(খ) আয়কর আইন, ২০২৩ ও দানকর আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৪৪ নং আইন) এর অধীন পরিশোধিত নয়, তবে ব্যবসার উদ্দেশ্যে পরিশোধিত এইরূপ শুল্ক-করাদি, পৌর কর, স্থানীয় কর, ভূমি উন্নয়ন কর বা খাজনা ও সরকারি ফি;

(গ) ব্যবসার উদ্দেশ্যে ব্যবহৃত ভূমি বা আঙ্গিনার জন্য পরিশোধযোগ্য ভাড়া, উন্নয়ন ও সংরক্ষণ ব্যয়;

(ঘ) আয়কর আইন, ২০২৩ এর অধীন চাকরি হতে আয় হিসাবে পরিগণিত হয় এরূপ সকল প্রকার ব্যয়, কল্যাণ ব্যয় বা পারিশ্রমিক;

(ঙ) মেরামত ও সংরক্ষণ ব্যয়;

(চ) ব্যবসা বা পেশার উদ্দেশ্যে কৃত ও পরিশোধিত বিমা প্রিমিয়াম;

(ছ) বিদ্যুৎ ও জ্বালানিসহ অন্যান্য পরিষেবা ব্যয়;

(জ) পণ্য পরিবহণ, ক্লিয়ারিং এবং ফরওয়ার্ডিং চার্জ;

(ঝ) বিক্রয় সংশ্লিষ্ট কমিশন, দালালি, ডিসকাউন্ট বা ওয়ারেন্টি চার্জ প্রকৃতির ব্যয়;

(ঞ) বিজ্ঞাপন ও প্রচারণা ব্যয়;

(ট) কর্মীদের প্রশিক্ষণ বাবদ ব্যয়;

(ঠ) বিক্রয় প্রতিনিধিদের সম্মেলন, হোটেল ও আবাসন বাবদ ব্যয়;

(ড) যাতায়াত ও ভ্রমণ বাবদ ব্যয়;

(ঢ) ইন্টারনেট সেবা, ডাক ও টেলিযোগাযোগ সংক্রান্ত ব্যয়;

(ণ) আইনি সেবা, নিরীক্ষা সেবা ও অন্যান্য পেশাদারী সেবা গ্রহণ সংক্রান্ত ব্যয়;

(ত) আপ্যায়ন ও অতিথিশালা সংক্রান্ত ব্যয়;

(থ) আয়কর আইনের তৃতীয় তফসিল সাপেক্ষে, বৈদেশিক মুদ্রার নগদায়িত বিনিময় লোকসান;

(দ) কোনো ক্লাব বা বাণিজ্যিক সমিতিতে প্রবেশ ফি-সহ তাহাদের সুবিধাদির ব্যবহারের জন্য চাঁদা;

(ধ) সরকার কর্তৃক স্পন্সরকৃত কোনো ট্রেড ডেলিগেশনের সদস্য হিসাবে বিদেশে সফর সম্পর্কিত কোনো নির্বাহকৃত ব্যয়;

(ন) রয়্যালটি, কারিগরি ফি, হেড অফিস ব্যয়;

(প) শ্রমিক অংশগ্রহণ তহবিল, কল্যাণ তহবিল এবং বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন আইন, ২০০৬ (২০০৬ সনের ২৫ নং আইন) এর ধারা ২৩৪ এর অধীন স্থাপিত শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে প্রদত্ত অর্থ যাহা প্রদর্শিত নিট ব্যবসায়িক মুনাফার ৫% (পাঁচ শতাংশ) এর অধিক নহে; এবং

(ফ) সম্পূর্ণ ও একান্তভাবে ব্যবসায়ের উদ্দেশ্যে নির্বাহকৃত অন্যান্য ব্যয়।

এছাড়াও বিশেষ বিয়োজন হিসাবে নিম্নবর্ণিত খরচসমূহ অনুমোদনযোগ্য হবে, যথা:-

(ক) সাধারণ অবচয় ভাতা;

(খ) প্রারম্ভিক অবচয় ভাতা;

(গ) ত্বরান্বিত অবচয় ভাতা;

(ঘ) অ্যামোর্টাইজেশন ভাতা;

(ঙ) গবেষণা ও উন্নয়ন ব্যয়; এবং

(চ) কুঋণ ব্যয়।

☐ স্বনির্ধারনী পদ্ধতিতে রিটার্ন দাখিলের ক্ষেত্রে, যে আয়বর্ষে রিটার্ন দাখিল হয়েছে তার পরবর্তী ৫ (পাঁচ) আয়বর্ষের মধ্যে যেকোনো সময়ে প্রদর্শিত প্রারম্ভিক মূলধনের যেকোনো পরিমাণের ঘাটতি ব্যবসা সংশ্লিষ্ট আয়বর্ষে "ব্যবসা হতে আয়" হিসেবে গণ্য হবে।

☐ যদি কোনো আয়বর্ষে ব্যবসা বা পেশা হতে আয় পরিগণনায় কোনো ব্যক্তির নিকট প্রদেয় সুদ বা মুনাফা বাবদ কোনো অংক বিয়োজিত (খরচ) হয় এবং যে আয়বর্ষে বিয়োজিত হয়েছে তা শেষ হবার পরবর্তী ৩ (তিন) বছরের মধ্যে যদি উক্ত সুদ বা মুনাফা পরিশোধ করা না হয় তাহলে বর্ণিত ৩ (তিন) বৎসর সমাপ্তির পরবর্তী আয়বর্ষে উক্ত সুদ বা মুনাফার অপরিশোধিত অঙ্ক করদাতার "ব্যবসা বা পেশা হতে আয়" শ্রেণির আয় হিসাবে গণ্য হবে। তবে, আয় হিসাবে গণ্য হয়েছে এরূপ কোনো সুদ বা মুনাফা যদি পরবর্তী কোনো বছরে পরিশোধ করা হয়, তাহলে উক্ত পরিশোধ সংশ্লিষ্ট আয়বর্ষে উক্ত অংক করদাতার আয় পরিগণনা হতে বাদ যাবে।

স্বাভাবিক ব্যক্তি করদাতার ব্যবসা খাতে সহজে আয় নিরূপণের জন্য রিটার্নে তফসিল ৪ প্রবর্তন করা হয়েছে, যা নিম্নরূপ:-

তফসিল ৪

ব্যবসার নাম: ব্যবসার ধরন:

ঠিকানা:

আয়ের সারসংক্ষেপ		টাকার পরিমাণ
০১	বিক্রয়/ টার্নওভার/ প্রাপ্তি	
০২	গ্রস মুনাফা	
০৩	সাধারণ, প্রশাসনিক, বিক্রয়জনিত এবং অন্যান্য ব্যয়সমূহ	
০৪	কুঋণ ব্যয়	
০৫	নিট মুনাফা (ক্রমিক ০২ হতে ক্রমিক ০৩ ও ০৪ এর বিয়োগফল)	

স্থিতিপত্রের সারসংক্ষেপ		টাকার পরিমাণ
০৬	নগদ ও ব্যাংক স্থিতি	
০৭	মজুদ	
০৮	স্থায়ী পরিসম্পদ	
০৯	অন্যান্য পরিসম্পদ	
১০	মোট পরিসম্পদ (০৬+০৭+০৮+০৯)	
১১	প্রারম্ভিক মূলধন	
১২	নিট মুনাফা	
১৩	আয় বর্ষে ব্যবসা হতে উত্তোলন	
১৪	সমাপনী মূলধন (১১+১২—১৩)	
১৫	দায়সমূহ	
১৬	মোট পরিসম্পদ ও দায় (১৪+১৫)	

ব্যবসা খাতে আয় নিরূপণ এবং কর পরিগণনা নিম্নে উদাহরণের সাহায্যে দেখানো হলো:

<u>উদাহরণ-১১</u>

ধরা যাক, জনাব শাহ আলম স্টেশনারী দ্রব্যাদি ক্রয়-বিক্রয়ের ব্যবসায় নিয়োজিত। ০১ জুলাই ২০২৫ তারিখ হতে ৩০ জুন ২০২৬ তারিখ পর্যন্ত তার মোট বিক্রয়ের পরিমাণ ৪৫,০০,০০০ টাকা। বিক্রিত মালামালের ক্রয়মূল্য ৩৫,০০,০০০ টাকা, কর্মচারীর বেতন ৭২,০০০ টাকা, ইলেকট্রিক বিল, দোকান ভাড়া, ট্রেড লাইসেন্স নবায়ন ফিস ও পরিবহন খরচ এর সমষ্টি ১,১০,০০০ টাকা। এছাড়া তিনি ব্যবসায়ের মালামাল ক্রয়ের জন্য ১৫ জুলাই ২০২৫ খ্রি তারিখে ১৫,০০,০০০ টাকা ব্যাংক ঋণ নিয়েছেন এবং ৩০ জুন ২০২৬ খ্রি তারিখে উক্ত ঋণ বাবদ প্রদেয় সুদের পরিমাণ ছিলো ৮৫,০০০ টাকা। আয়বর্ষের শুরুতে তিনি দোকানের জন্য ৬০,০০০ টাকা দিয়ে একটি ফ্রিজ ক্রয় করেন।

জনাব শাহ আলমের ব্যবসা খাতে নিট আয় পরিগণনা ও করদায় হবে নিম্নরূপ:

বিবরণ	(৳)	(৳)
মোট বিক্রয়ের পরিমাণ		৪৫,০০,০০০
বাদ: বিক্রিত মালামালের ক্রয়মূল্য		(৩৫,০০,০০০)
গ্রস মুনাফা		১০,০০,০০০
বাদ: খরচ		
কর্মচারীর বেতন	৭২,০০০	
ইলেকট্রিক বিল, দোকান ভাড়া, ট্রেড লাইসেন্স নবায়ন ফিস ও পরিবহন খরচ	১,১০,০০০	
ফ্রিজ ক্রয় বাবদ ব্যয় ৬০,০০০ মূলধনী জাতীয় খরচ বিধায় এ খরচ নিট আয় নির্ণয়ের ক্ষেত্রে বাদ দেয়া যাবে না	শূন্য	
মোট খরচ		(১,৮২,০০০)
ব্যবসা খাতে অবচয়-পূর্ব আয়		৮,১৮,০০০
বাদ: অবচয় (Depreciation) (ব্যবসায় ব্যবহৃত হবার কারণে ফ্রিজ ক্রয় বাবদ ৬০,০০০ টাকার উপর তৃতীয় তফসিল অনুযায়ী ১০% হারে ৬,০০০ টাকা অবচয় ভাতা প্রাপ্য হবেন)		(৬,০০০)
ব্যবসা খাতে নিট আয়=		৮,১২,০০০

করদাতার নিরূপিত নিট আয় ৮,১২,০০০ টাকার বিপরীতে করদায়ের পরিমাণ হবে নিম্নরূপ:

বিবরণ	(৳)
প্রথম ৪,০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য
পরবর্তী ৩,০০,০০০ টাকা আয়ের উপর ১০%	৩০,০০০
অবশিষ্ট ১,১২,০০০ টাকা আয়ের উপর ১৫%	১৬,৮০০
৮,১২,০০০ টাকার আয়ের উপর মোট আয়কর	৪৬,৮০০

করদাতাকে মোট ৪৬,৮০০ টাকা পরিশোধ করতে হবে।

৫। মূলধনি আয়

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৫৭-৬১ অনুযায়ী মূলধনি আয় পরিগণনা করতে হবে।

মূলধনি পরিসম্পদের মালিকানা হস্তান্তর হতে উদ্ভূত মুনাফা ও লাভ মূলধনি আয় হবে। তবে কোনো পরিসম্পদ যা প্রকৃত অর্থে হস্তান্তরিত হয়নি, তা হতে উদ্ভূত কোনো ধারণাগত লাভ বা মুনাফা মূলধনি আয় হিসাবে পরিগণিত হবেনা।

পরিসম্পদের উন্মুক্ত বাজারে বিক্রয় বা হস্তান্তর মূল্য এবং উক্ত পরিসম্পদের অর্জন মূল্যের পার্থক্য মূলধনি আয় হিসাবে পরিগণিত হবে। পরিসম্পদের উন্মুক্ত বাজারে বিক্রয় বা হস্তান্তর মূল্য হবে 'ক' এবং 'খ' এর মধ্যে যা অধিক, যেখানে-

ক = পরিসম্পদ হস্তান্তর হতে প্রাপ্ত বা উপচিত অর্থ; এবং

খ = হস্তান্তরের তারিখে পরিসম্পদের ন্যায্য বাজার মূল্য;

"পরিসম্পদের অর্জন মূল্য" বলতে-

(অ) কোনো পরিসম্পদের অর্জন মূল্য হবে নিম্নবর্ণিত খরচসমূহের সমষ্টি-

(১) এরূপ কোনো খরচ যা কেবল উক্ত পরিসম্পদের স্বত্ব হস্তান্তরের সাথে সম্পর্কিত;

(২) পরিসম্পদের ক্রয়মূল্য; এবং

(৩) আয়কর আইনের ধারা ৩৮, ৪২, ৪৯, ৫০ বা ৬৪ অনুযায়ী অনুমোদিত খরচ ব্যতীত উক্ত পরিসম্পদ উন্নয়নের খরচ (যদি থাকে);

(আ) যেক্ষেত্রে হস্তান্তরকারি উক্ত পরিসম্পদ নিম্নবর্ণিতভাবে অর্জন করেছেন-

(১) কোনো উপহার, দান বা উইলের অধীন;

(২) সাকসেশন, উত্তরাধিকার বা পরম্পরাক্রমে;

(৩) প্রত্যাহারযোগ্য বা অপ্রত্যাহারযোগ্য কোনো ট্রাস্টের হস্তান্তরের অধীন;

(৪) কোনো কোম্পানি অবসায়নের জন্য মূলধনি পরিসম্পদের কোনো বিতরণের মাধ্যমে; বা

(৫) কোনো ফার্ম বা ব্যক্তিসংঘ বা হিন্দু অবিভক্ত পরিবারের বিভাজনের ক্ষেত্রে মূলধনি পরিসম্পদের বিতরণের মাধ্যমে,

সেক্ষেত্রে হস্তান্তরকারী কর্তৃক উক্ত পরিসম্পদের মালিকানা অর্জনের তারিখের ন্যায্য বাজার মূল্য উক্ত পরিসম্পদের অর্জনমূল্য হিসাবে বিবেচিত হবে।

"মূলধনি পরিসম্পদ" অর্থ-

(ক) কোনো করদাতা কর্তৃক ধারণকৃত যেকোনো প্রকৃতির বা ধরনের সম্পত্তি;

(খ) কোনো ব্যবসা বা উদ্যোগ (undertaking) সামগ্রিকভাবে বা ইউনিট হিসাবে;

(গ) কোনো শেয়ার বা স্টক,

তবে নিম্নবর্ণিত বিষয়সমূহ এর অন্তর্ভুক্ত নয়, যথা:-

(অ) করদাতার ব্যবসার উদ্দেশ্যে ধারণকৃত কোনো মজুদ, ভোগ্য পণ্য বা কাঁচামাল;

(আ) ব্যক্তিগত ব্যবহার্য সামগ্রী, যেমন- অস্থাবর সম্পত্তি অর্থে অন্তর্ভুক্ত পরিধেয় পোশাক, স্বর্ণালংকার, আসবাবপত্র, ফিক্সার বা কারুপণ্য, যন্ত্রপাতি ও যানবাহন যা করদাতা কর্তৃক অথবা তার উপর নির্ভরশীল পরিবারের কোনো সদস্য কর্তৃক কেবল ব্যক্তিগত প্রয়োজনে ব্যবহার করা হয় এবং তার ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা হয় না।

অর্থাৎ মূলধনি পরিসম্পদের মধ্যে জমি, বাড়ী, এ্যাপার্টমেন্ট, কমার্শিয়াল স্পেস, স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানির শেয়ার বা মিউচ্যুয়াল ফান্ড ইউনিট ইত্যাদি অন্তর্ভুক্ত। অন্যদিকে ব্যক্তিগত ব্যবহার্য গাড়ী, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি অন্তর্ভুক্ত হবে না।

- কোনো স্বাভাবিক ব্যক্তি কর্তৃক গৃহীত অনধিক ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার কোনো মূলধনি আয় মোট আয় পরিগণনা হতে বাদ যাবে, যদি তা -

  (ক) তালিকাভুক্ত কোনো কোম্পানি বা তহবিলের শেয়ার বা ইউনিট অথবা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক স্বীকৃত কোনো তহবিলের শেয়ার বা ইউনিট হস্তান্তর হতে অর্জিত হয়; এবং

  (খ) কোনো কোম্পানি বা তহবিলের স্পনসর, ডিরেক্টর বা প্লেসমেন্ট শেয়ার বা ইউনিট হস্তান্তর হতে অর্জিত না হয়।

- কোনো ব্যক্তি কর্তৃক কোনো জমি বা জমিসহ স্থাপনা হস্তান্তরকালে দলিল মূল্যের অতিরিক্ত কোনো অর্থ গৃহীত হলে উক্ত গৃহীত অতিরিক্ত অর্থ মূলধনী আয় হিসাবে গণ্য হবে এবং এরূপ মূলধনী আয়ের উপর সপ্তম তফসিলের অনুচ্ছেদ ১ এর করহার অনুসারে কর প্রদান করতে হবে:

  (অ) যেক্ষেত্রে মূলধনি পরিসম্পদ অর্জন বা প্রাপ্তির অনধিক ৫ (পাঁচ) বছরের মধ্যে পরিসম্পদ হস্তান্তর হয় সেক্ষেত্রে এইরূপ মূলধনি আয় মোট আয়ের অন্তর্ভুক্ত হবে এবং মোট আয়ের উপর নিয়মিত হারে করারোপিত হবে।

  (আ) যেক্ষেত্রে মূলধনি পরিসম্পদ অর্জন বা প্রাপ্তির পাঁচ বছর অতিক্রান্ত হবার পর পরিসম্পদ হস্তান্তর হয় সেক্ষেত্রে এইরূপ মূলধনি আয়ের উপর ১৫% হারে করারোপিত হবে।

  তবে শর্ত থাকে যে, দলিল মূল্যের অতিরিক্ত গৃহীত অর্থ ব্যাংক বিবরণীসহ দালিলিক প্রমাণাদি দ্বারা সমর্থিত হতে হবে।

- ভূমি বা ভূমিসহ স্থাপনা এর মালিক বিশেষায়িত (Specified) চুক্তির মাধ্যমে কোনো ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপারকে ভূমি বা ভূমিসহ স্থাপনা উন্নয়নের জন্য প্রদান করার প্রেক্ষিতে এর বিনিময়ে নগদ অর্থ, ফ্ল্যাট বা অন্য কোনো সুবিধা প্রাপ্ত হলে, উক্ত প্রাপ্তি মূলধনী প্রাপ্তি হিসেবে বিবেচিত হবে। এ ক্ষেত্রে প্রাপ্ত সুবিধার মোট আর্থিক মূল্য হতে ভূমি বা ভূমিসহ স্থাপনার অর্জনমূল্য বাদ দিলে যা অবশিষ্ট থাকে তা মূলধনী মুনাফা। এই মূলধনী মুনাফার ১৫%(পনেরো শতাংশ) মূলধনী মুনাফা কর নির্ধারণ করা হবে। করদাতা ইচ্ছা করলে এই কর সংশ্লিষ্ট করবর্ষ এবং পরবর্তী দুই করবর্ষে সমান তিন কিস্তিতে পরিশোধ করতে পারবেন।

- ব্যক্তিগত স্বর্ণ, রৌপ্য, স্বর্ণালংকার, রৌপ্যালংকার, রত্ন-হীরক, ধাতব মুদ্রা, মূল্যবান ধাতু, চিত্রকর্ম, এন্টিকস (Antiques), ক্লাবের মেম্বারশিপ হস্তান্তর হতে অর্জিত মুনাফা, মূলধনি মুনাফা হিসাবে বিবেচিত হবে।

<u>মূলধনী লাভ খাতে আয় পরিগণনা</u>

<u>উদাহরণ-১২</u>

জনাব আব্দুল হাই ঢাকার গুলশান এলাকার বাসিন্দা। তিনি ২০২৫-২৬ আয়বর্ষে ব্যবসা হতে ১৫,০০,০০০ টাকা নিট মুনাফা প্রাপ্ত হন। উক্ত আয়ের বিপরীতে ২০২৫-২৬ অর্থবছরে তিনি ১,৫০,০০০ টাকা অগ্রিম কর পরিশোধ করেন। জনাব আব্দুল হাই এর ক্যাপিটাল মার্কেট হতে Realized Gain রয়েছে ৬০,০০,০০০ টাকা এবং Unrealized Gain রয়েছে ৩০,০০,০০০ টাকা। বিবেচ্য আয়বর্ষে

তিনি ফাইন্যান্স কোম্পানি কর্তৃক ইস্যুকৃত ১২,০০,০০০ টাকা মূল্যের ইউনিট সার্টিফিকেট ক্রয় করেন। করদাতার ২০২৬-২০২৭ করবর্ষের আয় ও কর পরিগণনা হবে নিম্নরূপ:

ক্রম	আয়ের খাত	(৳)	করযোগ্য মোট আয় (৳)
১।	ব্যবসা হতে নিট আয়		১৫,০০,০০০
২।	ক্যাপিটাল মার্কেট হতে Realized Gain (মূলধনি আয়) (৫০ লক্ষ টাকা পর্যন্ত করমুক্ত)	(৬০,০০,০০০−৫০,০০,০০০)	১০,০০,০০০
		মোট আয়	২৫,০০,০০০

<u>নোটঃ</u> Unrealized Gain একজন করদাতার আয় হিসেবে বিবেচিত হবে না। একই সাথে, এটি সম্পদ পরিবৃদ্ধির উৎস হিসেবেও প্রদর্শনযোগ্য নয়।

আয়ের ধাপ		কর হার	করের পরিমাণ(৳)
প্রথম ৪,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর		০	০
পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর		১০%	৩০,০০০
পরবর্তী ৪,০০,০০০ পর্যন্ত আয়ের উপর		১৫%	৬০,০০০
অবশিষ্ট ৪,০০,০০০ পর্যন্ত আয়ের উপর		২০%	৮০,০০০
নিয়মিত উৎসের আয় ১৫ লক্ষ টাকার উপর করদায়			১,৭০,০০০
Realized Gain (মূলধনি আয়) ১০,০০,০০০ এর উপর সপ্তম তফসিলের বিশেষ করহার অনুযায়ী করদায় (১০,০০,০০০×১৫%)			১,৫০,০০০
মোট করদায়			৩,২০,০০০
কর রেয়াত পরিগণনা			
(অ)	১৫,০০,০০০ × ০.০৩	৪৫,০০০	
(আ)	১২,০০,০০০ × ০.১	১,২০,০০০	
(ই)	কর রেয়াতের সর্বোচ্চ অনুমোদিত সীমা	৭,৫০,০০০	
মোট কর রেয়াতের পরিমাণ হচ্ছে (অ), (আ) এবং (ই) এর মধ্যে যেটি কম =			(৪৫,০০০)
রেয়াতের পরে অবশিষ্ট প্রদেয় কর			২,৭৫,০০০
অগ্রিম কর ও উৎসে কর্তিত করের ক্রেডিট			
অগ্রিম প্রদত্ত কর			(১,৫০,০০০)
ধারা ১৭৩ অনুযায়ী প্রদেয় কর			১,২৫,০০০

<u>উদাহরণ-১৩</u>

জনাব মিনহাজ আহমেদ একজন আইনজীবী। ২০২৫-২৬ আয়বর্ষে তার পেশা থেকে মোট প্রাপ্তি ছিলো ১২,০০,০০০ টাকা। তিনি উক্ত প্রাপ্তির বিপরীতে ৪,০০,০০০ টাকা খরচ প্রদর্শন করেছেন। তিনি ০১

জুন ২০২৬ তারিখে ঢাকার গুলশান এলাকায় পাঁচ কাঠার একটি বাণিজ্যিক প্লট ৭ কোটি টাকায় বিক্রয় করেন যদিও তিনি দলিলমূল্য ৫ কোটি টাকা প্রদর্শন করেন। দলিল মূল্যের বাইরে করদাতা প্লট বিক্রয় বাবদ অতিরিক্ত প্রাপ্ত ২ কোটি টাকা ব্যাংকের মাধ্যমে গ্রহণ করেন। এর সমর্থনে করদাতা প্লটের বায়না দলিল ও ব্যাংক বিবরণী দাখিল করেছেন। হস্তান্তর দলিল রেজিস্ট্রেশনকালে তিনি ২৫ লাখ টাকা উৎসে অগ্রিম কর পরিশোধ করেন। উক্ত প্লট তিনি তার পিতার নিকট হতে ২১ জানুয়ারি ২০১৭ খ্রিষ্টাব্দে হেবামূলে পেয়েছিলেন। হেবা দলিলে জমির মূল্য হিসেবে ২৫ লাখ টাকা উল্লেখ রয়েছে, যা তিনি পরিসম্পদ ও দায় বিবরণীতে প্রদর্শন করেছেন। করদাতার ২০২৬-২০২৭ করবর্ষের আয় ও কর পরিগণনা হবে নিম্নরূপ:

ক্রম	আয়ের খাত	(৳)	করযোগ্য মোট আয় (৳)
১।	পেশা হতে নিট প্রাপ্তি	১২,০০,০০০	
	বাদঃ প্রদর্শিত খরচ	(৪,০০,০০০)	
	পেশা হতে করযোগ্য আয়		৮,০০,০০০
২।	জমি হস্তান্তর হতে দলিল মূল্য অনুযায়ী মূলধনি আয়	(৫,০০,০০,০০০—২৫,০০,০০০)	৪,৭৫,০০,০০০
৩।	জমি হস্তান্তর হতে দলিল মূল্যের অতিরিক্ত গৃহীত অর্থ বাবদ অর্জিত মূলধনি আয়		২,০০,০০,০০০
		মোট আয়	৬,৮৩,০০,০০০

কর পরিগণনা		
আয়ের ধাপ	কর হার	করের পরিমাণ (৳)
প্রথম ৪,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	০	০
পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	১০%	৩০,০০০
অবশিষ্ট ১,০০,০০০ টাকা আয়ের উপর	১৫%	১৫,০০০
নিয়মিত উৎসের আয় ৮ লক্ষ টাকার উপর করদায়		৪৫,০০০
জমি হস্তান্তর হতে মূলধনী আয়ের উপর করদায় (৬,৭৫,০০,০০০×১৫%)		১,০১,২৫,০০০
মোট করদায়		১,০১,৭০,০০০
উৎসে কর্তিত করের ক্রেডিট:		
জমি বিক্রয়মূল্যের উপর উৎসে কর্তিত কর		(২৫,০০,০০০)
ধারা ১৭৩ অনুযায়ী প্রদেয় কর		৭৬,৭০,০০০

উদাহরণ-১৪

জনাব নাফিজুল হক শাওন ২০১১ সালে ঢাকার পূর্বাচল এলাকায় ৫ শতাংশ জমি ক্রয় করেন যার ক্রয়মূল্য ছিলো ৭০,০০,০০০ টাকা। ২০২২ সালে তিনি ভবন নির্মাণের উদ্দেশ্যে চুক্তি অনুযায়ী উক্ত জমি “নাভানা রিয়েল স্টেট লিমিটেড” নামক ডেভেলপারকে হস্তান্তর করেন। ২০২৬ সালের জানুয়ারি মাসে করদাতা উক্ত চুক্তি অনুযায়ী ৪ টি ফ্ল্যাট গ্রহণ করেন যার আর্থিক মূল্য ১,৮০,০০,০০০ টাকা। এছাড়া করদাতা উক্ত আয়বর্ষে ২০,০০,০০০ টাকায় তার ব্যক্তিগত স্বর্ণালংকার বিক্রয় করেন। উক্ত

স্বর্ণালংকার তিনি ২০১২ সালে ৮,০০,০০০ টাকায় অর্জন করেছিলেন। করদাতার ২০২৬-২০২৭ করবর্ষের আয় ও কর পরিগণনা হবে নিম্নরূপ:

ক্রম	আয়ের খাত	(৳)	করযোগ্য মোট আয় (৳)
১।	ব্যক্তিগত স্বর্ণালংকার বিক্রয় বাবদ মূলধনী আয়	(২০,০০,০০০—৮,০০,০০০)	১২,০০,০০০
২।	ডেভেলপার থেকে প্রাপ্ত ফ্ল্যাট বাবদ মূলধনী আয়	(১,৮০,০০,০০০ — ৭০,০০,০০০)	১,১০,০০,০০০
		মোট আয়	১,২২,০০,০০০

কর পরিগণনা		
আয়ের ধাপ	কর হার	করের পরিমাণ(৳)
ব্যক্তিগত স্বর্ণালংকার বিক্রয় বাবদ মূলধনী আয় ১২,০০,০০০ টাকা	৫%	৬০,০০০
ডেভেলপার থেকে প্রাপ্ত ফ্ল্যাট বাবদ মূলধনী আয় ১,১০,০০,০০০ টাকা	১৫%	১৬,৫০,০০০
	মোট করদায়	১৭,১০,০০০

উল্লেখ্য যে, ডেভেলপার থেকে প্রাপ্ত ফ্ল্যাট বাবদ মূলধনী আয়ের উপর কর ১৬,৫০,০০০ টাকা ২০২৬-২৭ করবর্ষ ও পরবর্তী ২ (দুই) করবর্ষের মধ্যে সমান কিস্তিতে বণ্টনপূর্বক পরিশোধ করা যাবে।

৬। আর্থিক পরিসম্পদ হতে আয়

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৬২-৬৫ অনুযায়ী আর্থিক পরিসম্পদ হতে আয় পরিগণনা করতে হবে।

কোনো ব্যক্তির নিম্নবর্ণিত আয় "আর্থিক পরিসম্পদ হতে আয়" খাতের অধীন পরিগণিত হবে, যথা:-

(ক) সরকারি বা সরকার কর্তৃক অনুমোদিত সিকিউরিটিজের সুদ, মুনাফা বা বাট্টা;

(খ) স্থানীয় কর্তৃপক্ষ বা কোম্পানি কর্তৃক ইস্যুকৃত ডিবেঞ্চার বা অন্য কোনো প্রকারের সিকিউরিটিজের সুদ, মুনাফা বা বাট্টা;

(গ) নিম্নবর্ণিত উৎস হতে প্রাপ্য সুদ বা মুনাফা, যথা: -

(অ) কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে রক্ষিত আমানত, তাহা যে নামেই অভিহিত হউক না কেন;

(আ) কোনো আর্থিক পরিসম্পদ, পণ্য বা স্কিম;

(ঘ) লভ্যাংশ।

তবে, আর্থিক পরিসম্পদ হস্তান্তর হতে অর্জিত মূলধনি আয় "আর্থিক পরিসম্পদ হতে আয়" হিসাবে পরিগণিত হবে না।

"সিকিউরিটিজ" অর্থে অন্তর্ভুক্ত হবে-

(ক) সরকার কর্তৃক ইস্যুকৃত ট্রেজারি বিল, বন্ড, সঞ্চয়পত্র, ঋণপত্র (debenture), সুকুক বা শরীয়াহ ভিত্তিক ইস্যুকৃত সিকিউরিটি বা অনুরূপ দলিল;

(খ) কোনো কোম্পানি বা আইনগত সত্তা বা ইস্যুয়ার কর্তৃক ইস্যুকৃত শেয়ার বা স্টক, বন্ধক বা চার্জ বা হাইপোথিকেশনের মাধ্যমে ইস্যুকৃত দলিল, বন্ড, ডিবেঞ্চার, ডেরিভেটিভস, মিউচুয়াল ফান্ড বা অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ডসহ যেকোনো যৌথ বিনিয়োগ স্কিমের ইউনিট, সুকুক বা শরীয়াহ ভিত্তিক ইস্যুকৃত অনুরূপ দলিল, এবং পূর্বোল্লিখিত দলিল গ্রহণার্থে ক্রয়ের অধিকার বা ক্ষমতাপত্র (warrant):

তবে, কোনো মুদ্রা বা নোট, ড্রাফট, চেক, বিনিময়পত্র, ব্যাংকের স্বীকৃতিপত্র, ব্যবসায়িক দেনাদারদের নিকট প্রাপ্য অর্থ (trade receivables) বা ব্যবসায়িক পাওনাদারদেরকে প্রদেয় অর্থ (trade payables) এর অন্তর্ভুক্ত হবে না।

আর্থিক পরিসম্পদ হতে আয় পরিগণনার ক্ষেত্রে অনুমোদনযোগ্য খরচ

“আর্থিক পরিসম্পদ হতে আয়” খাতের আয় পরিগণনার ক্ষেত্রে, নিম্নবর্ণিত খরচসমূহ অনুমোদিত হবে, যথা: -

(ক) ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানি কর্তৃক করদাতাকে সুদ বা মুনাফা প্রদানের বিপরীতে আয়কর ব্যতীত কর্তনকৃত অর্থ;

(খ) কেবল “আর্থিক পরিসম্পদ হতে আয়” অর্জনের উদ্দেশ্যে ঋণকৃত অর্থের উপর পরিশোধিত সুদ;

(গ) কেবল সংশ্লিষ্ট আয় অর্জনের উদ্দেশ্যে, দফা (ক) বা (খ) তে উল্লিখিত ব্যয় ব্যতীত, নির্বাহকৃত অন্য কোনো ব্যয়।

৭। অন্যান্য উৎস হতে আয়

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৬৬-৬৯ অনুযায়ী অন্যান্য উৎস হতে আয় পরিগণনা করতে হবে। কোনো করদাতার নিম্নবর্ণিত আয়সমূহ অন্যান্য উৎস হতে আয় খাতের অধীন শ্রেণিভুক্ত ও পরিগণিত হবে, যথা: -

(ক) রয়্যালটি, লাইসেন্স ফি, কারিগরি জ্ঞানের জন্য ফি এবং স্পর্শাতীত সম্পত্তির ব্যবহারের অধিকার প্রদানের মাধ্যমে অর্জিত আয়;

তবে, এই দফায় উল্লিখিত আয় যদি করদাতার পরিচালিত ব্যবসার অংশ হিসাবে নিয়মিতভাবে অর্জিত হয়, তাহলে উক্ত আয় ‘ব্যবসা বা পেশা হতে আয়’ হিসাবে পরিগণিত হবে।

(খ) সরকার প্রদত্ত নগদ ভর্তুকি;

(গ) খনিজ মজুদ ও হাইড্রোকার্বন (mineral deposits and hydrocarbons) এবং সুনাম (goodwill) ব্যতীত অন্য কোনো পরিসম্পদ, যা প্রাকৃতিক বা কোনো ব্যক্তির স্বীয় সৃষ্ট, হস্তান্তর হতে অর্জিত আয়;

(ঘ) যেকোনো দান, অনুদান বা উপহার, তা যে নামেই অভিহিত হউক না কেন;

(ঙ) জয়েন্ট ভেঞ্চার কর্তৃক অংশীদারগণের মধ্যে কর পরবর্তী মুনাফার বন্টনকৃত অর্থের পরিমাণ;

(চ) ধারা ৩০ এ বর্ণিত অন্য কোনো খাতের অধীন শ্রেণিভুক্ত হয় নাই এইরূপ কোনো উৎস হতে আয়।

- স্বামী-স্ত্রী, আপন ভাই বা বোন, পিতা-মাতা বা সন্তানের নিকট হতে গৃহীত ঋণ পরবর্তীতে মওকুফ করলে বা দানে রূপান্তরিত করলে এবং উভয়ের রিটার্নে তাহার প্রতিফলন থাকলে উক্ত অর্থ আয় হিসেবে বিবেচিত হবে না।

- অন্যান্য উৎস হতে আয়ভুক্ত কোনো উৎস হতে উৎসে কর কর্তন/আদায় করা হয়ে থাকলে করদাতা মোট (Gross) প্রাপ্তি আয় হিসেবে প্রদর্শন করবেন, নিট (Net) প্রাপ্তি নয়।

উদাহরণ-১৫

মিজ্ ফাতেমা-তুজ-জান্নাত বক্তৃতা দিয়ে উৎসে ১০,০০০ টাকা কর কেটে রাখার পর ৯০,০০০ টাকার একটি চেক পেয়েছেন। তাহলে বক্তৃতা বাবদ ফাতেমা-তুজ-জান্নাতের অন্যান্য উৎসের আয় হবে (৯০,০০০ + ১০,০০০) = ১,০০,০০০ টাকা। উৎসে কেটে রাখা আয়কর তার জন্য অগ্রিম কর পরিশোধ হিসেবে বিবেচিত হবে যা তিনি আয়কর রিটার্নে প্রদর্শন/দাবী করতে পারবেন। মোট আয়ের উপর নিরূপিত করদায়ের বিপরীতে এরূপে পরিশোধিত অগ্রিম করের ক্রেডিট পাওয়া যাবে। উদাহরণস্বরূপ, যদি করদাতার আয়ের সকল উৎসের জন্য নিরূপিত মোট আয়ের উপর করদায়ের পরিমাণ ৫৫,০০০ টাকা হয় তাহলে করদাতাকে ১০,০০০ টাকা বাদে অবশিষ্ট (৫৫,০০০ − ১০,০০০) = ৪৫,০০০ টাকা আয়কর পরিশোধ করতে হবে।

৮। ফার্ম বা ব্যক্তি-সংঘের আয়ের অংশ

করদাতা কোনো অংশীদারি ফার্মের অংশীদার বা ব্যক্তি-সংঘের সদস্য হলে ফার্ম বা ব্যক্তি-সংঘ থেকে পাওয়া তার আয়ের অংশ মোট আয়ে অন্তর্ভুক্ত হবে। তবে আয়ের এ অংশের জন্য গড়করণের মাধ্যমে কর রেয়াত পাবেন।

ব্যক্তিসংঘের কোনো সদস্য বা ফার্মের কোনো অংশীদারের মোট আয়ে ব্যক্তিসংঘ বা, ক্ষেত্রমত, ফার্ম হতে উদ্ভূত করারোপিত শেয়ার আয় অন্তর্ভুক্ত হলে উক্ত শেয়ার আয়ের উপর গড় হারে হিসাবকৃত কর পরিশোধযোগ্য হবে না।

নিম্নবর্ণিত সূত্র অনুসারে গড় হারে কর হিসাব করতে হবে, যথা:-

ট= ক × (খ/গ), যেইক্ষেত্রে-

ট= গড় হারে কর,

ক= ফার্ম বা ব্যক্তিসংঘের শেয়ার আয়সহ মোট আয়ের উপর কর রেয়াত পূর্ব হিসাবকৃত কর,

খ= ফার্ম বা ব্যক্তিসংঘের কর পরবর্তী মুনাফা হতে প্রাপ্ত শেয়ার আয়,

গ= ফার্ম বা ব্যক্তিসংঘের কর পরবর্তী মুনাফা হতে প্রাপ্ত শেয়ার আয়সহ মোট আয়।

উদাহরণ-১৬

ধরা যাক, জনাব নিয়ামত উল্লাহ একটি ফার্মের ১/৩ অংশের অংশীদার। ৩০ জুন ২০২৬ তারিখে সমাপ্ত আয়বর্ষে ঐ ফার্ম মুনাফা করেছে ৯,০০,০০০ টাকা এবং কর পরিশোধ করেছে ৫২,৫০০ টাকা। জনাব নিয়ামত উল্লাহ ফার্মের অংশীদার হিসেবে মুনাফার হিস্যা পেয়েছেন = (৯,০০,০০০/৩) = ৩,০০,০০০ টাকা। এছাড়া, সংশ্লিষ্ট আয়বর্ষে তাঁর ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে অবস্থিত গৃহ-সম্পত্তির নিট আয় ছিল ৪,০০,০০০ টাকা। সংশ্লিষ্ট করবর্ষে করদাতা মোট ২,৫০,০০০ টাকা সঞ্চয়পত্র ক্রয়ে বিনিয়োগ করেছেন।

২০২৬-২৭ করবর্ষে জনাব নেয়ামতের মোট আয় হবে (৩,০০,০০০ + ৪,০০,০০০) = ৭,০০,০০০ টাকা। মোট আয়ের উপর আয়করের পরিমাণ নিম্নরূপ:

কর পরিগণনাঃ

আয়ের ধাপ		কর হার	করের পরিমাণ (৳)
প্রথম ৪,০০,০০০		০	০
অবশিষ্ট ৩,০০,০০০		১০%	৩০,০০০
		মোট আয়ের উপর আয়কর	৩০,০০০
ফার্মের অংশীদারি আয়ের জন্য করদাতা যে কর রেয়াত (ফার্মের করারোপিত আয়ের আনুপাতিক অংক) পাবেন এবং উক্ত রেয়াত পাওয়ার পরে তাকে যে পরিমাণ কর পরিশোধ করতে হবে তা নিম্নরূপ: ট= ক × (খ/গ) ট= ৩০,০০০ × (৩,০০,০০০/৭,০০,০০০) ট= ১২,৮৫৭ টাকা			
করদাতার প্রদেয় করের পরিমাণ (৩০,০০০ — ১২,৮৫৭)			১৭,১৪৩
কর রেয়াত পরিগণনা			
(অ)	৪,০০,০০০ × ০.০৩	১২,০০০	
(আ)	২,৫০,০০০ × ০.১	২৫,০০০	
(ই)	কর রেয়াতের সর্বোচ্চ অনুমোদিত সীমা	৭,৫০,০০০	
মোট কর রেয়াতের পরিমাণ হচ্ছে (অ), (আ) এবং (ই) এর মধ্যে যেটি কম =			(১২,০০০)
		ধারা ১৭৩ অনুযায়ী প্রদেয় কর	৫,১৪৩

৯। স্বামী/ স্ত্রী বা অপ্রাপ্তবয়স্ক সন্তানদের আয় [(আয়কর আইন, ২০২৩ এর ধারা ৩১(১)]

করদাতার স্বামী/স্ত্রী বা অপ্রাপ্ত বয়স্ক সন্তানদের নামে যদি পৃথকভাবে আয়কর নথি না থাকে তাহলে আয়কর আইন, ২০২৩ এর ধারা ৩১(১) অনুযায়ী তাদের আয় করদাতার আয়ের সাথে একত্রে প্রদর্শন করতে হবে।

কোনো ব্যক্তির স্বামী বা স্ত্রী বা অপ্রাপ্তবয়স্ক সন্তানের আয় উক্ত ব্যক্তির মোট আয়ের অন্তর্ভুক্ত হবে, যদি-

(অ) উক্ত স্বামী বা স্ত্রী বা অপ্রাপ্তবয়স্ক সন্তান তাহার উপর নির্ভরশীল হন;

(আ) এরূপ আয়ের উপর উক্ত ব্যক্তির যুক্তিসঙ্গত নিয়ন্ত্রণ থাকে; বা

(ই) তিনি এরূপ একীভূতকরণে ইচ্ছুক হন:

তবে, উক্ত স্বামী বা স্ত্রী বা অপ্রাপ্তবয়স্ক সন্তানের পৃথক কর নির্ধারণ করা হলে এই বিধান প্রযোজ্য হবে না।

চতুর্থ ভাগ
করদায় পরিগণনা

মোট আয়ের উপর আরোপযোগ্য আয়কর

মোট আয় ও কর নির্ধারণের ধাপসমূহ

প্রথমে সকল খাতের আয় যোগ করে মোট আয় পরিগণনা করতে হবে। এরপর আয়ের খাতের উপর প্রযোজ্য করহার আরোপ করে করদায় নিরূপণ করতে হবে। মোট করদায়ের উপর প্রযোজ্য হারে সারচার্জ পরিগণনা করতে হবে।

সাধারণভাবে, মোট আয়ের উপর করহারের তফসিল অনুযায়ী করহার প্রয়োগ করে একজন করদাতার মোট আয়ের উপর আরোপযোগ্য আয়করের পরিমাণ নিরূপণ করা হয়। উদাহরণস্বরূপ, একজন পুরুষ করদাতার মোট আয়ের পরিমাণ ৫০,০০,০০০ টাকা হলে তার মোট আয়ের উপর ২০২৬-২৭ করবর্ষে আরোপযোগ্য আয়করের পরিমাণ হবে নিম্নরূপ:

মোট আয়	করহার	করের পরিমাণ (৳)
প্রথম ৪,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য	শূন্য
পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	১০%	৩০,০০০
পরবর্তী ৪,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	১৫%	৬০,০০০
পরবর্তী ৫,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	২০%	১,০০,০০০
পরবর্তী ২০,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	২৫%	৫,০০,০০০
অবশিষ্ট ১৪,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	৩০%	৪,২০,০০০
৫০,০০,০০০ টাকার উপর মোট আয়করের পরিমাণ		১১,১০,০০০

করদাতা যদি মহিলা করদাতা হন অথবা ৬৫ বছর বা তদূর্ধ্ব বয়সের করদাতা হন তাহলে মোট আয়ের উপর আরোপযোগ্য আয়করের পরিমাণ হবে নিম্নরূপ:

মোট আয়	করহার	করের পরিমাণ (৳)
প্রথম ৪,৫০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	শূন্য	শূন্য
পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	১০%	৩০,০০০
পরবর্তী ৪,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	১৫%	৬০,০০০
পরবর্তী ৫,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	২০%	১,০০,০০০
পরবর্তী ২০,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	২৫%	৫,০০,০০০
অবশিষ্ট ১৩,৫০,০০০ টাকা আয়ের উপর	৩০%	৪,০৫,০০০
৫০,০০,০০০ টাকার উপর মোট আয়করের পরিমাণ		১০,৯৫,০০০

তৃতীয় লিঙ্গ বা প্রতিবন্ধী স্বাভাবিক ব্যক্তি করদাতার ক্ষেত্রে করমুক্ত আয়ের সীমা ৫,২৫,০০০ টাকা; গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং জুলাই গণঅভ্যুত্থান ২০২৪ এ আহত গেজেটভুক্ত জুলাই যোদ্ধা করদাতার ক্ষেত্রে করমুক্ত আয়ের সীমা হবে ৫,৫০,০০০ টাকা। ফলে এসব করদাতার ক্ষেত্রে মোট আয়ের উপর আরোপযোগ্য আয়করের পরিমাণ কিছুটা কম হবে। প্রতিবন্ধী সন্তান বা পোষ্য রয়েছে এমন পিতামাতা বা আইনানুগ অভিভাবকের ক্ষেত্রে করমুক্ত সীমা প্রত্যেক সন্তান বা পোষ্যের জন্য ৫০,০০০ টাকা বেশি হবে। তবে প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হলে যেকোনো একজন এ সুবিধা পাবেন। করদাতা কোনো প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবক হলে মোট আয়ের উপর আরোপযোগ্য আয়কর কিভাবে নিরূপিত হবে তার উদাহরণ নিম্নে দেয়া হলো:

<u>উদাহরণ-১৭</u>

ধরা যাক, জনাব সংগ্রাম চৌধুরী এবং তার স্ত্রী মিজ্ বিউটি আক্তার দু'জনেই করদাতা এবং তাদের দুইজন সন্তান প্রতিবন্ধী ব্যক্তির সংজ্ঞা অনুযায়ী প্রতিবন্ধী হিসেবে বিবেচিত। ৩০ জুন ২০২৬ তারিখে সমাপ্ত আয়বর্ষে জনাব সংগ্রাম চৌধুরীর মোট আয় ৬,০০,০০০ টাকা এবং মিজ্ বিউটি আক্তারের মোট আয় ৭,০০,০০০ টাকা।

যদি জনাব সংগ্রাম চৌধুরী প্রতিবন্ধী ব্যক্তির পিতা হিসেবে প্রত্যেক প্রতিবন্ধী সন্তানের জন্য ৫০,০০০ টাকা অতিরিক্ত করমুক্ত সীমার সুবিধা গ্রহণ করেন তাহলে তার মোট আয়ের উপর ২০২৬-২০২৭ করবর্ষে আরোপযোগ্য আয়করের পরিমাণ হবে নিম্নরূপঃ

মোট আয়	করহার	করের পরিমাণ (৳)
প্রথম ৫,০০,০০০ (৪,০০,০০০+৫০,০০০+৫০,০০০) টাকা পর্যন্ত আয়ের উপর	শূন্য	শূন্য
অবশিষ্ট ১,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	১০%	১০,০০০
	মোট আয়কর	**১০,০০০**

আর যদি মিজ্ বিউটি আক্তার প্রতিবন্ধী ব্যক্তির মাতা হিসেবে প্রত্যেক প্রতিবন্ধী সন্তানের জন্য ৫০,০০০ টাকার অতিরিক্ত করমুক্ত সীমার সুবিধা গ্রহণ করেন তাহলে তার মোট আয়ের উপর আরোপযোগ্য আয়করের পরিমাণ হবে নিম্নরূপ:

মোট আয়	করহার	করের পরিমাণ (৳)
প্রথম ৫,৫০,০০০ (৪,৫০,০০০+৫০,০০০+৫০,০০০) টাকা পর্যন্ত আয়ের উপর	শূন্য	শূন্য
অবশিষ্ট ১,৫০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	১০%	১৫,০০০
	মোট আয়কর	১৫,০০০

জনাব সংগ্রাম চৌধুরী এবং মিজ বিউটি আক্তারের মধ্যে যে কোনো একজন অতিরিক্ত করমুক্ত সীমার সুবিধা প্রাপ্য হবেন।

ন্যূনতম কর

- করদাতা বাংলাদেশের যেখানেই অবস্থান করুক না কেন, অবস্থানের ভিত্তিতে তার প্রদেয় করের কোনো তারতম্য হবে না।
- করমুক্ত সীমার উর্ধ্বে আয় আছে এমন করদাতার প্রদেয় আয়করের পরিমাণ ৫,০০০ টাকার কম হলে, অথবা বিনিয়োগজনিত কর রেয়াত বিবেচনার পর প্রদেয় আয়করের পরিমাণ ৫,০০০ টাকার কম, শূন্য বা ঋণাত্মক হলেও করদাতাকে ৫,০০০ টাকা আয়কর পরিশোধ করতে হবে। তবে উক্ত ক্ষেত্রসমূহে করদাতা নতুন হলে তাকে ১,০০০ টাকা আয়কর পরিশোধ করতে হবে।
- কোনো ব্যক্তির ব্যবসা বা পেশা হতে আয়ের উপর প্রদেয় কর টার্নওভার কর অপেক্ষা কম হলে মুনাফা বা লোকসান নির্বিশেষে ব্যবসা বা পেশার গ্রস প্রাপ্তির উপর টার্নওভার কর প্রযোজ্য হবে।
- কমিশন ব্যবসা, ডিও ব্যবসা, মানি এক্সচেঞ্জ ব্যবসা এবং স্বর্ণ, রৌপ্য, স্বর্ণালংকার, রৌপ্যালংকার, রত্ন-হীরক বা প্লাটিনাম ক্রয়-বিক্রয় ব্যবসায়ের ক্ষেত্রে টার্নওভার কর প্রযোজ্য হবে না।
- কোনো করবর্ষে প্রদেয় করের তুলনায় টার্নওভার কর অধিক হওয়ার ফলে, যে পরিমাণ অধিক কর প্রদান করা হয়েছে, সেই পরিমাণ অধিক কর পরবর্তী করবৎসরে জের টানা যাবে এবং প্রদেয় করের সাথে সমন্বয় করা যাবে।
- যেক্ষেত্রে করদাতার এরূপ কোনো আয়ের উৎস থাকে যা কর অব্যাহতিপ্রাপ্ত, সেইক্ষেত্রে কর অব্যাহতি বা হ্রাসকৃত করহার প্রাপ্ত উৎস হতে অর্জিত প্রাপ্তির জন্য, অব্যাহতি প্রাপ্ত বা হ্রাসকৃত কর হারের আনুপাতিক হারে টার্নওভার করহার হ্রাস করে হিসাব করতে হবে।

বিনিয়োগজনিত কর রেয়াত
(আয়কর আইন, ২০২৩ এর ধারা ৭৮ অনুযায়ী)

- নির্দিষ্ট কয়েকটি খাতে করদাতার বিনিয়োগ থাকলে করদাতা বিনিয়োগজনিত কর রেয়াত পান। মোট আয়ের উপর আরোপযোগ্য আয়করের অংক থেকে কর রেয়াতের অংক বাদ দিলে প্রদেয় করের অংক পাওয়া যায়।
- কর অব্যাহতি প্রাপ্ত আয়, হ্রাসকৃত করহার প্রযোজ্য এরূপ আয়, অংশীদারি ফার্ম বা ব্যক্তিসংঘ হতে প্রাপ্ত অংশীদারি আয় এবং চূড়ান্ত করদায় প্রযোজ্য এইরূপ আয় বাদ দিয়ে পরিগণিত অবশিষ্ট মোট আয়ের বিপরীতে বিনিয়োগজনিত কর রেয়াত দাবী করা যাবে।
- ফার্ম বা ব্যক্তিসংঘের আয়ের বিপরীতে কর রেয়াত দাবীর পরে বিনিয়োগজনিত কর রেয়াত দাবী করতে হবে।
- কোনো সরকারি সিকিউরিটিজ, ইউনিট সার্টিফিকেট এবং মিউচুয়াল ফান্ড, ইটিএফ বা যৌথ বিনিয়োগ স্কিম ইউনিট সার্টিফিকেট এর আওতায় বিনিয়োগজনিত কর রেয়াত প্রাপ্যতার ক্ষেত্রে বিনিয়োগের পূর্ণ মেয়াদকাল বিবেচিত হবে, অর্থাৎ মেয়াদ পূর্তির আগে বিনিয়োগ নগদায়ন করলে নগদায়ন সংশ্লিষ্ট অর্থবৎসরে গৃহীত রেয়াতের অংশ অতিরিক্ত কর হিসাবে পরিশোধযোগ্য হবে।

আয়কর আইনের বিধান সাপেক্ষে এবং ষষ্ঠ তফসিল এর অংশ ৩ এ নির্ধারিত সীমা, শর্তাবলি এবং যোগ্যতা সাপেক্ষে কোনো বিনিয়োগ করা হলে, কোনো করবর্ষে মোট আয়ের উপর প্রযোজ্য কর হতে নিবাসী স্বাভাবিক ব্যক্তি করদাতা ও অনিবাসী বাংলাদেশি স্বাভাবিক ব্যক্তি করদাতা নিম্নবর্ণিতভাবে কর রেয়াত প্রাপ্য হবেন-

(ক) ০.০৩ × ‘ক’; বা

(খ) ০.১০ × 'খ'; বা

(গ) ৭.৫০ (সাত দশমিক পাঁচ শূন্য) লক্ষ টাকা,

এই তিনটির মধ্যে যা কম,

এখানে,

'ক' = কর অব্যাহতি প্রাপ্ত আয়, হ্রাসকৃত করহার প্রযোজ্য এরূপ আয়, অংশীদারি ফার্ম বা ব্যক্তিসংঘ হতে প্রাপ্ত শেয়ার আয় এবং চূড়ান্ত করদায় প্রযোজ্য এরূপ আয় বাদ দিয়ে পরিগণিত মোট আয়, এবং

'খ' = কোনো আয়বর্ষে ষষ্ঠ তফসিল এর অংশ ৩ অনুসারে করদাতার মোট বিনিয়োগ ও ব্যয়ের পরিমাণ।

কর রেয়াতযোগ্য বিনিয়োগের খাত

একজন করদাতার বিনিয়োগের উল্লেখযোগ্য খাতগুলোর তালিকা নিচে দেয়া হলো:

- জীবন বিমার প্রিমিয়াম;
- সরকারি কর্মকর্তার প্রভিডেন্ট ফান্ডে চাঁদা;
- স্বীকৃত ভবিষ্য তহবিলে নিয়োগকর্তা ও কর্মকর্তার চাঁদা;
- কল্যাণ তহবিল ও গোষ্ঠী বিমা তহবিলে চাঁদা;
- অনুমোদিত বার্ধক্য তহবিলে প্রদত্ত চাঁদা;
- যে কোনো তফসিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ডিপোজিট পেনশন স্কিমে বার্ষিক সর্বোচ্চ ১,২০,০০০ টাকা বিনিয়োগ;
- সরকারি সিকিউরিটিজ ক্রয়ে ৫,০০,০০০ টাকার বিনিয়োগ;
- কোনো ফাইন্যান্স কোম্পানি বা ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ বা সম্পদ ব্যবস্থাপক বা ফান্ড ম্যানেজার কর্তৃক ইস্যুকৃত ইউনিট সার্টিফিকেট এবং মিউচুয়াল ফান্ড, ইটিএফ বা যৌথ বিনিয়োগ স্কিম ইউনিট সার্টিফিকেটে নতুন বিনিয়োগ;
- বাংলাদেশের স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানির শেয়ার, স্টক, মিউচ্যুয়াল ফান্ড বা ডিবেঞ্চারে নতুন বিনিয়োগ;
- সিটি কর্পোরেশন বহির্ভূত এলাকায় স্থাপিত এবং বোর্ড কর্তৃক অনুমোদিত দাতব্য হাসপাতালকে প্রদত্ত দান;
- যাকাত তহবিলে চাঁদা বা দান;
- প্রতিবন্ধীদের কল্যাণে স্থাপিত প্রতিষ্ঠানে দান;
- মুক্তিযুদ্ধ যাদুঘরে প্রদত্ত দান;
- icddr,b তে প্রদত্ত দান;
- CRP, সাভার এ প্রদত্ত দান;
- সরকার কর্তৃক অনুমোদিত জনকল্যাণমূলক বা শিক্ষা প্রতিষ্ঠানে দান;
- বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশন, মাস্তুল ফাউন্ডেশন, এসওএস চিলড্রেনস ভিলেজ ইন্টারন্যাশনাল ইন বাংলাদেশ, রোগীকল্যাণ সমিতি, বাংলাদেশ জাতীয় বধির সংস্থা, গণস্বাস্থ্য কেন্দ্র, ঢাকা আহছানিয়া মিশন, Palliative Care Society of Bangladesh (PCSB), আগামী এডুকেশন ফাউন্ডেশন এ প্রদত্ত দান;
- মুক্তিযুদ্ধের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের কোনো প্রতিষ্ঠানে অনুদান;
- ASHIC, Foundation for childhood Cancer;
- বাংলাদেশ ক্যান্সার এইড ট্রাস্ট (BANCAT);

- ☐ আল-মারকাজুল ইসলামী;
- ☐ Disabled Child Foundation (DCF);
- ☐ শেরপুর ডায়াবেটিক সমিতি;
- ☐ মাওনা ডায়াবেটিক এসোসিয়েশন;
- ☐ বাংলাদেশ থ্যালাসেমিয়া সমিতি;
- ☐ অটিজম ওয়েলফেয়ার ফাউন্ডেশন;
- ☐ ব্র্যাক (brac);
- ☐ রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশন, ঢাকা; এবং
- ☐ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল।

বিনিয়োগজনিত কর রেয়াত পরিগণনা

অনুমোদনযোগ্য বিনিয়োগের পরিমাণ এবং বিনিয়োগজনিত কর রেয়াত কিভাবে পরিগণনা করা হবে তা নিম্নে উদাহরণের সাহায্যে দেখানো হলো:

উদাহরণ-১৮

ধরা যাক, মিজ পারিশা আহমেদ একজন সরকারি বেতন আদেশভুক্ত কর্মকর্তা। তাঁর বেতন খাত, গৃহ সম্পত্তি ও সঞ্চয়পত্রের সুদ খাতে আয় রয়েছে। ২০২৬-২৭ করবর্ষে উক্ত খাতসমূহে আয়ের পরিমাণ নিম্নরূপ:

আয়ের খাত	পরিমাণ (৳)
(ক) বেতন খাতে আয়	৭,৯১,০০০
(খ) গৃহ সম্পত্তি খাতে আয়	১,২৫,০০০
(গ)সঞ্চয়পত্রের সুদ খাতে আয় (সঞ্চয়পত্রের সুদ হতে ১০% হারে উৎসে কর কর্তনের পরিমাণ ৫,০০০)	৫০,০০০
(ঘ) ব্যাংক সুদ খাতে আয় (উৎসে কর্তিত কর ১,৪০০)	১৪,০০০
মোট আয়	৯,৮০,০০০

মিজ পারিশা আহমেদের রেয়াতযোগ্য খাতে মোট বিনিয়োগের পরিমাণ ছিল নিম্নরূপ:

ক্রম	বিনিয়োগের খাত	পরিমাণ (৳)
১.	ভবিষ্য তহবিল আইন, ১৯২৫ অনুযায়ী প্রযোজ্য ভবিষ্য তহবিলে প্রদত্ত চাঁদা	৯৬,০০০
২.	কল্যাণ তহবিলে প্রদত্ত চাঁদা এবং গোষ্ঠী বিমা স্কীমের কিস্তি	৩,০০০
৩.	নতুন সঞ্চয়পত্র ক্রয়	১,৫০,০০০
৪.	জীবন বিমার কিস্তি প্রদান	১৮,০০০
৫.	স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানির শেয়ারে বিনিয়োগ	৫০,০০০
	মোট অনুমোদনযোগ্য বিনিয়োগ, দান ইত্যাদি	৩,১৭,০০০

করদাতার রেয়াত পূর্ববর্তী করদায় হবে নিম্নরূপ:

আয়ের ধাপ	কর হার	করের পরিমাণ (৳)
প্রথম ৪,৫০,০০০	০	০
পরবর্তী ৩,০০,০০০	১০%	৩০,০০০
অবশিষ্ট ২,৩০,০০০	১৫%	৩৪,৫০০
৯,৮০,০০০ লক্ষ টাকার উপর রেয়াত পূর্ববর্তী করদায়		৬৪,৫০০

রেয়াত পরবর্তী করদায়:

বিবরণ	(৳)
রেয়াত পূর্ববর্তী করদায়	৬৪,৫০০
বিনিয়োগজনিত কর রেয়াত	(২৯,৪০০)
রেয়াত পরবর্তী করদায়	৩৫,১০০

কর রেয়াত পরিগণনা		(৳)	(৳)
(ক)	৯,৮০,০০০ x ০.০৩	২৯,৪০০	
(খ)	৩,১৭,০০০ x ০.১	৩১,৭০০	
(গ)	কর রেয়াতের সর্বোচ্চ অনুমোদিত সীমা	৭,৫০,০০০	
মোট কর রেয়াতের পরিমাণ হচ্ছে (ক), (খ) এবং (গ) এর মধ্যে যেটি কম =			২৯,৪০০

উৎসে করের ক্রেডিট:

বিবরণ	(৳)
রেয়াত পরবর্তী করদায়	৩৫,১০০
সঞ্চয়পত্রের সুদ হতে উৎসে কর	(৫,০০০)
ব্যাংক সুদ হতে উৎসে কর	(১,৪০০)
ধারা ১৭৩ অনুযায়ী প্রদেয় কর	২৮,৭০০

উদাহরণ-১৯

ধরা যাক, জনাব সাইফুদ্দিন খান একজন অবসরপ্রাপ্ত সরকারি পেনশনভোগী করদাতা। তাঁর গৃহ সম্পত্তি খাত, পেনশন, কৃষি আয় ও সঞ্চয়পত্রের সুদ আয় রয়েছে। ২০২৬-২০২৭ করবর্ষে উক্ত খাতসমূহে আয়ের পরিমাণ নিম্নরূপ:

আয়ের খাত	পরিমাণ (৳)
(ক) গৃহ সম্পত্তি খাতে করযোগ্য আয়	৫,২০,০০০
(খ) কৃষি হতে আয়	১,১০,০০০
(গ) সঞ্চয়পত্রের সুদ খাতে আয়	৫০,০০০

(সঞ্চয়পত্রের সুদ হতে ১০% হারে উৎসে কর কর্তনের পরিমাণ ৫,০০০ টাকা)	
(ঘ) পেনশন থেকে বার্ষিক প্রাপ্তি (কর অব্যাহতিপ্রাপ্ত আয় ৩,৬০,০০০ টাকা)	
মোট করযোগ্য আয়	৬,৮০,০০০

জনাব সাইফুদ্দিনের রেয়াত পাওয়ার যোগ্য খাতে মোট বিনিয়োগের পরিমাণ ছিল নিম্নরূপ:

ক্রম	বিনিয়োগের খাত	পরিমাণ (৳)
১	নতুন সঞ্চয়পত্র ক্রয়	১,৫০,০০০
২	জীবন বিমার কিস্তি প্রদান	৪৮,০০০
	মোট অনুমোদনযোগ্য বিনিয়োগ, দান ইত্যাদি	১,৯৮,০০০

করদাতার রেয়াত পূর্ববর্তী করদায় হবে নিম্নরূপ:

আয়ের ধাপ	কর হার	করের পরিমাণ (৳)
প্রথম ৪,০০,০০০	০	০
অবশিষ্ট ২,৮০,০০০	১০%	২৮,০০০
৬,৮০,০০০ লক্ষ টাকার উপর রেয়াত পূর্ববর্তী করদায়		২৮,০০০

জনাব সাইফুদ্দিনের তথ্য অনুযায়ী কর রেয়াতের পরিমাণ হবে:

কর রেয়াত পরিগণনা

	বিবরণ	**(৳)**	**(৳)**
(ক)	৬,৮০,০০০ × ০.০৩	২০,৪০০	
(খ)	১,৯৮,০০০ × ০.১	১৯,৮০০	
(গ)	কর রেয়াতের সর্বোচ্চ অনুমোদিত সীমা	৭,৫০,০০০	
মোট কর রেয়াতের পরিমাণ হচ্ছে (ক), (খ) এবং (গ) এর মধ্যে যেটি কম =			১৯,৮০০

ধারা ১৭৩ অনুযায়ী নিট প্রদেয় কর

বিবরণ	(৳)
রেয়াত পূর্ববর্তী করদায়	২৮,০০০
বিনিয়োগজনিত কর রেয়াত	(১৯,৮০০)
রেয়াত পরবর্তী করদায়	৮,২০০
সঞ্চয়পত্রের সুদ হতে উৎসে কর	(৫,০০০)
ধারা ১৭৩ অনুযায়ী প্রদেয় কর	৩,২০০

উদাহরণ-২০

ধরা যাক, জনাব শিশির চন্দ্র দাস এর ২০২৬-২০২৭ করবর্ষে মোট আয়ের পরিমাণ ২৯,২০,০০০ টাকা। বিভিন্ন খাতে তার মোট বিনিয়োগ/দানের পরিমাণ নিম্নরূপ:

ক্রম	খাত	পরিমাণ (৳)
১।	জীবন বিমার কিস্তি প্রদান	৬০,০০০
২	ডিপোজিট পেনশন স্কীমে বিনিয়োগ	২,৪০,০০০
৩	সঞ্চয়পত্র ক্রয়ে বিনিয়োগ	১,৫০,০০০
৪	যাকাত তহবিলে দান	৫০,০০০
৫	সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট এ দান	৭০,০০০
৬	ল্যাপটপ ক্রয়	১,০০,০০০
৭	এফডিআর (FDR) এ বিনিয়োগ	৩,০০,০০০
৮	মিউচুয়াল ফান্ডে বিনিয়োগ	৭,০০,০০০
	মোট বিনিয়োগ, দান ইত্যাদি	১৬,৭০,০০০

জনাব শিশির চন্দ্র দাসের রেয়াতের জন্য অনুমোদনযোগ্য বিনিয়োগ, রেয়াত পূর্ববর্তী করদায় এবং রেয়াত পরবর্তী করদায়ের পরিমাণ হবে নিম্নরূপ:

কর রেয়াতযোগ্য বিনিয়োগ/দান:

ক্রম	খাত	পরিমাণ (৳)
১	জীবন বিমার কিস্তি প্রদান	৬০,০০০
২	ডিপোজিট পেনশন স্কীমে বিনিয়োগ (২ক ও ২খ এর মধ্যে যেটি কম)	১,২০,০০০
	২ক. প্রকৃত বিনিয়োগ ২,৪০,০০০ টাকা	
	২খ. অনুমোদনযোগ্য সীমা ১,২০,০০০ টাকা	
৩	সঞ্চয়পত্র ক্রয়ে বিনিয়োগ	১,৫০,০০০
৪	যাকাত তহবিলে দান	৫০,০০০
৫	মিউচুয়াল ফান্ডে বিনিয়োগ	৭,০০,০০০
রেয়াতের জন্য মোট অনুমোদনযোগ্য বিনিয়োগ, দান ইত্যাদি		১০,৮০,০০০

রেয়াত পূর্ববর্তী করদায়:

জনাব শিশির চন্দ্র দাসের মোট আয়ের পরিমাণ ২৯,২০,০০০। তিনি সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট-এ ৭০,০০০ টাকা দান করেন। এক্ষেত্রে তার করযোগ্য মোট আয়ের পরিমাণ হবে ২৯,২০,০০০—৭০,০০০= ২৮,৫০,০০০ টাকা।

আয়ের ধাপ	করহার	করের পরিমাণ (৳)
প্রথম ৪,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য	শূন্য
পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	১০%	৩০,০০০
পরবর্তী ৪,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	১৫%	৬০,০০০
পরবর্তী ৫,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	২০%	১,০০,০০০

অবশিষ্ট ১২,৫০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	২৫%	৩,১২,৫০০
২৮,৫০,০০০ টাকার উপর রেয়াত পূর্ববর্তী করদায়		৫,০২,৫০০

কর রেয়াতের পরিমাণ:

	বিবরণ	(৳)	(৳)
(ক)	মোট আয় ২৮,৫০,০০০ টাকা x ০.০৩	৮৫,৫০০	
(খ)	মোট রেয়াতযোগ্য বিনিয়োগ ১০,৮০,০০০ টাকা x ০.১০	১,০৮,০০০	
(গ)	কর রেয়াতের সর্বোচ্চ অনুমোদিত সীমা	৭,৫০,০০০	
কর রেয়াতের পরিমাণ হবে [(ক) বা (খ) বা (গ), এ তিনটির মধ্যে যেটি কম]			৮৫,৫০০

জনাব শিশির চন্দ্র দাসের মোট কর রেয়াতের পরিমাণ ৮৫,৫০০ টাকা।
রেয়াত পরবর্তী করদায়ের পরিমাণ (৫,০২,৫০০ টাকা—৮৫,৫০০ টাকা) = ৪,১৭,০০০ টাকা।

উদাহরণ-২১

মিজ রিমি রায় একজন উদ্যোক্তা। তিনি “দিনাজপুর বেকারি” নামে এসএমই ফাউন্ডেশনে নিবন্ধিত একটি ব্যবসায় প্রতিষ্ঠানের মালিক। ২০২৫-২৬ আয়বর্ষে উক্ত ব্যবসায় থেকে তার মোট টার্নওভার ছিলো ৭০,০০,০০০ টাকা এবং মুনাফা ছিলো ৭,৫০,০০০ টাকা। এছাড়াও তিনি উক্ত আয়বর্ষে ফেসবুক ও ইউটিউবে বিভিন্ন কনটেন্ট তৈরি করে ৪,৭৫,০০০ টাকা এবং ফ্রিল্যান্সিং এর মাধ্যমে ২,৫০,০০০ টাকা প্রাপ্ত হন। এছাড়া তার একটি স্বনামধন্য ফেসবুক পেজ আছে, উক্ত পেজে তিনি শাড়ী বিক্রয় করে ৬,৩০,০০০ টাকা আয় করেন। তিনি ০১ জুলাই ২০২৫ খ্রি তারিখে ২,০০,০০০ টাকার ৩ বছর মেয়াদি সঞ্চয়পত্র ক্রয় করেন, কিন্তু ৩০ জুন ২০২৬ খ্রি তারিখে তিনি উক্ত সঞ্চয়পত্র নগদায়ন করেন। উক্ত সঞ্চয়পত্র থেকে তার সুদ আয় ছিল ২০,০০০ টাকা এবং উৎসে কর কর্তনের পরিমাণ ছিলো ২,০০০ টাকা । তিনি উক্ত আয়বর্ষে ৭২,০০০ টাকা ডিপিএস এ বিনিয়োগ করেন। ২০২৬-২৭ করবর্ষে তার আয়কর পরিগণনা হবে নিম্নরূপ-

মোট করযোগ্য আয়:

ব্যবসায় থেকে আয় (অনলাইনে শাড়ী বিক্রয়)	৬,৩০,০০০
সঞ্চয়পত্রের সুদ আয়	২০,০০০
মোট করযোগ্য আয়	৬,৫০,০০০

(ফ্রিল্যান্সিং ও কনটেন্ট তৈরি থেকে আয় করমুক্ত বিধায় উক্ত আয় মোট আয়ের অন্তর্ভুক্ত হবে না। নারী উদ্যোক্তাদের নিবন্ধিত ক্ষুদ্র ও কুটির শিল্পের ৭০,০০,০০০ টাকা পর্যন্ত টার্নওভার থেকে আয় করমুক্ত।)

আয়করের পরিমাণ নির্ধারণ:

আয়ের ধাপ	করহার	করের পরিমাণ (৳)

প্রথম ৪,৫০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য	শূন্য
অবশিষ্ট ২,০০,০০০ টাকা আয়ের উপর	১০%	২০,০০০
৬,৫০,০০০ টাকার উপর মোট আয়করের পরিমাণ		২০,০০০

কর রেয়াতের পরিমাণ:

	বিবরণ	(৳)	(৳)
(ক)	মোট আয় ৬,৫০,০০০ টাকা × ০.০৩	১৯,৫০০	
(খ)	মোট রেয়াতযোগ্য বিনিয়োগ ৭২,০০০ টাকা × ০.১০	৭,২০০	
(গ)	কর রেয়াতের সর্বোচ্চ অনুমোদিত সীমা	৭,৫০,০০০	
কর রেয়াতের পরিমাণ হবে [(ক) বা (খ) বা (গ), এ তিনটির মধ্যে যেটি কম]			৭,২০০

(মেয়াদপূর্তির পূর্বে সঞ্চয়পত্র নগদায়ন করায় উক্ত বিনিয়োগ রেয়াতযোগ্য হিসেবে বিবেচিত হবে না।)

রেয়াত পরবর্তী করদায়:

মোট আয়করের পরিমাণ—কর রেয়াত = (২০,০০০—৭,২০০) = ১২,৮০০ টাকা।

১৭৩ ধারায় প্রদেয় কর নির্ধারণ:

রেয়াত পরবর্তী প্রদেয় কর—উৎসে কর্তিত কর = (১২,৮০০—২,০০০) = ১০,৮০০ টাকা।

উদাহরণ-২২

জনাব সাফি আল মোজনাবিন ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর একজন বাসিন্দা। তিনি ২০২৫-২৬ আয়বর্ষে করদাতা হিসেবে নিবন্ধিত হন। উক্ত আয়বর্ষে বিভিন্ন খাতে তার আয় ছিলো ৪,৩০,০০০ টাকা। তিনি উক্ত আয়বর্ষে ৯৬,০০০ টাকা ডিপিএস এ বিনিয়োগ করেন। ২০২৬-২৭ আয়বর্ষে তার আয়কর হবে নিম্নরূপঃ

আয়করের পরিমাণ নির্ধারণঃ

আয়ের ধাপ	করহার	করের পরিমাণ (৳)
প্রথম ৪,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য	শূন্য
অবশিষ্ট ৩০,০০০ টাকা আয়ের উপর	১০%	৩,০০০
৪,৩০,০০০ টাকার উপর মোট আয়করের পরিমাণ		৩,০০০

কর রেয়াত পরিগণনাঃ

	বিবরণ	(৳)	(৳)
(ক)	মোট আয় ৪,৩০,০০০ টাকা × ০.০৩	১২,৯০০	
(খ)	মোট রেয়াতযোগ্য বিনিয়োগ ৯৬,০০০ টাকা × ০.১০	৯,৬০০	
(গ)	কর রেয়াতের সর্বোচ্চ অনুমোদিত সীমা	৭,৫০,০০০	

কর রেয়াতের পরিমাণ হবে [(ক) বা (খ) বা (গ), এ তিনটির মধ্যে যেটি কম]	৯,৬০০

ধারা ১৭৩ অনুযায়ী করদায় পরিগণনা:

বিবরণ	(৳)
৪,৩০,০০০ টাকার উপর মোট আয়কর	৩,০০০
কর রেয়াত	(৯,৬০০)
রেয়াত পরবর্তী করদায়	(৬,৬০০)
ধারা ১৭৩ অনুযায়ী প্রদেয় কর	১,০০০

জনাব সাফি আল মোজনাবিন নতুন করদাতা হওয়ায় তার ন্যূনতম করের পরিমাণ হবে ১,০০০ টাকা।

কর প্রণোদনা ও অতিরিক্ত কর

উদাহরণ-২৩

জনাব আব্দুর রউফ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের একজন করদাতা। তিনি একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকুরি করেন। ২০২৫-২৬ আয়বর্ষে তার বেতন খাতে মোট প্রাপ্তি ছিলো ১২,৬০,০০০ টাকা। এছাড়া তিনি উক্ত আয়বর্ষে গোষ্ঠী বিমা থেকে ৬০,০০০ টাকা প্রাপ্ত হন। বিভিন্ন খাতে তার মোট বিনিয়োগের পরিমাণ নিম্নরূপ:

ক্রম	খাত	পরিমাণ (৳)
১	জীবন বিমার কিস্তি প্রদান	৫০,০০০
২	ডিপোজিট পেনশন স্কিমে বিনিয়োগ	১,৫০,০০০
৩	সঞ্চয়পত্র ক্রয়ে বিনিয়োগ	১,০০,০০০
	মোট বিনিয়োগ	৩,০০,০০০

করযোগ্য আয় নির্ধারণ:

বিবরণ		**(৳)**
বেতন খাতে মোট প্রাপ্তি		১২,৬০,০০০
বেতন খাতে করমুক্ত আয় [(ক) ও (খ) এর মধ্যে যেটি কম]		(৪,২০,০০০)
	(ক) ৫,০০,০০০ টাকা	
	(খ) মোট প্রাপ্তির ১/৩ অংশ=৪,২০,০০০ টাকা	
	করযোগ্য আয়	৮,৪০,০০০

(গোষ্ঠী বিমা থেকে প্রাপ্তি মোট আয়ের অন্তর্ভুক্ত হবে না)

কর রেয়াতযোগ্য বিনিয়োগ পরিগণনাঃ

ক্রমিক নং	বিবরণ	পরিমাণ (৳)
১	জীবন বিমার কিস্তি প্রদান	৫০,০০০

২	ডিপোজিট পেনশন স্কীমে বিনিয়োগ (২ক ও ২খ এর মধ্যে যেটি কম)	১,২০,০০০
	২ক. প্রকৃত বিনিয়োগ ১,৫০,০০০	
	২খ. অনুমোদনযোগ্য সীমা ১,২০,০০০	
৩	সঞ্চয়পত্র ক্রয়ে বিনিয়োগ	১,০০,০০০
	মোট অনুমোদনযোগ্য বিনিয়োগ	২,৭০,০০০

আয়করের পরিমাণ নির্ধারণ:

আয়ের ধাপ	করহার	করের পরিমাণ (৳)
প্রথম ৪,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য	শূন্য
পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	১০%	৩০,০০০
অবশিষ্ট ১,৪০,০০০ টাকা আয়ের উপর	১৫%	২১,০০০
৮,৪০,০০০ টাকার উপর মোট আয়করের পরিমাণ		৫১,০০০

রেয়াতের পরিমাণ নির্ধারণ:

	বিবরণ	(৳)	(৳)
(ক)	মোট আয় ৮,৪০,০০০ টাকা × .০৩	২৫,২০০	
(খ)	মোট অনুমোদনযোগ্য বিনিয়োগ ২,৭০,০০০ টাকা × ০.১০	২৭,০০০	
(গ)	কর রেয়াতের সর্বোচ্চ অনুমোদিত সীমা	৭,৫০,০০০	
কর রেয়াতের পরিমাণ হবে [(ক) বা (খ) বা (গ), এ তিনটির মধ্যে যেটি কম]			২৫,২০০

ধারা ১৭৩ অনুযায়ী করদায় পরিগণনা:

বিবরণ	(৳)
রেয়াত পূর্ববর্তী করদায়	৫১,০০০
কর রেয়াত	(২৫,২০০)
ধারা ১৭৩ অনুযায়ী প্রদেয় কর	২৫,৮০০

কর প্রণোদনা

জনাব আব্দুর রউফ ০১ জুলাই ২০২৬ থেকে ৩০ সেপ্টেম্বর ২০২৬ খ্রি তারিখের মধ্যে রিটার্ন দাখিল করলে কর প্রণোদনার পরিমাণ হবে নিম্নরূপ-

বিবরণ	(৳)
(ক) ১৭৩ ধারায় প্রদেয় কর × ৫% (২৫,৮০০×৫%)	১,২৯০
(খ) ২৫,০০০ টাকা	২৫,০০০

উক্ত তারিখে দাখিলের

কর প্রণোদনা [(ক) ও (খ) এর মধ্যে যেটি কম]	১,২৯০

রিটার্ন সময়

পরিশোধযোগ্য কর = (২৫,৮০০—১,২৯০) = ২৪,৫১০ টাকা।

অতিরিক্ত কর

জনাব আব্দুর রউফ ০১ জানুয়ারি ২০২৭ থেকে ৩১ মার্চ ২০২৭ খ্রি তারিখের মধ্যে রিটার্ন দাখিল করলে অতিরিক্ত করের পরিমাণ হবে নিম্নরূপ-

বিবরণ	(৳)
(ক) ১৭৩ ধারায় প্রদেয় করের ২% (২৫,৮০০×২%)	৫১৬
(খ) ৩,০০০ টাকা	৩,০০০
অতিরিক্ত কর [(ক) ও (খ) এর মধ্যে যেটি বেশি]	৩,০০০

উক্ত তারিখের মধ্যে রিটার্ন দাখিলের সময় পরিশোধযোগ্য কর= (২৫,৮০০+৩,০০০) = ২৮,৮০০ টাকা।

জনাব আব্দুর রউফ ০১ এপ্রিল ২০২৭ তারিখ থেকে ৩০ জুন ২০২৭ তারিখের মধ্যে রিটার্ন দাখিল করলে অতিরিক্ত করের পরিমাণ হবে নিম্নরূপ-

বিবরণ	(৳)
(ক) ১৭৩ ধারায় প্রদেয় করের ৫% (২৫,৮০০×৫%)	১,২৯০
(খ) ৫,০০০ টাকা	৫,০০০
অতিরিক্ত কর [(ক) ও (খ) এর মধ্যে যেটি বেশি]	৫,০০০

উক্ত তারিখের মধ্যে রিটার্ন দাখিলের সময় পরিশোধযোগ্য কর= (২৫,৮০০+৫,০০০) = ৩০,৮০০ টাকা।

স্বাভাবিক ব্যক্তি করদাতার সারচার্জ

স্বাভাবিক ব্যক্তি করদাতা (Assessee being individual) এর ক্ষেত্রে, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ১৬৭ অনুযায়ী পরিসম্পদ ও দায়ের বিবরণীতে প্রদর্শিত নিম্নবর্ণিত সম্পদের ভিত্তিতে, করযোগ্য আয়ের উপর অর্থ আইন, ২০২৬ এর তফসিল-২ এর অনুচ্ছেদ-ক, খ বা ক্ষেত্রমত, গ এ উল্লিখিত কর হার প্রয়োগ করে পরিগণিত অঙ্কের (পরিবেশ সারসার্জ ব্যতীত) উপর, নিম্নরূপ হারে সারচার্জ প্রদেয় হবে, যথা:—

সম্পদ	সারচার্জের হার
(ক) নিট পরিসম্পদের পরিমাণ ৪ (চার) কোটি টাকা পর্যন্ত-	শূন্য
(খ) নিট পরিসম্পদের পরিমাণ ৪ (চার) কোটি টাকার অধিক কিন্তু ১০ (দশ) কোটি টাকার অধিক নয়; বা, স্বীয় নামে একের অধিক মোটর গাড়ি; বা, মোট ৮০০০ বর্গফুটের অধিক আয়তনের গৃহ-সম্পত্তি	১০%
(গ) নিট পরিসম্পদের পরিমাণ ১০ (দশ) কোটি টাকার অধিক কিন্তু ২০ (বিশ) কোটি টাকার অধিক নয়-	২০%
(ঘ) নিট পরিসম্পদের পরিমাণ ২০ (বিশ) কোটি টাকার অধিক কিন্তু ৫০ (পঞ্চাশ) কোটি টাকার অধিক নয়-	৩০%
(ঙ) নিট পরিসম্পদের পরিমাণ ৫০ (পঞ্চাশ) কোটি টাকার অধিক হলে	৩৫%

এখানে,

(১) “নিট পরিসম্পদের পরিমাণ” বলতে আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ১৬৭ অনুযায়ী পরিসম্পদ ও দায়ের বিবরণীতে প্রদর্শনযোগ্য নিট পরিসম্পদের মূল্যমান বুঝাবে; এবং

(২) “মোটর গাড়ি” বলতে বাস, মিনিবাস, কোস্টার, প্রাইম মুভার, ট্রাক, লরি, ট্যাংক লরি, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, অটোরিকশা ও মোটর সাইকেল ব্যতীত অন্যান্য মোটরযান অন্তর্ভূক্ত হবে।

এছাড়া, সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক করদাতার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর ২.৫% হারে সারচার্জ প্রদেয় হবে।

কোনো স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষাপ্রতিষ্ঠানে প্রতিবন্ধী ব্যক্তিগণের গম্যতার ক্ষেত্রে দেশে বলবৎ আইনি বিধান অনুযায়ী উপযুক্ত ব্যবস্থা না রাখলে উক্ত প্রতিষ্ঠানের অর্জিত আয়ের উপর ২.৫% হারে সারচার্জ প্রদেয় হবে।

অর্থাৎ, সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ যে কোনো তামাকজাত পণ্য প্রস্তুতকারক কোনো স্বাভাবিক ব্যক্তি করদাতার নিট পরিসম্পদের মূল্যমান চার কোটি টাকা অতিক্রম করলে তাকে নিট সম্পদের ভিত্তিতে প্রদেয় সারচার্জ এবং তার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর ২.৫% হারে সারচার্জ- উভয়টি পরিশোধ করতে হবে।

একজন পুরুষ করদাতার সারচার্জ কিভাবে পরিগণনা করতে হবে তা নিচের উদাহরণগুলোর মাধ্যমে দেখানো হলো:

	বিবরণ	টাকা
(১)	করদাতার প্রদর্শনযোগ্য নিট সম্পদের মূল্যমান	৩,৯০,০০,০০০
	মোট আয়	৫,০০,০০০
	আয়ের উপর প্রদেয় আয়করের পরিমাণ	১০,০০০
	প্রদেয় সারচার্জের পরিমাণ	শূন্য

(২)	করদাতার প্রদর্শনযোগ্য নিট সম্পদের মূল্যমান	৪,১০,০০,০০০
	মোট আয়	৩,৯০,০০০
	আয়ের উপর প্রদেয় আয়করের পরিমাণ	শূন্য
	প্রদেয় সারচার্জের পরিমাণ	শূন্য

(৩)	করদাতার প্রদর্শনযোগ্য নিট সম্পদের মূল্যমান	৪,০০,০০,০০০
	মোট আয়	৫,০০,০০০
	আয়ের উপর প্রদেয় আয়করের পরিমাণ	১০,০০০
	প্রদেয় সারচার্জের পরিমাণ	শূন্য

(৪)	করদাতার প্রদর্শনযোগ্য নিট সম্পদের মূল্যমান	২,৫০,০০,০০০
	করদাতার নিজ নামে দুইটি মোটরগাড়ি রয়েছে	
	মোট আয়	৭,০০,০০০
	আয়ের উপর প্রদেয় আয়করের পরিমাণ	৩০,০০০
	প্রদেয় সারচার্জের পরিমাণ (১০%)	৩,০০০

(৫)	করদাতার প্রদর্শনযোগ্য নিট সম্পদের মূল্যমান	২,০০,০০,০০০
	করদাতার সর্বমোট ৮,০০০ বর্গফুটের অধিক আয়তনের গৃহ-সম্পত্তি রয়েছে	
	মোট আয়	৫,০০,০০০
	আয়ের উপর প্রদেয় আয়করের পরিমাণ	১০,০০০
	প্রদেয় সারচার্জের পরিমাণ (১০%)	১,০০০

(৬)	করদাতার প্রদর্শনযোগ্য নিট সম্পদের মূল্যমান করদাতার নিজ নামে দুইটি মোটরগাড়ি রয়েছে	৭,৫০,০০,০০০
	মোট আয়	৭,০০,০০০
	আয়ের উপর প্রদেয় আয়করের পরিমাণ	৩০,০০০
	প্রদেয় সারচার্জের পরিমাণ (১০%)	৩,০০০
(৭)	করদাতার প্রদর্শনযোগ্য নিট সম্পদের মূল্যমান	১২,৫০,০০,০০০
	মোট আয়	৫,০০,০০০
	আয়ের উপর প্রদেয় আয়করের পরিমাণ	১০,০০০
	প্রদেয় সারচার্জের পরিমাণ (২০%)	২,০০০

(৮)	করদাতার প্রদর্শনযোগ্য নিট সম্পদের মূল্যমান	২০,০০,০০,০০০
	মোট আয়	৫,০০,০০০
	আয়ের উপর প্রদেয় আয়করের পরিমাণ	১০,০০০
	প্রদেয় সারচার্জের পরিমাণ (২০%)	২,০০০
(৯)	করদাতার প্রদর্শনযোগ্য নিট সম্পদের মূল্যমান	২১,০০,০০,০০০
	জর্দা প্রস্তুত ব্যবসার আয়	৫,০০,০০০
	অন্যান্য সূত্রের আয়	৪,৫০,০০০
	মোট আয়	৯,৫০,০০০
	আয়ের উপর প্রদেয় আয়করের পরিমাণ [(ক)+(খ)]	২,৩০,০০০
	(ক) জর্দা প্রস্তুত ব্যবসার আয়ের উপর (৪৫%): ২,২৫,০০০	
	(খ) অন্যান্য সূত্রের আয়ের উপর (৪,৫০,০০০ - ৪,০০,০০০) × ১০%= ৫,০০০	
	প্রদেয় সারচার্জের পরিমাণ:	
	(ক) সারচার্জ= ২,৩০,০০০ × ৩০% = ৬৯,০০০	
	(খ) বিশেষ সারচার্জ= ৫,০০,০০০ × ২.৫% = ১২,৫০০	৮১,৫০০
(১০)	করদাতার প্রদর্শনযোগ্য নিট সম্পদের মূল্যমান	৫০,০০,০০,০০০
	মোট আয়	৭,০০,০০০
	আয়ের উপর প্রদেয় আয়করের পরিমাণ	৩০,০০০

	প্রদেয় সারচার্জের পরিমাণ (৩০% হারে):	৯,০০০

(১১)	করদাতার প্রদর্শিত নিট সম্পদের মূল্যমান	৫৫,০০,০০,০০০
	মোট আয়	৯০,০০,০০০
	আয়ের উপর প্রদেয় আয়করের পরিমাণ	২৩,১০,০০০
	প্রদেয় সারচার্জের পরিমাণ (৩৫% হারে):	৮,০৮,৫০০

(১২)	করদাতার প্রদর্শিত নিট সম্পদের মূল্যমান	৫৫,০০,০০,০০০
	মোট আয়	৩,৯০,০০০
	আয়ের উপর প্রদেয় আয়করের পরিমাণ	শূন্য
	প্রদেয় সারচার্জের পরিমাণ (৩৫% হারে):	শূন্য

স্বাভাবিক ব্যক্তি করদাতাগণের ক্ষেত্রে মোটরযানের মালিক হিসেবে প্রযোজ্য অগ্রিম কর

প্রত্যেক স্বাভাবিক ব্যক্তি করদাতা যিনি মোটরযানের মালিক তিনি উক্ত মোটরযান নিবন্ধন বা ফিটনেস নবায়নের সময় নিম্নবর্ণিত সারণিতে উল্লিখিত হারে অগ্রিম কর পরিশোধ করবেন।

সারণি-১

ক্রমিক নং	গাড়ির ধরণ ও ইঞ্জিন ক্যাপাসিটি	অগ্রিম কর (৳)
(১)	(২)	(৩)
১।	১,৫০০ (এক হাজার পাঁচশত) সিসির ঊর্ধ্বে নয় এরূপ প্রতিটি মোটরযানের জন্য	২৫,০০০ (পঁচিশ হাজার)
২।	১,৫০০ (এক হাজার পাঁচশত) সিসির ঊর্ধ্বে, তবে ২,০০০ (দুই হাজার) সিসির ঊর্ধ্বে নয় এরূপ প্রতিটি মোটরযানের জন্য	৫০,০০০ (পঞ্চাশ হাজার)
৩।	২,০০০ (দুই হাজার) সিসির ঊর্ধ্বে, তবে ২,৫০০ (দুই হাজার পাঁচশত) সিসির ঊর্ধ্বে নয় এরূপ প্রতিটি মোটরযানের জন্য	৭৫,০০০ (পঁচাত্তর হাজার)
৪।	২,৫০০ (দুই হাজার পাঁচশত) সিসির ঊর্ধ্বে, তবে ৩০০০ (তিন হাজার) সিসির ঊর্ধ্বে নয় এরূপ প্রতিটি মোটরযানের জন্য	২,০০,০০০ (দুই লক্ষ)
৫।	৩,০০০ (তিন হাজার) সিসির ঊর্ধ্বে, তবে ৩,৫০০ (তিন হাজার পাঁচশত) সিসির ঊর্ধ্বে নয় এরূপ প্রতিটি মোটরযানের জন্য	২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার)
৬।	৩,৫০০ (তিন হাজার পাঁচশত) সিসির ঊর্ধ্বে তবে ৪,৫০০ (চার হাজার পাঁচশত) সিসির ঊর্ধ্বে নয় এরূপ প্রতিটি মোটরযানের জন্য	৪,০০,০০০ (চার লক্ষ)
৭।	৪,৫০০ (চার হাজার পাঁচশত) সিসির ঊর্ধ্বে প্রতিটি মোটরযানের জন্য	৫,০০,০০০ (পাঁচ লক্ষ)

ক্রমিক নং	গাড়ির ধরণ ও ইঞ্জিন ক্যাপাসিটি	অগ্রিম কর (৳)
৮।	মাইক্রোবাস ও ডাবল কেবিন পিকআপ প্রতিটির জন্য	৪০,০০০ (চল্লিশ হাজার)

সারণি-২

ক্রমিক নং	গাড়ির ধরণ ও মোটর ক্যাপাসিটি	অগ্রিম কর (৳)
(১)	(২)	(৩)
১।	২০০ (দুইশত) কিলোওয়াটের উর্ধ্বে নয় এরূপ প্রতিটি মোটরযানের জন্য	২৫,০০০ (পঁচিশ হাজার)
২।	২০০ (দুইশত) কিলোওয়াটের উর্ধ্বে, তবে ৩০০ (তিনশত) কিলোওয়াটের উর্ধ্বে নয় এরূপ প্রতিটি মোটরযানের জন্য	৫০,০০০ (পঞ্চাশ হাজার)
৩।	৩০০ (তিনশত) কিলোওয়াটের উর্ধ্বে, তবে ৪০০ (চারশত) কিলোওয়াটের উর্ধ্বে নয় এরূপ প্রতিটি মোটরযানের জন্য	৭৫,০০০ (পঁচাত্তর হাজার)
৪।	৪০০ (চারশত) কিলোওয়াটের উর্ধ্বে প্রতিটি মোটরযানের জন্য	১,০০,০০০ (এক লক্ষ)

তবে শর্ত থাকে যে, কোনো ব্যক্তি নিজ নামে বা অন্য কোনো ব্যক্তির সাথে যৌথভাবে একাধিক মোটরযানের মালিক হলে, এক এর অধিক প্রতিটি মোটরযানের জন্য ৫০% (পঞ্চাশ শতাংশ) অধিক হারে কর পরিশোধ করতে হবে।

স্বাভাবিক ব্যক্তি করদাতার জন্য পরিবেশ সারচার্জের হার

কোনো স্বাভাবিক ব্যক্তির নামে একাধিক মোটর গাড়ি থাকলে তার একের অধিক প্রত্যেকটি গাড়ির জন্য নিম্নবর্ণিত ছকে উল্লিখিত গাড়ির বিপরীতে উল্লিখিত হারে পরিবেশ সারচার্জ প্রদেয় হবে, যথা:—

ক্রমিক নং	মোটর গাড়ির বর্ণনা	পরিবেশ সারচার্জের হার (৳)
১।	১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটর গাড়ির জন্য	২৫,০০০
২।	১৫০০ সিসির অধিক কিন্তু ২০০০ সিসির অধিক নয় এমন প্রতিটি মোটর গাড়ির জন্য	৫০,০০০
৩।	২০০০ সিসির অধিক কিন্তু ২৫০০ সিসির অধিক নয় এমন প্রতিটি মোটর গাড়ির জন্য	৭৫,০০০
৪।	২৫০০ সিসির অধিক কিন্তু ৩০০০ সিসির অধিক নয় এমন প্রতিটি মোটর গাড়ির জন্য	১,৫০,০০০
৫।	৩০০০ সিসির অধিক কিন্তু ৩৫০০ সিসির অধিক নয় এমন প্রতিটি মোটর গাড়ির জন্য	২,০০,০০০
৬।	৩৫০০ সিসির অধিক এমন প্রতিটি মোটর গাড়ির জন্য	৩,৫০,০০০

তবে শর্ত থাকে যে,

(ক) একাধিক গাড়ির ক্ষেত্রে যে গাড়ির উপর সর্বনিম্ন হারে পরিবেশ সারচার্জ আরোপিত হবে উক্ত গাড়ি ব্যতীত অন্যান্য গাড়ির বিপরীতে পরিবেশ সারচার্জ পরিশোধ করিতে হবে;

(খ) পরিবেশ সারচার্জ গাড়ির নিবন্ধন বা ফিটনেস নবায়নকালে নিবন্ধন বা ফিটনেস নবায়নকারী কর্তৃপক্ষ কর্তৃক উৎসে সংগৃহীত হবে;

(গ) একাধিক বৎসরের জন্য গাড়ির নিবন্ধন বা ফিটনেস নবায়ন করা হলে যে অর্থ বৎসরে গাড়ির নিবন্ধন বা ফিটনেস নবায়ন করা হয়েছে তৎপরবর্তী অর্থ বৎসরগুলোর ৩০ জুন তারিখের মধ্যে প্রযোজ্যহারে পরিবেশ সারচার্জ পরিশোধ করতে হবে;

(ঘ) যেক্ষেত্রে কোনো করদাতা শর্ত (গ) মোতাবেক উৎসে পরিবেশ সারচার্জ পরিশোধ করতে ব্যর্থ হন সেইক্ষেত্রে নিবন্ধন বা ফিটনেস নবায়নকালে ক + খ নিয়মানুযায়ী পরিবেশ সারচার্জ হার নির্ধারিত হবে, যেখানে—

ক = বিগত বৎসর বা বৎসরগুলোতে অপরিশোধিত পরিবেশ সারচার্জের পরিমাণ,

খ = যে বৎসরে করদাতা পরিবেশ সারচার্জ পরিশোধ করবেন সেই অর্থ বৎসরের জন্য নির্ধারিত পরিবেশ সারচার্জের পরিমাণ;

(ঙ) একাধিক বৎসরের জন্য গাড়ির নিবন্ধন বা ফিটনেস নবায়ন করার ক্ষেত্রে প্রতিবৎসর আয়কর রিটার্ন দাখিলের পূর্বে পরিবেশ সারচার্জ পরিশোধ করা না হলে উপ-কর কমিশনার আয়কর রিটার্ন প্রসেস বা কর নির্ধারণকালে তা আদায় করবেন;

(চ) এই অংশের অধীন প্রদেয় পরিবেশ সারচার্জ প্রত্যর্পণযোগ্য বা অন্য কোনো প্রকারের কর বা সারচার্জের সাথে সমন্বয়যোগ্য হবে না;

(ছ) এই অংশের উদ্দেশ্যে “মোটর গাড়ি” বলতে বাস, মিনিবাস, কোস্টার, প্রাইম মুভার, ট্রাক, লরি, ট্যাংক লরি, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, অটোরিকশা ও মোটর সাইকেল ব্যতীত অন্যান্য মোটরযান অন্তর্ভুক্ত হবে।

উল্লেখ্য যে, ০১ জুলাই, ২০২৬ হতে ইলেকট্রিক গাড়ির উপর পরিবেশ সারচার্জ প্রযোজ্য হবে না।

মোটরযানের মালিক হিসেবে প্রযোজ্য অগ্রিম কর ও পরিবেশ সারচার্জ পরিগণনা

উদাহরণ-২৪

জনাব রুবেল ইসলাম দুইটি মোটর গাড়ির মালিক। একটি ২০০০ সিসির মোটর গাড়ি এবং অপরটি ৩০০০ সিসির মোটর গাড়ি । ২০২৬-২৭ আয়বর্ষে করদাতার মোট আয় ১৬,০০,০০০ টাকা। উক্ত আয়বর্ষে জনাব রুবেলের নিট পরিসম্পদের মূল্যমান ৮,৫০,০০,০০০ টাকা।

সমাধান

জনাব রুবেল ইসলামের আয়ের উপর নিয়মিত হারে প্রদেয় আয়কর	১,৯০,০০০ টাকা।
প্রদেয় সারচার্জের পরিমাণ (১০% হারে)	১৯,০০০ টাকা।

২০০০ সিসি মোটর গাড়ির জন্য প্রযোজ্য অগ্রিম কর	৫০,০০০ টাকা।
৩০০০ সিসি মোটর গাড়ির জন্য প্রযোজ্য অগ্রিম কর	২,০০,০০০ টাকা।

জনাব রুবেল ইসলামের দুইটি মোটর গাড়ি থাকায় তাকে একটি মোটর গাড়ির জন্য ৫০% অধিক হারে কর পরিশোধ করতে হবে। অতএব, ৩০০০ সিসি মোটর গাড়ির জন্য প্রযোজ্য অগ্রিম কর হবে (২,০০,০০০+১,০০,০০০)= ৩,০০,০০০ টাকা।

অতএব, দুইটি মোটর গাড়ির জন্য মোট প্রযোজ্য অগ্রিম কর (৫০,০০০+৩,০০,০০০)= ৩,৫০,০০০ টাকা।

যেহেতু, এক্ষেত্রে পরিশোধকৃত অগ্রিম কর নিয়মিত হারে প্রদেয় করের তুলনায় অধিক, সেহেতু জনাব রুবেল ইসলামকে অগ্রিম করের অতিরিক্ত কোন কর পরিশোধ করতে হবে না। তবে নিয়মিত করদায়ের অতিরিক্ত পরিশোধকৃত অগ্রিম কর ফেরতযোগ্য হবে না ।

আবার, জনাব রুবেল ইসলামের দুইটি মোটর গাড়ি থাকায় তাকে একটি মোটর গাড়ির জন্য পরিবেশ সারচার্জ পরিশোধ করতে হবে।

২০০০ সিসি মোটর গাড়ির জন্য প্রযোজ্য পরিবেশ সারচার্জ ৫০,০০০ টাকা।
৩০০০ সিসি মোটর গাড়ির জন্য প্রযোজ্য পরিবেশ সারচার্জ ১,৫০,০০০ টাকা।
এক্ষেত্রে জনাব রুবেল ইসলামকে ১,৫০,০০০ টাকা পরিবেশ সারচার্জ পরিশোধ করতে হবে।

অতএব, জনাব রুবেল ইসলামের মোট প্রদেয় কর = মোটরগাড়ির জন্য প্রদত্ত অগ্রিম কর +সম্পদের ভিত্তিতে প্রদেয় সারচার্জ + পরিবেশ সারচার্জ = ৩,৫০,০০০+১৯,০০০+১,৫০,০০০ = ৫,১৯,০০০ টাকা।

উদাহরণ-২৫

জনাব রাখাল চন্দ্র শীল দুইটি মোটর গাড়ির মালিক। একটি ২০০০ সিসির মোটর গাড়ি এবং অপরটি ৪০০ কিলোওয়াটের মোটর গাড়ি । ২০২৬-২৭ আয়বর্ষে করদাতার মোট আয় ১৫,০০,০০০ টাকা। উক্ত আয়বর্ষে জনাব রাখালের নিট পরিসম্পদের মূল্যমান ৮,৫০,০০,০০০ টাকা।

সমাধান

জনাব রাখালের আয়ের উপর নিয়মিত হারে প্রদেয় আয়কর	১,৭০,০০০ টাকা।
প্রদেয় সারচার্জের পরিমাণ (১০% হারে)	১৭,০০০ টাকা।
২০০০ সিসি মোটর গাড়ির জন্য প্রযোজ্য অগ্রিম কর	৫০,০০০ টাকা।
৪০০ কিলোওয়াটের মোটর গাড়ির জন্য প্রযোজ্য অগ্রিম কর	৭৫,০০০ টাকা।

জনাব রাখালের দুইটি মোটর গাড়ি থাকায় তাকে একটি মোটর গাড়ির জন্য ৫০% অধিক হারে কর পরিশোধ করতে হবে। অতএব, ৪০০ কিলোওয়াটের মোটর গাড়ির জন্য প্রযোজ্য অগ্রিম কর হবে (৭৫,০০০+৩৭,৫০০)= ১,১২,৫০০ টাকা।

অতএব, দুইটি মোটর গাড়ির জন্য মোট প্রযোজ্য অগ্রিম কর (৫০,০০০+১,১২,৫০০)= ১,৬২,৫০০ টাকা।

যেহেতু, পরিশোধকৃত অগ্রিম কর নিয়মিত হারে প্রদেয় করের তুলনায় কম, সেহেতু জনাব রাখালকে নিয়মিত আয়ের উপর নিম্নরূপে কর পরিশোধ করতে হবে-

নিট প্রদেয় আয়কর = মোট প্রদেয় আয়কর — অগ্রিম প্রদত্ত কর
= ১,৭০,০০০ টাকা — ১,৬২,৫০০ টাকা
= ৭,৫০০ টাকা।

জনাব রাখালের দুইটি মোটর গাড়ির মধ্যে একটি গাড়ি ইলেক্ট্রিক হওয়ায় তাকে পরিবেশ সারচার্জ পরিশোধ করতে হবে না।

অতএব, জনাব রাখালের মোট প্রদেয় কর= (১,৭০,০০০ টাকা +১৭,০০০ টাকা) = ১,৮৭,০০০ টাকা।

নিট প্রদেয় কর = মোট প্রদেয় কর — পরিশোধিত কর (অগ্রিম প্রদত্ত কর)
= (১,৮৭,০০০ — ১,৬২,৫০০) টাকা
= ২৪,৫০০ টাকা।

করবর্ষ পরবর্তী সময়ে স্বপ্রণোদিতভাবে বিলম্ব রিটার্ন দাখিলের ক্ষেত্রে কর পরিগণনা

একজন স্বাভাবিক ব্যক্তি করদাতা ৩০ জুন ২০২৭ তারিখের মধ্যে ২০২৬-২০২৭ করবর্ষের রিটার্ন দাখিল করতে ব্যর্থ হলে করদাতার প্রদেয় করদায় আয়কর আইনের ধারা ১৭৪ অনুযায়ী নির্ধারিত হবে এবং করদাতাকে সে মোতাবেক কর পরিশোধ করতে হবে।

৩০ জুন ২০২৭ তারিখের পর, করদাতা স্বপ্রণোদিতভাবে বিলম্ব রিটার্ন দাখিলকালে ধারা ১৭৩ অনুযায়ী কর পরিশোধ করবেন এবং অতিরিক্ত কর হিসাবে পরিশোধযোগ্য করের ১০% (দশ) শতাংশ অথবা ৫ (পাঁচ) হাজার টাকা, যা অধিক সেই পরিমাণ কর প্রদান করবেন।

উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন দাখিলে ব্যর্থতার ক্ষেত্রে ১৭৪ ধারানুযায়ী কর নির্ধারণ ছাড়াও প্রযোজ্য সরল সুদ ও জরিমানা আরোপসহ আয়কর আইনের অধীন অন্যান্য ব্যবস্থা গ্রহণের বিধানও যথারীতি প্রয়োগযোগ্য হবে।

ষষ্ঠ তফসিলের অংশ ১ এর দফা (১), (৪), (৫), (৬), (৭), (৮), (১৭) ও (৩৫) এ উল্লিখিত আয় এবং চাকরি হতে আয় পরিগণনায় কর অব্যাহতিপ্রাপ্ত আয়ের ক্ষেত্র ব্যতীত অন্য কোনো প্রকার আয়ের ক্ষেত্রে, কর অব্যাহতি প্রযোজ্য না হলে যেরূপে কর পরিগণনা করা হতো, সেরূপে কর পরিগণনাপূর্বক কর পরিশোধ করতে হবে।

উল্লেখ্য যে, নিম্নে উল্লিখিত ষষ্ঠ তফসিল-এর অংশ ১ এর অন্তর্ভুক্ত ক্ষেত্রসমূহে কর অব্যাহতি সংক্রান্ত বিষয়সমূহ সংশ্লিষ্ট করবর্ষ পরবর্তীতে রিটার্ন দাখিলের ক্ষেত্রে কর অব্যাহতিপ্রাপ্ত থাকবেঃ

- সংসদ কর্তৃক প্রণীত কোনো আইন বা সরকার কর্তৃক স্বাক্ষরিত কোনো চুক্তির অধীন আয়কর অব্যাহতিপ্রাপ্ত কোনো আন্ত সরকারি সংস্থা বা কোনো আন্তর্জাতিক সংস্থা বা তার কোনো কর্মচারীর আয়।
- সরকারি পেনশন তহবিল হতে করদাতা কর্তৃক গৃহীত বা করদাতার বকেয়া পেনশন;
- সরকারি আনুতোষিক তহবিল হতে করদাতা কর্তৃক আনুতোষিক হিসাবে গৃহীত অনধিক ২ (দুই) কোটি ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা আয়;

- কোনো স্বীকৃত ভবিষ্য তহবিল, অনুমোদিত বার্ধক্য তহবিল, পেনশন তহবিল এবং অনুমোদিত আনুতোষিক তহবিল–

  (ক) কর্তৃক কর্মচারী বা নিয়োগকর্তা হতে গৃহীত কোনো চাঁদা; এবং

  (খ) হতে উহাদের সুবিধাভোগীদের মাঝে বিতরণকৃত আয় যা উক্ত তহবিলের হাতে করারোপিত হয়েছে:

  তবে শর্ত থাকে যে, কোনো অনুমোদিত আনুতোষিক তহবিল হতে করদাতা কর্তৃক আনুতোষিক হিসাবে গৃহীত অর্থ অনধিক ২ (দুই) কোটি ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার সীমা অতিক্রম করিবে না;
- ভবিষ্য তহবিল আইন, ১৯২৫ (১৯২৫ সনের ১৯ নং আইন) প্রযোজ্য এরূপ কোনো ভবিষ্য তহবিলে উদ্ভূত বা উপচিত অথবা ভবিষ্য তহবিল হতে উদ্ভূত কোনো আয়;
- সরকারি সংস্থা, স্থানীয় কর্তৃপক্ষ, বা স্বায়ত্বশাসিত বা আধা-স্বায়ত্বশাসিত সংস্থা ও তাদের নিয়ন্ত্রিত ইউনিটসমূহ বা প্রতিষ্ঠানসমূহের কোনো কর্মচারী কর্তৃক স্বেচ্ছায় অবসর গ্রহণের সময় এ উদ্দেশ্যে সরকার কর্তৃক অনুমোদিত কোনো পরিকল্প অনুসারে গৃহীত যেকোনো পরিমাণ অর্থ;
- বাংলাদেশি কোনো স্বাভাবিক ব্যক্তি করদাতা কর্তৃক বিদেশে উপার্জিত কোনো আয় যা তিনি বৈদেশিক রেমিটেন্স সম্পর্কিত বিদ্যমান আইন অনুসারে বাংলাদেশে আনয়ন করেছেন;
- স্বামী-স্ত্রী, মাতা-পিতা বা সন্তানের নিকট হতে দান হিসাবে গৃহীত কোনো পরিসম্পদ যদি উহা দাতা ও গ্রহীতার রিটার্নে প্রদর্শিত হয়:

  তবে শর্ত থাকে যে, যেইক্ষেত্রে উক্ত দান বিদেশ হতে বাংলাদেশে অবস্থিত গ্রহীতার নিকট ব্যাংকিং চ্যানেলে প্রেরিত হয় সেইক্ষেত্রে দাতার রিটার্নে প্রদর্শনের শর্ত প্রযোজ্য হবে না।

  একইসাথে, চাকরি হতে আয় পরিগণনার ক্ষেত্রে কর অব্যাহতি সংক্রান্ত বিষয়সমূহও রিটার্ন দাখিলের নির্দিষ্ট তারিখের পরবর্তীতে রিটার্ন দাখিলের ক্ষেত্রে কর অব্যাহতিপ্রাপ্ত থাকবে।

উদাহরণ-২৬

জনাব শাহাদাত হোসেন ঢাকা জেলায় বসবাস করেন। তিনি একটি বেসরকারি স্কুলে শিক্ষকতা করেন। ২০২৫-২৬ আয়বর্ষে তিনি মোট ৬,০০,০০০ টাকা বেতন পান। এছাড়া তার একটি ডেইরি ফার্ম রয়েছে। তিনি উক্ত ডেইরি ফার্ম থেকে ৬,৫০,০০০ টাকা আয় করেন। এছাড়া উক্ত আয়বর্ষে তিনি মাছের হ্যাচারী থেকে ৭,০০,০০০ টাকা আয় করেন। উক্ত আয়বর্ষে তার ব্যাংক সুদ হতে আয় ছিলো ৪০,০০০ টাকা যার বিপরীতে উৎসে কর কর্তন ৪,০০০ টাকা।

বিভিন্ন খাতে তার মোট বিনিয়োগের পরিমাণ নিম্নরূপ:

ক্রম	খাত	পরিমাণ (৳)
১.	জীবন বিমার কিস্তি প্রদান	৬০,০০০
২.	ডিপোজিট পেনশন স্কীমে বিনিয়োগ	১,০০,০০০
৩.	নতুন সঞ্চয়পত্র ক্রয়ে বিনিয়োগ	৪,০০,০০০
	মোট বিনিয়োগ	৫,৬০,০০০

তিনি ৩০ জুন ২০২৭ তারিখের মধ্যে রিটার্ন দাখিল করতে ব্যর্থ হয়েছেন। এক্ষেত্রে তিনি ১৫ জুলাই, ২০২৭ তারিখে স্বপ্রণোদিতভাবে বিলম্ব রিটার্ন দাখিল করেন। জনাব শাহাদাত হোসেনের রেয়াত ও করদায়ের পরিমাণ হবে নিম্নরূপ:

১. কর রেয়াতযোগ্য বিনিয়োগ নির্ধারণঃ

ক্রম	বিবরণ	পরিমাণ (৳)
১.	জীবন বিমার কিস্তি প্রদান	৬০,০০০
২.	ডিপোজিট পেনশন স্কীমে বিনিয়োগ (২ক ও ২খ এর মধ্যে যেটি কম)	১,০০,০০০
	২ক. প্রকৃত বিনিয়োগ ১,০০,০০০ টাকা	
	২খ. অনুমোদনযোগ্য সীমা ১,২০,০০০ টাকা	
৩.	নতুন সঞ্চয়পত্র ক্রয়ে বিনিয়োগ (৩ক ও ৩খ এর মধ্যে যেটি কম)	৪,০০,০০০
	৩ক. প্রকৃত বিনিয়োগ ৪,০০,০০০ টাকা	
	৩খ. অনুমোদনযোগ্য সীমা ৫,০০,০০০ টাকা	
	মোট অনুমোদনযোগ্য বিনিয়োগ	৫,৬০,০০০

করযোগ্য আয় নির্ধারণ:

বিবরণ	(৳)
চাকুরি হতে আয় (১/৩ অংশ = ২,০০,০০০ কর অব্যাহতিপ্রাপ্ত আয়)	৪,০০,০০০
কৃষি হতে আয় (ডেইরি ফার্ম হতে আয় + মাছের হ্যাচারী হতে আয়)*	১৩,৫০,০০০
ব্যাংক সুদ আয়	৪০,০০০
মোট করযোগ্য আয়	১৭,৯০,০০০

(*জনাব শাহাদাত করবর্ষের পরে আয়কর রিটার্ন দাখিল করায় মাছের হ্যাচারী থেকে আয়ের ক্ষেত্রে করমুক্ত সুবিধা পাবেন না)

রেয়াত পূর্ববর্তী করদায় নির্ধারণ:

আয়ের ধাপ	করহার	করের পরিমাণ (৳)
প্রথম ৪,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য	শূন্য
পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	১০%	৩০,০০০
পরবর্তী ৪,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	১৫%	৬০,০০০
পরবর্তী ৫,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	২০%	১,০০,০০০
অবশিষ্ট ১,৯০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	২৫%	৪৭,৫০০
১৭,৯০,০০০ টাকার উপর মোট আয়করের পরিমাণ		২,৩৭,৫০০

রেয়াতের পরিমাণ নির্ধারণ:

	বিবরণ	(৳)	(৳)

(ক)	মোট আয় ১৭,৯০,০০০ টাকা × .০৩	৫৩,৭০০	
(খ)	মোট অনুমোদনযোগ্য বিনিয়োগ ৫,৬০,০০০ টাকা × ০.১০	৫৬,০০০	
(গ)	কর রেয়াতের সর্বোচ্চ অনুমোদিত সীমা	৭,৫০,০০০	
কর রেয়াতের পরিমাণ হবে [(ক) বা (খ) বা (গ), এ তিনটির মধ্যে যেটি কম]			৫৩,৭০০

ধারা ১৭৩ অনুযায়ী প্রদেয় কর নির্ধারণ:

বিবরণ	(৳)
রেয়াত পূর্ববর্তী করদায়	২,৩৭,৫০০
কর রেয়াত	(৫৩,৭০০)
উৎসে কর্তিত কর	(৪,০০০)
ধারা ১৭৩ অনুযায়ী প্রদেয় কর	১,৭৯,৮০০

স্বপ্রণোদিতভাবে বিলম্ব রিটার্ন দাখিলে করদায় নির্ধারণ:

বিবরণ		(৳)
ধারা ১৭৩ অনুযায়ী প্রদেয় কর		১,৭৯,৮০০
অতিরিক্ত কর [(ক) ও (খ) এর মধ্যে যেটি অধিক]		১৭,৯৮০
	(ক) ১৭৩ ধারায় প্রদেয় করের ১০%= ১৭,৯৮০	
	(খ) ৫,০০০ টাকা	
	ধারা ১৭৪ অনুযায়ী প্রদেয় কর	১,৯৭,৭৮০

অগ্রিম কর

অগ্রিম কর হলো চলতি আয়বর্ষের সম্ভাব্য করযোগ্য আয়ের ভিত্তিতে আগাম পরিশোধযোগ্য কর। কোনো ব্যক্তির সর্বশেষ নিরূপিত আয়বর্ষে মোট আয় ১০ লক্ষ (মূলধনী আয় এবং এককালীন আয় ব্যতীত) টাকার অধিক হলে উক্ত করদাতা কর্তৃক প্রতি চলমান অর্থবছরে আয়ের উপর অগ্রিম কর পরিশোধ করতে হবে। কোনো চলমান আয়বর্ষে করদাতা কর্তৃক পরিশোধযোগ্য অগ্রিম কর হবে ক—খ এর সমপরিমাণ, যেখানে-

ক= সর্বশেষ আয়বর্ষে নির্ধারিত করদাতার মোট আয়ের উপর পরিশোধযোগ্য কর যা উক্ত অর্থবছরে প্রযোজ্য হারে পরিগনণাকৃত

খ= উৎসে কর্তনকৃত, সংগ্রহকৃত বা পরিশোধকৃত অগ্রিম কর।

অগ্রিম কর হিসেবে পরিশোধযোগ্য কর নিম্নবর্ণিতভাবে ৪ টি সমান কিস্তিতে পরিশোধ করতে হবে।

অর্থবছেরের তারিখ	পরিশোধযোগ্য অর্থের পরিমাণ
১৫ সেপ্টেম্বর	২৫% (পঁচিশ শতাংশ)
১৫ ডিসেম্বর	২৫% (পঁচিশ শতাংশ)
১৫ মার্চ	২৫% (পঁচিশ শতাংশ)

১৫ জুন	২৫% (পঁচিশ শতাংশ)

উদাহরণ-২৭

জনাব মাহমুদুল হকের ২০২৫-২৬ আয়বর্ষে বিভিন্ন খাতে মোট আয় ছিলো ১৬,০০,০০০ টাকা এবং ২০২৬-২৭ করবর্ষে পরিশোধিত করের পরিমাণ ছিলো ১,৯০,০০০ টাকা। তিনি মোট ৩৫,০০০ টাকা উৎসে কর প্রদান করেন। এক্ষেত্রে ২০২৭-২৮ করবর্ষের জন্য তার পরিশোধযোগ্য অগ্রিম করের পরিমাণ হবে নিম্নরূপ-

২০২৫-২৬ আয়বর্ষে নির্ধারিত করদাতার মোট আয়ের উপর পরিশোধযোগ্য কর যা উক্ত অর্থবছরে প্রযোজ্য হারে পরিগনণাকৃত — উৎসে কর্তনকৃত, সংগ্রহকৃত বা পরিশোধকৃত অগ্রিম কর = (১,৯০,০০০—৩৫,০০০) টাকা = ১,৫৫,০০০ টাকা।

উক্ত ১,৫৫,০০০ টাকা জনাব মাহমুদুল হক সমান চার কিস্তিতে অগ্রিম কর হিসেবে নিম্নরূপে পরিশোধ করবেন-

অর্থবছেরের তারিখ	পরিশোধযোগ্য অর্থের পরিমাণ (৳)
১৫ সেপ্টেম্বর ২০২৬	৩৮,৭৫০
১৫ ডিসেম্বর ২০২৬	৩৮,৭৫০
১৫ মার্চ ২০২৭	৩৮,৭৫০
১৫ জুন ২০২৭	৩৮,৭৫০

জনাব মাহমুদুল হক ২০২৭-২৮ করবর্ষে রিটার্ন দাখিলের সময় উপর্যুক্ত অগ্রিম পরিশোধিত কর তার প্রদেয় করের সাথে সমন্বয় করতে পারবেন।

উৎসে কর্তিত/সংগৃহীত কর এবং অগ্রিম হিসেবে পরিশোধিত করের ক্রেডিট

(ক) উৎসে কর:

আয়বর্ষে করদাতা কর্তৃক উৎসে পরিশোধিত কর আয়কর রিটার্নে প্রদর্শন করতে হবে। উদাহরণস্বরূপ, কোনো করদাতার বেতন, ব্যাংক সুদ আয়, গৃহ-সম্পত্তির বার্ষিক ভাড়া আয়, পেশাগত ফি প্রাপ্তি ইত্যাদি থেকে উৎসে কর কর্তন করা হলে তা রিটার্নে প্রদর্শন করতে হবে। উৎসে কর্তিত/সংগৃহীত করের স্বপক্ষে কর কর্তনকারী/সংগ্রহকারী কর্তৃপক্ষের সার্টিফিকেট রিটার্নের সাথে দাখিল করতে হবে।

(খ) অগ্রিম করের ক্রেডিট:

অগ্রিম পরিশোধিত কর রিটার্ন দাখিলের সময় প্রদেয় করের সাথে সমন্বয় করা হয়। করদাতা যদি অগ্রিম কর পরিশোধ করে থাকেন তাহলে পরিশোধিত করের পরিমাণ আয়কর রিটার্নে প্রদর্শন করতে হবে। অগ্রিম কর পরিশোধের প্রমাণও রিটার্নের সাথে দাখিল করতে হবে।

উদাহরণ-২৮

ধরা যাক, ১ জুলাই ২০২৫ হতে ৩০ জুন ২০২৬ তারিখ এর মধ্যে কোনো স্বাভাবিক ব্যক্তি করদাতা তার গাড়ির ফিটনেস নবায়নকালে অগ্রিম কর হিসেবে ২০২৬-২০২৭ করবর্ষের জন্য ২৫,০০০ টাকা পরিশোধ করেছেন। তাহলে তিনি অগ্রিম কর পরিশোধের প্রমাণ হিসেবে এ-চালানের কপি ২০২৬-২০২৭

করবর্ষের জন্য দাখিলকৃত রিটার্নের সাথে দাখিল করবেন। অন্যথায় তিনি পরিশোধিত অগ্রিম করের ক্রেডিট দাবী করতে পারবেন না।

রিটার্নের ভিত্তিতে প্রদত্ত কর (ধারা ১৭৩ অনুযায়ী)

রিটার্নে প্রদর্শিত মোট আয়ের ভিত্তিতে নিরূপিত প্রদেয় আয়কর হতে উৎসে কর্তিত কর এবং অগ্রিম প্রদত্ত কর বাদ দিয়ে অবশিষ্ট কর এ-চালানের মাধ্যমে পরিশোধ করতে হবে। কর পরিশোধের সমর্থনে এ-চালানের কপি দাখিলকৃত রিটার্নের সাথে জমা দিতে হবে।

কর প্রত্যর্পণ, সমন্বয় বা জের টানা

পরিশোধিত অগ্রিম কর যদি নিরূপিত করদায়ের তুলনায় বেশি হয় তাহলে যে পরিমাণ কর বেশি প্রদান করা হয়েছে সেই পরিমাণ কর করদাতার অনুকূলে প্রত্যর্পণ (Refund) করা হবে। করদাতা চাইলে উক্ত প্রত্যর্পণযোগ্য কর পরবর্তী বছরের করদাবীর সাথে সমন্বয় করার উদ্দেশ্য জের টানতে পারবেন। একইভাবে পূর্বের বছরগুলোতে করদাতার যদি কর ফেরত দাবী/সৃষ্টি থাকে তবে তিনি বর্তমান করবর্ষে তা কর পরিশোধ হিসেবে দাবী করতে পারবেন।

ধরা যাক, ২০২৫-২০২৬ করবর্ষে করদাতার ফেরতযোগ্য করের পরিমাণ ছিল ৫,০০০ টাকা। ২০২৬-২০২৭ করবর্ষের রিটার্নে প্রদর্শিত আয় অনুসারে প্রদেয় মোট আয়করের পরিমাণ ৮,০০০ টাকা। এ অবস্থায় ২০২৫-২০২৬ করবর্ষের ফেরতযোগ্য ৫,০০০ টাকা ২০২৬-২০২৭ করবর্ষে করদাবীর বিপরীতে কর পরিশোধ হিসেবে দাবী/সমন্বয় করতে পারবেন। সেক্ষেত্রে ২০২৬-২০২৭ করবর্ষের জন্য তাকে অবশিষ্ট ৩,০০০ টাকা পরিশোধ করতে হবে।

রিটার্নের ভিত্তিতে প্রদত্ত কর (ধারা ১৭৩ অনুযায়ী)

রিটার্নে প্রদর্শিত মোট আয়ের ভিত্তিতে নিরূপিত প্রদেয় আয়কর হতে উৎসে কর্তিত কর এবং অগ্রিম প্রদত্ত কর বাদ দিয়ে অবশিষ্ট কর এ-চালানের মাধ্যমে পরিশোধ করতে হবে। কর পরিশোধের সমর্থনে এ-চালান এর কপি দাখিলকৃত রিটার্নের সাথে জমা দিতে হবে।

করমুক্ত বা কর অব্যাহতি প্রাপ্ত আয়

করদাতার করমুক্ত এবং কর অব্যাহতি প্রাপ্ত আয় থাকলে তা রিটার্নে উল্লেখ করতে হবে। স্বাভাবিক ব্যক্তি করদাতার করমুক্ত আয়ের কয়েকটি খাত নিচে উল্লেখ করা হলো:

(১) সরকারি পেনশন তহবিল হতে করদাতা কর্তৃক গৃহীত বা করদাতার বকেয়া পেনশন;

(২) সরকারি আনুতোষিক তহবিল হতে করদাতা কর্তৃক আনুতোষিক হিসাবে গৃহীত অনধিক ২ (দুই) কোটি ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা আয়;

(৩) কোনো স্বীকৃত ভবিষ্য তহবিল, অনুমোদিত বার্ধক্য তহবিল, পেনশন তহবিল এবং অনুমোদিত আনুতোষিক তহবিল কর্তৃক কর্মচারী বা নিয়োগকর্তা হতে গৃহীত চাঁদা এবং উক্ত তহবিলসমূহ হতে তাদের সুবিধাভোগীদের মাঝে বিতরণকৃত আয় যা উক্ত তহবিলের হাতে করারোপিত হয়েছে:

(৪) ভবিষ্য তহবিল আইন, ১৯২৫ (১৯২৫ সনের ১৯ নং আইন) প্রযোজ্য এরূপ কোনো ভবিষ্য তহবিলে উদ্ভূত বা উপচিত অথবা ভবিষ্য তহবিল হতে উদ্ভূত কোনো আয়;

(৫) সরকারি সংস্থা, স্থানীয় কর্তৃপক্ষ, বা স্বায়ত্তশাসিত বা আধা-স্বায়ত্তশাসিত সংস্থা ও তাদের নিয়ন্ত্রিত ইউনিটসমূহ বা প্রতিষ্ঠানসমূহের কোনো কর্মচারী কর্তৃক স্বেচ্ছায় অবসর গ্রহণের সময় এই উদ্দেশ্যে সরকার কর্তৃক অনুমোদিত কোনো পরিকল্প অনুসারে গৃহীত যেকোনো পরিমাণ অর্থ;

(৬) পেনশনারস সেভিংস সার্টিফিকেট হতে সুদ হিসাবে গৃহীত কোনো অর্থ বা গৃহীত অর্থের সমষ্টি, যেইক্ষেত্রে সংশ্লিষ্ট আয়বর্ষের শেষে উক্ত সার্টিফিকেটের বিনিয়োগকৃত অর্থের মোট পুঞ্জীভূত অর্জিত মূল্য/ প্রকৃত মূল্য/ আক্ষরিক মূল্য/ ক্রয় মূল্য অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা হয়;

(৭) কোনো নিয়োগকারী কর্তৃক কোনো কর্মচারীর ব্যয় পুনর্ভরণ যদি-

(ক) উক্ত ব্যয় সম্পূর্ণভাবে এবং আবশ্যকতা অনুসারে কর্মচারীর দায়িত্ব পালনের সূত্রে ব্যয়িত করা হয়; এবং

(খ) নিয়োগকারীর জন্য উক্ত কর্মচারীর মাধ্যমে এরূপ ব্যয় নির্বাহ সর্বাধিক সুবিধাজনক ছিল;

(৮) ট্রাস্টের সুবিধাভোগী বা তহবিলে অংশগ্রহণকারী কর্তৃক ট্রাস্ট বা তহবিলের আয়ের অংশ হিসেবে প্রাপ্ত আয়ের অংশ, যার উপর উক্ত ট্রাস্ট বা তহবিল কর্তৃক কর পরিশোধ করা হয়েছে;

(৯) হিন্দু অবিভক্ত পরিবারের সদস্য হিসাবে একজন করদাতা যে পরিমাণ অর্থ প্রাপ্ত হন, যার উপর উক্ত পরিবার কর্তৃক কর পরিশোধিত;

(১০) বাংলাদেশি কোনো স্বাভাবিক ব্যক্তি করদাতা কর্তৃক বিদেশে উপার্জিত কোনো আয় যা তিনি বৈদেশিক রেমিটেন্স সম্পর্কিত বিদ্যমান আইন অনুসারে বাংলাদেশে আনয়ন করেন;

(১১) কোনো করদাতা কর্তৃক ওয়েজ আর্নারস ডেভলপমেন্ট ফান্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড, ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড, ইউরো প্রিমিয়াম বন্ড, ইউরো ইনভেস্টমেন্ট বন্ড, পাউন্ড স্টারলিং ইনভেস্টমেন্ট বন্ড বা পাউন্ড স্টারলিং প্রিমিয়াম বন্ড হতে গৃহীত কোনো আয়;

(১২) রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কোনো স্বাভাবিক ব্যক্তির আয় যা কেবল উক্ত পার্বত্য জেলায় পরিচালিত অর্থনৈতিক কর্মকান্ড (আর্থিক পরিসম্পদ হতে আয় ব্যতীত) হতে উদ্ভূত হয়েছে;

(১৩) কোনো স্বাভাবিক ব্যক্তির “কৃষি হতে আয়” খাতের আওতাভুক্ত অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত কোনো আয় যদি উক্ত ব্যক্তির কৃষি হতে আয় এবং আর্থিক পরিসম্পদ হতে আয় ব্যতীত অন্য কোনো আয় না থাকে।

(১৪) ০১ জুলাই, ২০২৪ তারিখ হতে নিম্নবর্ণিত ব্যবসায়ের সকল আয় শতভাগ ব্যাংক ট্রান্সফার এর মাধ্যমে সম্পন্ন করার শর্তে ১ জুলাই, ২০২৪ হতে ৩০ জুন, ২০২৭ পর্যন্ত উক্ত ব্যবসাসমূহ হতে উদ্ভূত কোনো নিবাসী ব্যক্তি বা অনিবাসী বাংলাদেশি স্বাভাবিক ব্যক্তির আয় , যথা:-

(ক) এআই বেজড্ সলিউশন ডেভেলপমেন্ট (AI based solution development);

(খ) ব্লকচেইন বেজড্ সলিউশন ডেভেলপমেন্ট (blockchain based solution development);

(গ) রোবোটিক্স প্রসেস আউটসোর্সিং (robotics process outsourcing);

(ঘ) সফটওয়্যার অ্যাজ আ সার্ভিস (software as a service);

(ঙ) সাইবার সিকিউরিটি সার্ভিস (cyber security service);

(চ) ডিজিটাল ডেটা এনালাইটিক্স ও ডেটা সাইয়েন্স (digital data analytics and data science);

(ছ) মোবাইল অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট সার্ভিস (mobile application development service);

(জ) সফটওয়্যার ডেভেলপমেন্ট ও কাস্টমাইজেশন (software development and customization);

(ঝ) সফটওয়্যার টেস্ট ল্যাব সার্ভিস (software test lab service);

(ঞ) ওয়েব লিস্টিং, ওয়েবসাইট ডেভেলপমেন্ট ও সার্ভিস (web listing, website development and service);

(ট) আইটি সহায়তা ও সফটওয়্যার মেইনটেন্যান্স সার্ভিস (IT assistance and software maintenance service);

(ঠ) জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিস (geographic information service);

(ড) ডিজিটাল এনিমেশন ডেভেলপমেন্ট (digital animation development);

(ঢ) ডিজিটাল গ্রাফিক্স ডিজাইন (digital graphics design);

(ণ) ডিজিটাল ডেটা এন্ট্রি ও প্রসেসিং (digital data entry and processing);

(ত) ই-লার্নিং প্লাটফর্ম ও ই-পাব্লিকেশন (e-learning platform and e-publication);

(থ) ফ্রি ল্যান্সিং (freelancing) ও কনটেন্ট ক্রিয়েশন (Content Creation);

(দ) কল সেন্টার সার্ভিস (call center service);

(ধ) ডকুমেন্ট কনভারশন, ইমেজিং ও ডিজিটাল আর্কাইভিং (document conversion, imaging and digital archiving)।

(১৫) যেকোনো পণ্য উৎপাদনে জড়িত ক্ষুদ্র বা মাঝারি শিল্প হতে উদ্ভূত আয়, যার—

(ক) শিল্পটি নারী ও প্রতিবন্ধী ব্যক্তি মালিকানাধীন হলে, বাৎসরিক টার্নওভার অনধিক ৭০ (সত্তর) লক্ষ টাকা;

(খ) অন্যান্য ক্ষেত্রে, বাৎসরিক টার্নওভার অনধিক ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা:

তবে শর্ত থাকে যে, উহা ক্ষুদ্র বা মাঝারি শিল্প উদ্যোক্তা হিসাবে এসএমই ফাউন্ডেশনে নিবন্ধিত হতে হবে।;

(১৬) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, ব্যাংক, বিমা বা কোনো ফাইন্যান্স কোম্পানি ব্যতীত ব্যক্তি কর্তৃক জিরো কুপন বন্ড হতে উদ্ভূত কোনো আয়, যথা:-

(ক) বাংলাদেশ ব্যাংক বা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করে কোনো ব্যাংক, বিমা বা ফাইন্যান্স কোম্পানি কর্তৃক উক্ত জিরো কুপন বন্ড ইস্যু করা হয়েছে;

(খ) বাংলাদেশ ব্যাংক বা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করে কোনো ব্যাংক, বিমা বা ফাইন্যান্স কোম্পানি ব্যতীত অন্য কোনো প্রতিষ্ঠান কর্তৃক জিরো কুপন বন্ড ইস্যু করা হয়েছে;

(গ) জিরো কুপন বন্ড বলতে জিরো কুপন ইসলামিক ইনভেস্টমেন্ট সার্টিফিকেটও বুঝাবে।

(১৭) "চাকরি হতে আয়" হিসাবে পরিগণিত আয়ের এক-তৃতীয়াংশ বা ৫ (পাঁচ) লক্ষ টাকা যা কম;

(১৮) কোনো তহবিল, সরকারি বিশ্ববিদ্যালয় বা পৃথক আইন দ্বারা প্রতিষ্ঠিত কোনো আন্তর্জাতিক শিক্ষা প্রতিষ্ঠান যাহা বেসরকারি বিশ্ববিদ্যালয় নয় বা কোনো আইনের অধীন প্রতিষ্ঠিত এবং চার্টার্ড অ্যাকাউন্টেন্ট বা কস্ট এ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টেন্ট বা চার্টার্ড সেক্রেটারিগণের কোনো পেশাজীবী সংগঠন কর্তৃক পরিচালিত কোনো পেশাজীবী প্রতিষ্ঠান (প্রফেশনাল ইনস্টিটিউট) কর্তৃক আর্থিক পরিসম্পদ হতে আয় ব্যতীত অন্য কোনো আয়;

(১৯) কোনো ব্যক্তি কর্তৃক বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট হতে গৃহীত সম্মানি বা ভাতা প্রকৃতির কোনো অর্থ বা সরকারের নিকট হতে গৃহীত কোনো কল্যাণ ভাতা;

(২০) বাংলাদেশ সরকার বা বিদেশি সরকার হতে কোনো ব্যক্তি কর্তৃক গৃহীত কোনো পুরস্কার;

(২১) কোনো বৃদ্ধাশ্রম পরিচালনা হতে উদ্ভূত কোনো আয়;

(২২) স্বামী-স্ত্রী, আপন ভাই বা বোন, মাতা-পিতা বা সন্তানের নিকট হতে দান হিসেবে গৃহীত কোনো পরিসম্পদ যদি তা দাতা ও গ্রহীতার রিটার্নে প্রদর্শিত হয়। তবে, যেক্ষেত্রে উক্ত দান বিদেশ হতে বাংলাদেশে অবস্থিত গ্রহীতার নিকট ব্যাংকিং চ্যানেলে প্রেরিত হয় সেক্ষেত্রে দাতার রিটার্নে প্রদর্শনের শর্ত প্রযোজ্য হবে না;

(২৩) কোনো স্বাভাবিক ব্যক্তি কর্তৃক গৃহীত অনধিক ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার কোন মূলধনি আয়, যা –

ক) তালিকাভুক্ত কোনো কোম্পানি বা তহবিলের শেয়ার বা ইউনিট হস্তান্তর হতে অর্জিত হয়েছে; এবং

খ) কোনো কোম্পানি বা তহবিলের স্পন্সর, ডিরেক্টর বা প্লেসমেন্ট শেয়ার বা ইউনিট হস্তান্তর হতে অর্জিত নয়;

(২৪) গোষ্ঠী বিমা পলিসি হতে কর্মচারী কর্তৃক প্রাপ্ত অর্থ বা সুবিধা, তা যে নামেই অভিহিত হোক না কেন।

করমুক্ত আয়সমূহ করদাতার মোট আয়ে অন্তর্ভুক্ত হবে না। এটি রিটার্নে করমুক্ত আয়ের কলামে প্রদর্শন করতে হবে।

পঞ্চম ভাগ

মোট আয় নিরূপণ ও কর পরিগণনার উদাহরণ

বিভিন্ন শ্রেণির স্বাভাবিক ব্যক্তি করদাতার মোট আয় ও করদায়ের পরিমাণ কিভাবে পরিগণনা করা হবে তা কয়েকটি উদাহরণের মাধ্যমে নিম্নে উপস্থাপন করা হলো:

১। <u>সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারীদের আয় এবং কর পরিগণনা:</u>

জনাব শরিফুল ইসলাম রূপালী ব্যাংকের একজন কর্মকর্তা। ৩০ জুন ২০২৬ তারিখে সমাপ্ত আয়বর্ষে তিনি নিম্নোক্ত হারে বেতন ভাতাদি পেয়েছেন:

	টাকা
মাসিক মূল বেতন	৩৫,৫০০
মাসিক বাড়ি ভাড়া ভাতা	১৪,২০০
উৎসব বোনাস ২টি (৩৫,৫০০ × ২)	৭১,০০০
চিকিৎসা ভাতা	১৮,০০০
বোনাস (ইনসেন্টিভ)	১,০৬,৫০০
বাংলা নববর্ষ ভাতা	৭,১০০

ভবিষ্য তহবিলে তিনি প্রতি মাসে ৪,০০০ টাকা জমা রাখেন। হিসাবরক্ষণ অফিস হতে প্রাপ্ত প্রত্যয়নপত্র হতে দেখা যায় যে, ৩০ জুন ২০২৬ তারিখে ভবিষ্য তহবিলে অর্জিত সুদের পরিমাণ ছিল ৩৩,৫০০ টাকা। কল্যাণ তহবিলে ও গোষ্ঠী বিমা তহবিলে চাঁদা প্রদান বাবদ প্রতি মাসে বেতন হতে কর্তন ছিল যথাক্রমে ১৫০ ও ১০০ টাকা।

২০২৬-২০২৭ করবর্ষে জনাব শরিফুল ইসলামের মোট আয় এবং করদায় নিম্নে পরিগণনা করা হলো:

<u>বেতন খাতে আয়:</u>	(৳)
মূল বেতন (৩৫,৫০০ × ১২ মাস)	৪,২৬,০০০
উৎসব বোনাস (৩৫,৫০০ × ২)	৭১,০০০
বোনাস (ইনসেন্টিভ)	১,০৬,৫০০
মোট করযোগ্য আয়	৬,০৩,৫০০

* জনাব শরিফুল ইসলামের ৩০ জুন ২০২৬ তারিখে সমাপ্ত আয়বছরে যে চিকিৎসা ভাতা, বাড়ি ভাড়া ভাতা ও বাংলা নববর্ষ ভাতা পেয়েছেন তা তার জন্য প্রযোজ্য চাকরি (ব্যাংক, বিমা ও ফাইন্যান্স কোম্পানি) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অন্তর্ভুক্ত। ফলে এসব ভাতার জন্য তাকে আয়কর প্রদান করতে হবে না।

করদায় পরিগণনা:

রেয়াত পূর্ববর্তী করদায় নির্ধারণ**:**

আয়ের ধাপ	করহার	করের পরিমাণ (৳)
প্রথম ৪,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য	শূন্য
অবশিষ্ট ২,০৩,৫০০ টাকা আয়ের উপর	১০%	২০,৩৫০

৬,০৩,৫০০ টাকার উপর মোট আয়করের পরিমাণ	২০,৩৫০

রেয়াতযোগ্য বিনিয়োগ পরিগণনা :

বিবরণ	(৳)
ভবিষ্য তহবিলে চাঁদা	৪৮,০০০
কল্যাণ তহবিলে চাঁদা	১,৮০০
গোষ্ঠী বিমা তহবিলে চাঁদা	১,২০০
মোট রেয়াতযোগ্য বিনিয়োগ	৫১,০০০

রেয়াতের পরিমাণ নির্ধারণ:

	বিবরণ	(৳)	(৳)
(ক)	মোট আয় ৬,০৩,৫০০ টাকা × .০৩	১৮,১০৫	
(খ)	মোট অনুমোদনযোগ্য বিনিয়োগ ৫১,০০০ টাকা × ০.১০	৫,১০০	
(গ)	কর রেয়াতের সর্বোচ্চ অনুমোদিত সীমা	৭,৫০,০০০	
কর রেয়াতের পরিমাণ হবে [(ক) বা (খ) বা (গ), এ তিনটির মধ্যে যেটি কম]			৫,১০০

ধারা ১৭৩ অনুযায়ী প্রদেয় কর নির্ধারণ:

বিবরণ	(৳)
রেয়াত পূর্ববর্তী করদায়	২০,৩৫০
কর রেয়াত	(৫,১০০)
ধারা ১৭৩ অনুযায়ী প্রদেয় কর	১৫,২৫০

২। বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত করদাতার আয় এবং কর পরিগণনা

উদাহরণ-ক

বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত মিজ মাহবুবা আক্তার ২০২৫-২৬ আয়বর্ষে নিম্নরূপ বেতন ও ভাতা পেয়েছেন:

ক্রমিক নং	আয়ের খাত	পরিমাণ (৳)
(ক)	মাসিক মূল বেতন	৫২,৫০০
(খ)	২টি উৎসব বোনাস (৫২,৫০০ × ২)	১,০৫,০০০
(গ)	চিকিৎসা ভাতা (মাসিক)	৫,০০০
(ঘ)	আপ্যায়ন ভাতা (মাসিক)	১,৫০০
(ঙ)	বাড়ী ভাড়া ভাতা (মাসিক)	২৫,০০০

এছাড়া মিজ্ মাহবুবার নিম্নোক্ত সুবিধাদি, আয়, উৎসে কর কর্তন, সম্পদ ও বিনিয়োগ রয়েছে-

১। ব্যক্তিগত ব্যবহারের জন্য তিনি অফিস হতে একটি ১৫০০ সিসি গাড়ী বরাদ্দ পেয়েছেন।

২। তার গৃহ সম্পত্তি ভাড়া হতে করযোগ্য আয় ১,৩০,০০০ টাকা, কৃষি খাতে আয় ৬০,০০০ টাকা, আইসিবি মিউচ্যুয়াল ফান্ড হতে লভ্যাংশ প্রাপ্তি ১,৫০,০০০ টাকা এবং ব্যাংক সুদ খাতে ১,১০,০০০ টাকা আয় রয়েছে।

৩। লভ্যাংশ ও ব্যাংক সুদের উপর ১০% হারে উৎসে আয়কর কর্তন করা হয়েছে।

৪। তার বেতন হতে ৩৬,০০০ টাকা উৎসে অগ্রিম কর কর্তন করা হয়েছে।

৫। ৩০ জুন ২০২৬ তারিখে তার নিট সম্পদের পরিমাণ ২০,৫০,০০,০০০ টাকা।

৬। তিনি ২,৫০,০০০ টাকার তিন বছর মেয়াদী সঞ্চয়পত্র ক্রয় করেছেন।

৭। জীবন বিমার প্রিমিয়াম বাবদ ৬০,০০০ টাকা দিয়েছেন।

মিজ্ মাহবুবার মোট আয় নিম্নরূপভাবে নিরূপণ করতে হবে:

মোট করযোগ্য আয় নির্ধারণ:

<table>
<tr><th colspan="3">বিবরণ</th><th>(৳)</th></tr>
<tr><td rowspan="10">(১) চাকরি হতে আয়</td><td colspan="2">মূল বেতন (৫২,৫০০ x ১২)</td><td>৬,৩০,০০০</td></tr>
<tr><td colspan="2">উৎসব বোনাস (৫২,৫০০ x ২)</td><td>১,০৫,০০০</td></tr>
<tr><td colspan="2">চিকিৎসা ভাতা (৫,০০০x ১২)</td><td>৬০,০০০</td></tr>
<tr><td colspan="2">আপ্যায়ন ভাতা (১,৫০০ x ১২)</td><td>১,৮০০০</td></tr>
<tr><td colspan="2">বাড়ী ভাড়া ভাতা (২৫,০০০ x ১২)</td><td>৩,০০,০০০</td></tr>
<tr><td colspan="2">মোটরগাড়ি সুবিধা (১৫,০০০ x ১২)
(১৫০০ সিসি পর্যন্ত মাসিক ১৫,০০০ টাকা হারে)</td><td>১,৮০,০০০</td></tr>
<tr><td colspan="2">মোট প্রাপ্তি</td><td>১২,৯৩,০০০</td></tr>
<tr><td rowspan="2">বাদ: করমুক্ত আয় [(ক) ও (খ) এর মধ্যে যেটি কম)]</td><td>(ক) চাকুরি হতে মোট প্রাপ্তির ১/৩ অংশ= ৪,৩১,০০০ টাকা</td><td rowspan="2">(৪,৩১,০০০)</td></tr>
<tr><td>(খ) ৫,০০,০০০ টাকা</td></tr>
<tr><td colspan="2">চাকুরি হতে করযোগ্য আয়</td><td>৮,৬২,০০০</td></tr>
<tr><td colspan="3">(২) ভাড়া হতে আয়</td><td>১,৩০,০০০</td></tr>
<tr><td colspan="3">(৩) কৃষি হতে আয়</td><td>৬০,০০০</td></tr>
<tr><td colspan="3">(৪) আর্থিক পরিসম্পদ হতে আয়
(ক) ব্যাংক সুদ আয়</td><td>১,১০,০০০</td></tr>
<tr><td colspan="3">নিয়মিত করহার প্রযোজ্য হয় এরূপ মোট করযোগ্য আয়</td><td>১১,৬২,০০০</td></tr>
<tr><td colspan="3">(খ) আইসিবি মিউচ্যুয়াল ফান্ড হতে লভ্যাংশ</td><td>১,৫০,০০০</td></tr>
<tr><td colspan="3">মোট করযোগ্য আয়</td><td>১৩,১২,০০০</td></tr>
</table>

রেয়াত পূর্ববর্তী করদায় পরিগণনা:

আয়ের ধাপ	করহার	করের পরিমাণ (৳)
প্রথম ৪,৫০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য	শূন্য
পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	১০%	৩০,০০০
পরবর্তী ৪,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	১৫%	৬০,০০০
অবশিষ্ট ১২,০০০ টাকা আয়ের উপর	২০%	২,৪০০
১১,৬২,০০০ টাকার উপর মোট আয়করের পরিমাণ		৯২,৪০০
আইসিবি মিউচ্যুয়াল ফান্ড হতে লভ্যাংশের উপর কর (১,৫০,০০০×১৫%)		২২,৫০০
মোট প্রদেয় কর		১,১৪,৯০০

রেয়াতযোগ্য বিনিয়োগ পরিগণনা:

বিবরণ	(৳)
(ক) সঞ্চয়পত্রে বিনিয়োগ	২,৫০,০০০
(খ) জীবন বিমার প্রিমিয়াম প্রদান	৬০,০০০
মোট রেয়াতযোগ্য বিনিয়োগ	৩,১০,০০০

বিনিয়োগজনিত কর রেয়াতের পরিমাণ নির্ধারণ:

	বিবরণ	(৳)	(৳)
(ক)	মোট আয় ১১,৬২,০০০ টাকা × .০৩	৩৪,৮৬০	
(খ)	মোট অনুমোদনযোগ্য বিনিয়োগ ৩,১০,০০০ টাকা × ০.১০	৩১,০০০	
(গ)	কর রেয়াতের সর্বোচ্চ অনুমোদিত সীমা	৭,৫০,০০০	
কর রেয়াতের পরিমাণ হবে [(ক) বা (খ) বা (গ), এ তিনটির মধ্যে যেটি কম]			৩১,০০০

রেয়াত পরবর্তী করদায় নির্ধারণ:

বিবরণ	(৳)
রেয়াত পূর্ববর্তী করদায়	১,১৪,৯০০
কর রেয়াত	(৩১,০০০)
রেয়াত পরবর্তী করদায়	৮৩,৯০০

উৎসে করের ক্রেডিট:

বিবরণ	(৳)
রেয়াত পরবর্তী করদায়	৮৩,৯০০

লভ্যাংশের উপর উৎসে কর্তিত কর	(১৫,০০০)
ব্যাংক সুদের উপর উৎসে কর্তিত কর	(১১,০০০)
বেতন হতে অগ্রিম কর কর্তন	(৩৬,০০০)
অবশিষ্ট করদায়	২১,৯০০

সারচার্জের পরিমাণ:
মিজ্ মাহবুবার নিট সম্পদের পরিমাণ ২০,৫০,০০,০০০ টাকা হওয়ায় মোট আয়করের ৩০% হারে সারচার্জ প্রযোজ্য হবে। সারচার্জের পরিমাণ দাঁড়ায় (৯২,৪০০ টাকার ৩০%) ২৭,৭২০ টাকা।

মিজ্ মাহবুবার নিট প্রদেয় কর (২১,৯০০ + ২৭,৭২০) = ৪৯,৬২০ টাকা।

উদাহরণ-খ

২০২৫-২৬ আয়বর্ষে জনাব সৌরভ দেবনাথ এর নিম্নোক্ত আয় আছে-

আয়ের খাত	আয় (৳)	উৎসে কর্তিত কর (৳)
চাকরি হতে মোট প্রাপ্তি	৯,১৫,০০০	৩৬,০০০
সঞ্চয়পত্রের মুনাফা	৩,০০,০০০	৩০,০০০
ব্যাংক সুদ	৩,৫০,০০০	৩৫,০০০

তিনি উক্ত আয়বর্ষে ঢাকার বসুন্ধরা আবাসিক এলাকায় ৩ শতাংশ জমি ৮৫,০০,০০০ টাকায় বিক্রি করেন যার বিপরীতে ৪,৫০,০০০ টাকা উৎসে কর কর্তন করা হয়েছে। জনাব সৌরভের রিটার্নে উক্ত জমির অর্জনমূল্য প্রদর্শিত রয়েছে ৫৫,০০,০০০ টাকা যা তিনি ২০১৯ সালে ক্রয় করেছিলেন। তিনি উক্ত আয়বর্ষে রেয়াতযোগ্য কোনো বিনিয়োগ করেন নাই। ২০২৬-২৭ করবর্ষে জনাব সৌরভের করযোগ্য আয় ও করদায় নিরূপণ করতে হবে।

আয় পরিগণনা:

ক্রমিক নং	বিবরণ	আয় (৳)
১।	(ক) চাকরি হতে আয় [চাকরি হতে গ্রস প্রাপ্তি ৯,১৫,০০০ টাকা; ষষ্ঠ তফসিলের অংশ-১ এর দফা (২৭) অনুযায়ী ৯,১৫,০০০ টাকার এক-তৃতীয়াংশ বা ৫ লক্ষ টাকা করমুক্ত; ফলে চাকরি হতে করযোগ্য আয় হবে ৬,১০,০০০]	৬,১০,০০০
	(খ) আর্থিক পরিসম্পদ হতে আয় (৩,০০,০০০ টাকা+ ৩,৫০,০০০ টাকা)	৬,৫০,০০০
	করদাতার নিয়মিত উৎসের মোট আয়	১২,৬০,০০০
২	মূলধনি আয় (৮৫,০০,০০০ টাকা—৫৫,০০,০০০ টাকা)	৩০,০০,০০০

		মোট আয়	৪২,৬০,০০০

১। নিয়মিত আয়ের উপর করদায়:

আয়ের ধাপ	করহার	করের পরিমাণ (৳)
প্রথম ৪,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য	শূন্য
পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	১০%	৩০,০০০
পরবর্তী ৪,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	১৫%	৬০,০০০
অবশিষ্ট ১,৬০,০০০ টাকা আয়ের উপর	২০%	৩২,০০০
১২,৬০,০০০ টাকার উপর মোট আয়করের পরিমাণ		১,২২,০০০

২। মূলধনী আয়ের উপর কর:

মূলধনী আয় ৩০,০০,০০০ টাকা×১৫%= ৪,৫০,০০০ টাকা।

নিট প্রদেয় কর:

বিবরণ	টাকা	টাকা
১২,৬০,০০০ টাকার উপর মোট আয়করের পরিমাণ		১,২২,০০০
মূলধনী আয়ের উপর কর		৪,৫০,০০০
মোট প্রদেয় কর		৫,৭২,০০০
বাদ: উৎসে কর্তিত কর		
চাকুরি থেকে উৎসে কর্তিত কর	৩৬,০০০	
সঞ্চয়পত্রের মুনাফা হতে কর্তিত কর	৩০,০০০	
ব্যাংক সুদ হতে কর্তিত কর	৩৫,০০০	
জমি বিক্রি হতে কর্তিত কর	৪,৫০,০০০	(৫,৫১,০০০)
ধারা ১৭৩ অনুযায়ী নিট প্রদেয় কর		২১,০০০

৩। একজন শিক্ষকের আয় এবং কর পরিগণনা:

জনাব তৌফিকুর রহমান বেসরকারি ইংরেজি মাধ্যমের একটি বিদ্যালয়ে শিক্ষকতা করেন। ১ জুলাই ২০২৫ হতে ৩০ জুন ২০২৬ পর্যন্ত সময়ে তার আয় ছিল নিম্নরূপঃ

বেতন খাত:	(৳)
মাসিক মূল বেতন	৪০,০০০
বাড়ী ভাড়া ভাতা (মাসিক)	১৫,৫০০
চিকিৎসা ভাতা (মাসিক)	২,০০০
উৎসব বোনাস	দু’টি মূল বেতনের সমান
বাংলা নববর্ষ ভাতা	১০,০০০

এছাড়া, জনাব তৌফিকুর রহমান টিউশনি থেকে উপার্জন করে থাকেন। তিনি মাসে মোট ০৪ (চার) ব্যাচে ছাত্র পড়ান। প্রতি ব্যাচে ছাত্র সংখ্যা ০৮ জন। প্রতি ছাত্র থেকে তিনি ৪,০০০ টাকা মাসিক সম্মানি গ্রহণ

করেন। তিনি নিজের বাসাতে ছাত্র পড়ান। এছাড়া, তিনি ১৫ জুলাই ২০২৬ তারিখে লটারিতে ১০,০০,০০০ টাকা জয়লাভ করেন যার বিপরীতে ২,৫০,০০০ টাকা উৎসে কর কর্তন করা হয়েছে।
জনাব তৌফিকুর ২০২৫-২৬ আয়বর্ষে ৪,০০,০০০ টাকার সঞ্চয়পত্র ক্রয় করেছেন। ৩০ জুন ২০২৬ তারিখে করদাতার নিট সম্পদের পরিমাণ ছিল ৪,৪০,০০,০০০ টাকা।

২০২৬-২৭ করবর্ষে করদাতার মোট আয় ও প্রদেয় করের পরিমাণ নিম্নরূপ:

চাকরি হতে করযোগ্য আয় পরিগণনা:

বিবরণ		(৳)
মাসিক মূল বেতন (৪০,০০০× ১২)		৪,৮০,০০০
বাড়ী ভাড়া ভাতা (১৫,৫০০ × ১২)		১,৮৬,০০০
চিকিৎসা ভাতা (২,০০০× ১২)		২৪,০০০
উৎসব বোনাস (৪০,০০০× ২)		৮০,০০০
বাংলা নববর্ষ ভাতা		১০,০০০
বেতন হতে মোট প্রাপ্তি =		৭,৮০,০০০
বাদ: চাকরি হতে মোট প্রাপ্তির এক-তৃতীয়াংশ (২,৬০,০০০ টাকা) বা ৫,০০,০০০ টাকা যেটি কম =		(২,৬০,০০০)
চাকরি হতে করযোগ্য আয়		৫,২০,০০০
অন্যান্য উৎস হতে আয়:		
টিউশনি থেকে প্রাপ্ত আয় (৪ ব্যাচ × ৮ জন × ৪,০০০ × ১২ মাস)		১৫,৩৬,০০০
মোট আয় =		২০,৫৬,০০০
করদায় পরিগণনা:		
(ক) প্রথম ৪,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	০%	শূন্য
(খ) পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১০%	৩০,০০০
(গ) পরবর্তী ৪,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১৫%	৬০,০০০
(ঘ) পরবর্তী ৫,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	২০%	১,০০,০০০
(চ) অবশিষ্ট ৪,৫৬,০০০ টাকা আয়ের উপর	২৫%	১,১৪,০০০
প্রদেয় কর =		৩,০৪,০০০

কর রেয়াতের পরিমাণ:

(ক)	মোট অনুমোদনযোগ্য বিনিয়োগ (সঞ্চয়পত্র) ৪,০০,০০০ টাকা × ০.১০	৪০,০০০
(খ)	মোট আয় ২০,৫৬,০০০ টাকা × ০.০৩	৬১,৬৮০
(গ)	কর রেয়াতের সর্বোচ্চ অনুমোদিত সীমা	৭,৫০,০০০
কর রেয়াতের পরিমাণ হবে [(ক) বা (খ) বা (গ), এ তিনটির মধ্যে যেটি কম]		৪০,০০০

কর রেয়াতের পরিমাণ হবে ৪০,০০০ টাকা।

রেয়াত পরবর্তী প্রদেয় কর = মোট আয়কর—কর রেয়াত = (৩,০৪,০০০ — ৪০,০০০) = ২,৬৪,০০০ টাকা।

জনাব তৌফিকুর রহমানের নিট সম্পদের পরিমাণ ৪ কোটি ৪০ লক্ষ টাকা যা সারচার্জ আরোপযোগ্য নিট সম্পদের সীমা ৪ কোটি টাকার অধিক হওয়ায় মোট আয়কর ৩,০৪,০০০ টাকার উপর সারচার্জ বাবদ ৩,০৪,০০০× ১০% = ৩০,৪০০ টাকা প্রদেয় হবে। অর্থাৎ আয়কর ও সারচার্জ বাবদ করদাতার মোট প্রদেয় কর হবে ২,৬৪,০০০ টাকা + ৩০,৪০০ টাকা = ২,৯৪,৪০০ টাকা।

উল্লেখ্য যে, জনাব তৌফিকুর রহমান ১৫ জুলাই ২০২৬ তারিখে লটারিতে জয়লাভ করেছেন, যা ২০২৬-২৭ আয়বর্ষে অর্জিত হয়েছে, বিধায় তা ২০২৭-২৮ করবর্ষে প্রদর্শিত হবে।

৪। একজন শিল্পীর আয় এবং কর পরিগণনা:

মিজ্ সঞ্চারী চক্রবর্তী সরকার একজন কণ্ঠশিল্পী। ময়মনসিংহ অঞ্চলে তার নিজস্ব একটি গানের দল রয়েছে। বিভিন্ন অনুষ্ঠানে তিনি তার দল নিয়ে গান পরিবেশনের মাধ্যমে আয় করে থাকেন। ০১ জুলাই ২০২৫ হতে ৩০ জুন ২০২৬ পর্যন্ত সময়ে তার আয় ও ব্যয়ের পরিসংখ্যান ছিল নিম্নরূপ:

বিভিন্ন অনুষ্ঠানে সংগীত পরিবেশনের মাধ্যমে প্রাপ্তি ছিল ১৮,০০,০০০ টাকা।

তার নিজস্ব দলে ৩ জন সহশিল্পী, ৩ জন যন্ত্রশিল্পী, ২ জন তবলচী রয়েছে। তাদেরকে বেতন বাবদ প্রদান করা হয়েছিল:

বেতন খরচ:		(৳)
৩ জন সহশিল্পী	৩ × ১২,০০০ × ১২ মাস	৪,৩২,০০০
৩ জন যন্ত্রশিল্পী	৩ × ১০,০০০ × ১২ মাস	৩,৬০,০০০
২ জন তবলচী	২ × ৮,০০০ × ১২ মাস	১,৯২,০০০

শিল্পীদের ড্রেস ও যাতায়াত বাবদ খরচ ছিল যথাক্রমে ১৫,০০০ টাকা ও ৯,০০০ টাকা।

২০২৬-২০২৭ করবর্ষে মিজ্ সঞ্চারী চক্রবর্তীর মোট আয় ও প্রদেয় আয়কর হবে নিম্নরূপ:

বিবরণ		(৳)	(৳)
সংগীত পরিবেশন হতে গ্রস প্রাপ্তি-			১৮,০০,০০০
বাদ: ব্যয়সমূহ (যাচাইযোগ্য প্রমাণাদি দাখিল সাপেক্ষে)			
১। বেতন বাবদ:			
সহশিল্পী	৪,৩২,০০০		
যন্ত্রশিল্পী	৩,৬০,০০০		
তবলচী	১,৯২,০০০		
		৯,৮৪,০০০	
২। ড্রেস ও যাতায়াত		২৪,০০০	
		মোট ব্যয়সমূহ	(১০,০৮,০০০)
		মোট আয় =	৭,৯২,০০০

করদায় পরিগণনা:

প্রথম ৪,৫০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য
পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর ১০% হারে	৩০,০০০
অবশিষ্ট ৪২,০০০ টাকার উপর ১৫% হারে	৬,৩০০
প্রদেয় কর (৳)	৩৬,৩০০

৫। একজন চিকিৎসকের আয় এবং কর পরিগণনা:

জনাব মেহেদী হাসান একটি বেসরকারি হাসপাতালের চিকিৎসক। তিনি ৩০ জুন ২০২৬ তারিখে সমাপ্ত আয়বর্ষে হাসপাতাল থেকে নিম্নরূপ বেতন ভাতা পেয়েছেন:

বেতন খাত:	(৳)
মূল বেতন (৬০,০০০ × ১২)	৭,২০,০০০
বাড়ী ভাড়া ভাতা	৩,৫০,০০০
চিকিৎসা ভাতা (৩,০০০× ১২)	৩৬,০০০
উৎসব ভাতা (দু'টি মূল বেতনের সমপরিমাণ)	১,২০,০০০

স্বীকৃত ভবিষ্য তহবিলে উক্ত আয়বর্ষে তিনি মাসে ৭,০০০ টাকা চাঁদা দিয়েছেন। তার নিয়োগকর্তাও সমপরিমাণ চাঁদা জমা দিয়েছেন। এছাড়াও তিনি ১০,০০০ টাকা মোবাইল খরচ হিসেবে পেয়েছেন।

জনাব মেহেদী প্রাইভেট প্র্যাকটিস করে থাকেন। তিনি প্রতিদিন গড়ে ১২ জন নতুন রোগী ও ৩০ জন পুরাতন রোগী দেখেন। নতুন রোগীর ফি ১,০০০ টাকা ও পুরাতন রোগীর ফি ৫০০ টাকা। তিনি বছরে ৩০০ দিন রোগী দেখেন। তিনি প্রাইভেট প্র্যাকটিস থেকে প্রাপ্তির উপর ২৭,০০,০০০ টাকা খরচ প্রদর্শন করেছেন।

জনাব মেহেদী উক্ত আয়বর্ষে একটি ব্যাংকের ডিপোজিট পেনশন স্কিমে মাসিক ১৫,০০০ টাকা ডিপিএস হিসেবে জমা প্রদান করেছেন। তিনি একটি ফাইন্যান্স কোম্পানি থেকে মিউচুয়াল ফান্ড ক্রয়ে ১৫,০০,০০০ টাকা বিনিয়োগ করেছেন। এছাড়া, তিনি ৮,০০,০০০ টাকার সঞ্চয়পত্র ক্রয় করেছেন। ২০২৬-২৭ করবর্ষে জনাব মেহেদীর মোট আয় ও আয়কর পরিগণনা নিচে দেখানো হলো:

বেতন আয়:

বিবরণ	(৳)
বার্ষিক মূল বেতন	৭,২০,০০০
বাড়ী ভাড়া ভাতা	৩,৫০,০০০
উৎসব ভাতা	১,২০,০০০
চিকিৎসা ভাতা	৩৬,০০০
স্বীকৃত ভবিষ্য তহবিলে নিয়োগকর্তার চাঁদা (৭,০০০ × ১২ মাস)	৮৪,০০০
মোবাইল খরচ বাবদ প্রাপ্তি	১০,০০০
বেতন হতে মোট প্রাপ্তি	১৩,২০,০০০
বাদ: চাকরি হতে মোট আয় এর এক-তৃতীয়াংশ বা ৫,০০,০০০ টাকা যেটি কম	৪,৪০,০০০
বেতন খাতে করযোগ্য আয়	৮,৮০,০০০

ব্যবসা বা পেশা হতে আয়:

বিবরণ	(৳)	(৳)	(৳)
নতুন রোগী (১২ × ১,০০০× ৩০০)	৩৬,০০,০০০		
পুরাতন রোগী (৩০ × ৫০০ × ৩০০)	৪৫,০০,০০০		
মোট প্রাপ্তি		৮১,০০,০০০	
বাদ: প্রদর্শিত খরচ		(২৭,০০,০০০)	
ব্যবসা হতে নিট আয়			৫৪,০০,০০০
মোট করযোগ্য আয় (৮,৮০,০০০+৫৪,০০,০০০)			৬২,৮০,০০০

করদায় পরিগণনা:

আয়ের ধাপ	করহার	করের পরিমাণ (৳)
প্রথম ৪,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	শূন্য	শূন্য
পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	১০%	৩০,০০০
পরবর্তী ৪,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	১৫%	৬০,০০০
পরবর্তী ৫,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	২০%	১,০০,০০০
পরবর্তী ২০,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	২৫%	৫,০০,০০০
অবশিষ্ট ২৬,৮০,০০০ টাকা আয়ের উপর	৩০%	৮,০৪,০০০
৬২,৮০,০০০ টাকার উপর মোট আয়করের পরিমাণ		১৪,৯৪,০০০

কর রেয়াত:

রেয়াতযোগ্য বিনিয়োগের পরিমাণ:

বিবরণ	টাকা
স্বীকৃত ভবিষ্য তহবিলে নিজের ও নিয়োগকর্তার বার্ষিক চাঁদা (৭,০০০× ১২ × ২)	১,৬৮,০০০
ডিপিএস-এ বার্ষিক জমা (১৫,০০০× ১২) = ১,৮০,০০০ টাকা, কিন্তু বিনিয়োগের অনুমোদনযোগ্য সীমা ১,২০,০০০ টাকা	১,২০,০০০
সঞ্চয়পত্র ক্রয়= ৮,০০,০০০ টাকা রেয়াতের জন্য বিনিয়োগের অনুমোদনযোগ্য সীমা ৫,০০,০০০ টাকা	৫,০০,০০০
মিউচুয়াল ফান্ডে বিনিয়োগ	১৫,০০,০০০
মোট রেয়াতযোগ্য বিনিয়োগ	২২,৮৮,০০০

কর রেয়াতের পরিমাণ:

	বিবরণ	(৳)
(ক)	মোট অনুমোদনযোগ্য বিনিয়োগ ২২,৮৮,০০০ টাকা × ০.১০	২,২৮,৮০০
(খ)	মোট আয়ের ৬২,৮০,০০০ টাকা × ০.০৩	১,৮৮,৪০০

(গ)	কর রেয়াতের সর্বোচ্চ অনুমোদিত সীমা	৭,৫০,০০০
কর রেয়াতের পরিমাণ হবে (ক) বা (খ) বা (গ), এ তিনটির মধ্যে যেটি কম		১,৮৮,৪০০

ফলে জনাব মেহেদী হাসানের নিট প্রদেয় করের পরিমাণ হবে (১৪,৯৪,০০০—১,৮৮,৪০০) = ১৩,০৫,৬০০ টাকা।

৬। একজন প্রকৌশলীর আয় ও কর পরিগণনা:

ইঞ্জিনিয়ার স্নিগ্ধ জ্যোতি আহমেদ একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করার পাশাপাশি নিজ নামে ইঞ্জিনিয়ারিং কনসালটেন্সি পরিচালনা করেন। ২০২৫-২৬ আয়বর্ষে চাকুরি থেকে তার মোট প্রাপ্তি ছিলো ১৮,০০,০০০ টাকা। তিনি উক্ত আয়বর্ষে বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে নকশা, সুপারভিশন ও প্রকল্প পরামর্শ সেবা দিয়ে ২৪,০০,০০০ টাকা বিল পান।

কনসালটেন্সি পরিচালনার জন্য তিনি নিম্নোক্ত ব্যয় দাবি করেছেন—

বিবরণ	(৳)
অফিস ভাড়া	২,৪০,০০০
সহকারী প্রকৌশলী ও অফিস স্টাফের বেতন	৫,৪০,০০০
সফটওয়্যার লাইসেন্স ও কম্পিউটার রক্ষণাবেক্ষণ	১,২০,০০০
সাইট পরিদর্শন ও যাতায়াত	৬০,০০০
অনলাইনে বিজ্ঞাপন	৪০,০০০
অন্যান্য ব্যয়	৪০,০০০
মোট ব্যয়	১০,৪০,০০০

এছাড়াও তার ১,৮০,০০০ টাকা ব্যাংক আমানতের সুদ রয়েছে যার উপর ১০% হারে উৎসে কর কর্তন করা হয়েছে। সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান তার কনসালটেন্সি বিল থেকে ২,৪০,০০০ টাকা উৎসে কর কর্তন করেছে। এছাড়া তিনি ২০২৬-২৭ করবর্ষের জন্য ৮০,০০০ টাকা অগ্রিম কর প্রদান করেছেন। ২০২৬-২৭ করবর্ষে তার করযোগ্য আয় ও আয়করের পরিমাণ হবে নিম্নরূপ-

করযোগ্য আয় পরিগণনা:

	বিবরণ	(৳)	(৳)
১।	চাকুরি হতে করযোগ্য আয় পরিগণনা:		
	চাকুরি হতে মোট প্রাপ্তি	১৮,০০,০০০	
	বাদ: করমুক্ত আয় [৫,০০,০০০ টাকা অথবা মোট প্রাপ্তির ১/৩ অংশ (৬,০০,০০০ টাকা) যেটি কম]	(৫,০০,০০০)	
	চাকুরি হতে করযোগ্য আয়		১৩,০০,০০০
২।	ব্যবসা হতে আয়:		
	মোট বিল প্রাপ্তি	২৪,০০,০০০	
	বাদ: পরিচালন ব্যয়	(১০,৪০,০০০)	
	ব্যবসা হতে করযোগ্য আয়		১৩,৬০,০০০
৩।	আর্থিক পরিসম্পদ থেকে আয় (ব্যাংক সুদ)		১,৮০,০০০

	মোট করযোগ্য আয়		২৮,৪০,০০০

কর পরিগণনা:

আয়ের ধাপ	করহার	করের পরিমাণ (৳)
প্রথম ৪,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য	শূন্য
পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	১০%	৩০,০০০
পরবর্তী ৪,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	১৫%	৬০,০০০
পরবর্তী ৫,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	২০%	১,০০,০০০
অবশিষ্ট ১২,৪০,০০০ টাকা আয়ের উপর	২৫%	৩,১০,০০০
২৮,৪০,০০০ টাকার উপর মোট আয়করের পরিমাণ		৫,০০,০০০

ধারা ১৭৩ অনুযায়ী প্রদেয় কর:

বিবরণ	(৳)	(৳)
মোট আয়কর		৫,০০,০০০
বাদ: বিল থেকে উৎসে কর্তিত কর	২,৪০,০০০	
ব্যাংক সুদ থেকে কর্তিত কর	১৮,০০০	
অগ্রিম প্রদত্ত কর	৮০,০০০	
		(৩,৩৮,০০০)
১৭৩ ধারায় প্রদেয় কর		১,৬২,০০০

৭। **একজন ব্যবসায়ীর আয় এবং কর পরিগণনা:**

উদাহরণ-ক

জনাব কাজী রেহমান সাজিদ দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলায় “রংধনু বস্ত্রালয়” নামক একটি কাপড়ের দোকানের মালিক। ৩০ জুন ২০২৬ তারিখে সমাপ্ত আয়বর্ষের হিসাব বিবরণীতে তিনি নিম্নরূপ তথ্য প্রদান করেন-

বিক্রয়	৬৫,০০,০০০
গ্রস মুনাফা	৯,৫০,০০০
লাভ-ক্ষতি হিসাবে বিভিন্ন খাতে খরচ দাবী	৪,২০,০০০
নিট মুনাফা	৫,৩০,০০০

০১ আগস্ট ২০২৫ খ্রি তারিখে তিনি ১,০০,০০০ টাকার নতুন সঞ্চয়পত্র ক্রয় করেছেন।
৩০ জুন ২০২৬ তারিখে করদাতার বয়স ছিল ৬৫ বছর ০৩ মাস।

২০২৬-২৭ করবর্ষে করদাতার প্রদেয় করের পরিমাণ হবে নিম্নরূপ:
কাজী রেহমান সাজিদ-এর নিট আয় ৫,৩০,০০০ টাকা

করদায় পরিগণনা	(৳)
প্রথম ৪,৫০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য*
অবশিষ্ট ৮০,০০০ টাকার উপর ১০%	৮,০০০
৫,৩০,০০০ টাকা মোট আয়ের উপর আয়কর	৮,০০০

*করদাতার বয়স ৬৫ বছরের উর্ধ্বে হওয়ায় করমুক্ত আয়ের সীমা ৪,৫০,০০০ টাকা।

কর রেয়াতযোগ্য বিনিয়োগ:

বিনিয়োগ	(৳)
সঞ্চয়পত্র ক্রয়	১,০০,০০০

কর রেয়াতের পরিমাণ:

	বিবরণ	(৳)
(ক)	মোট আয় ৫,৩০,০০০ × ০.০৩	১৫,৯০০
(খ)	মোট অনুমোদনযোগ্য বিনিয়োগ ১,০০,০০০ × ০.১০	১০,০০০
(গ)	কর রেয়াতের সর্বোচ্চ অনুমোদিত সীমা	৭,৫০,০০০
কর রেয়াতের পরিমাণ হবে (ক) বা (খ) বা (গ), এ তিনটির মধ্যে যেটি কম		১০,০০০

কর রেয়াতের পরিমাণ = ১০,০০০ টাকা

প্রদেয় কর:

মোট আয়ের উপর আয়কর	৮,০০০
কর রেয়াত	১,০,০০০
রেয়াত পরবর্তী কর	(২,০০০)

রেয়াত পরবর্তী কর ন্যূনতম কর অপেক্ষা কম হওয়ায় করদাতাকে ন্যূনতম ৫০০০ টাকা কর পরিশোধ করতে হবে।

উদাহরণ-খ

জনাব সাইফুল ইসলাম ঢাকা শহরে ‘প্রাইম ইলেকট্রনিক্স’ নামে একটি স্বনামধন্য ইলেকট্রনিক্স সামগ্রীর দোকানের মালিক। তিনি সরাসরি বিদেশ থেকে পণ্য আমদানি করেন এবং উক্ত পণ্য খুচরা বিক্রি করেন। এছাড়াও তিনি দেশীয় বাজার থেকে পণ্য ক্রয় করে খুচরা বিক্রয় করেন। তিনি ৩০ জুন ২০২৬ তারিখে সমাপ্ত আয়বর্ষ পর্যন্ত মোট ১,৫০,০০,০০০ টাকার ইলেকট্রনিক্স পণ্য আমদানি করে আমদানি পর্যায়ে ৫% হারে মোট ৭,৫০,০০০ টাকা উৎসে কর প্রদান করেছেন। ২০২৫-২৬ আয়বর্ষে তার মোট বিক্রয় ছিলো ৪,১০,০০,০০০ টাকা এবং মোট মুনাফা (gross profit) ছিলো ৬২,২৫,০০০ টাকা।

২০২৫-২৬ আয়বর্ষে তার ব্যবসায়ে ব্যয় ছিলো নিম্নরূপ-

বিবরণ	(৳)
বেতন ও মজুরি	১০,৩০,০০০
বোনাস	১,৫০,০০০
দোকান ভাড়া	৪,৮০,০০০

বিদ্যুৎ বিল	৩৩,৫০০
ইন্টারনেট ব্যয়	২৪,০০০
পরিস্কার পরিচ্ছন্নতা	১৮,০০০
নিরাপত্তা	৩৬,০০০
স্টেশনারি	১১,০০০
যাতায়াত	৫৫,০০০
ট্রেড লাইসেন্স	১০,০০০
বীমা প্রিমিয়াম	৩০,০০০
সফটওয়ার সাবক্রিপশন	৫০,০০০
এসি, কম্পিউটার ও অন্যান্য যন্ত্রপাতির অবচয়	৮০,০০০
অন্যান্য ব্যয়	১,০০,০০০
মোট ব্যয় (৳)	২১,০৭,৫০০

এছাড়াও করদাতার নিম্নোক্ত আয় রয়েছে –

বিবরণ	(৳)
গৃহ-সম্পত্তি হতে প্রাপ্তি	৪,২০,০০০
সঞ্চয়পত্রের সুদ থেকে আয়	২,০০,০০০
ব্যাংক সুদ থেকে আয়	২,৫০,০০০
লভ্যাংশ প্রাপ্তি	১,০০,০০০

সঞ্চয়পত্রের সুদ থেকে ২০,০০০ টাকা, ব্যাংক সুদ থেকে ২৫,০০০ টাকা এবং লভ্যাংশ থেকে ১০,০০০ টাকা উৎসে কর কর্তন করা হয়েছে।

এছাড়া জনাব সাইফুল ইসলাম ৩০ এপ্রিল ২০২৬ খ্রি তারিখে তার ব্যক্তিগত ৩ ভরি স্বর্ণালংকার ৪,৫০,০০০ টাকায় বিক্রি করেন, উক্ত স্বর্ণালংকার তিনি ২০১২ সালে ১,৫০,০০০ টাকায় অর্জন করেছিলেন। ৩০ জুন ২০২৬ তারিখে করদাতার মোট সম্পদের পরিমাণ ছিলো ৩,৮০,০০,০০০ টাকা। করদাতার ১ টি ২,৫০০ সিসির গাড়ি রয়েছে। তিনি ২০২৫-২৬ আয়বর্ষে গাড়ির বিপরীতে ৭৫,০০০ টাকা অগ্রিম আয়কর পরিশোধ করেন। জনাব সাইফুলের ২০২৬-২৭ করবর্ষে করদাতার মোট আয় ও করদায়ের পরিমাণ হবে নিরূপণ করতে হবে।

মোট করযোগ্য আয় নির্ণয়:

ক্রমিক নং	**আয়ের খাত**	**টাকা**	**টাকা**
১	গৃহসম্পত্তি হতে আয়:		
	গৃহসম্পত্তি হতে মোট প্রাপ্তি	৪,২০,০০০	
	বাদঃ অনুমোদনযোগ্য বিয়োজন-		
	মেরামত ও রক্ষণাবেক্ষণ ইত্যাদি ব্যয় (২৫%)	(১,০৫,০০০)	
	গৃহসম্পত্তি হতে করযোগ্য আয়		৩,১৫,০০০
২	ব্যবসা হতে আয়:		
	ব্যবসায় হতে মোট মুনাফা (gross profit)	৬২,২৫,০০০	
	বাদঃ পরিচালন ব্যয়	(২১,০৭,৫০০)	

	ব্যবসা হতে করযোগ্য আয়		৪১,১৭,৫০০
৩	আর্থিক পরিসম্পদ হতে আয়:		
	ব্যাংক সুদ থেকে আয়	২,৫০,০০০	
	সঞ্চয়পত্রের সুদ হতে আয়	২,০০,০০০	
	আর্থিক পরিসম্পদ হতে আয়		৪,৫০,০০০
	নিয়মিত করহার প্রযোজ্য হবে এরূপ মোট আয়		৪৮,৮২,৫০০
	লভ্যাংশ প্রাপ্তি		১,০০,০০০
৪	মূলধনী আয়:		
	স্বর্ণালংকার বিক্রয় থেকে আয় (৪,৫০,০০০—১,৫০,০০০)		৩,০০,০০০
	মোট করযোগ্য আয়		৫২,৮২,৫০০

আয়কর পরিগণনা:

আয়ের ধাপ	করহার	করের পরিমাণ (৳)
প্রথম ৪,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য	শূন্য
পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	১০%	৩০,০০০
পরবর্তী ৪,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	১৫%	৬০,০০০
পরবর্তী ৫,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	২০%	১,০০,০০০
পরবর্তী ২০,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর	২৫%	৫,০০,০০০
অবশিষ্ট ১২,৮২,৫০০ টাকা পর্যন্ত আয়ের উপর	৩০%	৩,৮৪,৭৫০
৪৮,৮২,৫০০ টাকার উপর মোট আয়করের পরিমাণ		১০,৭৪,৭৫০
লভ্যাংশ ১,০০,০০০ টাকার উপর আয়কর	১৫%	১৫,০০০
স্বর্ণালংকার বিক্রয় হতে প্রাপ্ত মূলধনী আয়ের উপর কর	৫%	১৫,০০০
মোট প্রদেয় আয়কর		১১,০৪,৭৫০

টার্নওভার কর:

ব্যবসায়ের মোট টার্নওভার ৪,১০,০০,০০০ টাকা। অতএব উক্ত টাকার উপর মোট টার্নওভার কর ৪,১০,০০,০০০×১%= ৪,১০,০০০ টাকা। ব্যবসায় হতে আয় ৪১,১৭,৫০০ টাকা, যার উপর নিয়মিত হারে পরিগণিত কর ১০,৩৫,০০০ টাকা। ব্যবসায়ের আয়ের উপর নিয়মিত হারে পরিগণিত কর টার্নওভার কর অপেক্ষা বেশি হওয়ায় টার্নওভার কর প্রযোজ্য হবে না।

নিট প্রদেয় কর পরিগণনা:

বিবরণ	টাকা	টাকা
মোট প্রদেয় কর		১৫,০২,১৭৫
বাদঃ উৎসে কর্তিত কর ও অগ্রিম কর		
ব্যাংক সুদ হতে উৎসে কর্তিত কর	২৫,০০০	
সঞ্চয়পত্রের সুদ হতে উৎসে কর্তিত কর	২০,০০০	

আমদানি হতে উৎসে কর্তিত কর	৭,৫০,০০০	
লভ্যাংশ হতে উৎসে কর্তিত কর	১০,০০০	
গাড়ির জন্য অগ্রিম প্রদত্ত কর	১,৮৭,৫০০	
গাড়ির জন্য প্রদত্ত সারচার্জ	৭৫,০০০	
		(১০,৬৭,৫০০)
নিট প্রদেয় কর		৪,৩৪,৬৭৫

আয়কর সম্পর্কিত সাধারণ জিজ্ঞাসা

প্রশ্নঃ আমি আগে একটি প্রতিষ্ঠানে চাকুরি করতাম। বর্তমানে সেই চাকুরি পরিবর্তন করে নতুন একটি চাকুরিতে যোগদান করেছি। আমি আয় বিবরণীতে কোন চাকুরির আয় প্রদর্শন করবো?

উত্তরঃ একই আয়বর্ষে একাধিক প্রতিষ্ঠানে চাকুরি করলে প্রতিটি চাকুরির বেতন ও ভাতাদি আয় বিবরণীতে উল্লেখ করতে হবে।

প্রশ্নঃ আমি কোথায় টিআইএন (TIN) সনদের জন্য আবেদন করবো? টিআইএন (TIN) সনদের জন্য কতো টাকা ফি দিতে হয়?

উত্তরঃ সরকারি ওয়েবসাইট https://secure.incometax.gov.bd এ প্রবেশ করে প্রয়োজনীয় তথ্য দিয়ে টিআইএন (TIN) সনদের জন্য আবেদন করতে হবে। টিআইএন (TIN) সনদের জন্য কোথাও কোনো ফি দিতে হয় না।

প্রশ্নঃ আমি ২০১৭ সালে অনলাইনে টিআইএন (TIN) নিয়েছি কিন্তু কোনো রিটার্ন জমা দেইনি, এক্ষেত্রে রিটার্ন দাখিল করার জন্য পুনরায় টিআইএন (TIN) নেয়ার প্রয়োজন আছে কি?

উত্তরঃ একবার টিআইএন (TIN) নিলে আবার নতুন করে টিআইএন (TIN) নেয়ার প্রয়োজন নেই।

প্রশ্নঃ ব্যাংকের এফডিআর এবং সঞ্চয়ী হিসাবে সুদ আয় খুবই কম, তাই তা রিটার্নে প্রদর্শন না করলে কোনো সমস্যা হবে কি?

উত্তরঃ আয়ের পরিমাণ কম হলেও আয়কর আইন অনুযায়ী তা রিটার্নে প্রদর্শন করতে হবে।

প্রশ্নঃ মোবাইল ব্যাংকিং (বিকাশ, নগদ, রকেট) অ্যাকাউন্টের স্থিতি কিভাবে প্রদর্শন করবো?

উত্তরঃ মোবাইল ব্যাংকিং (বিকাশ, নগদ, রকেট ইত্যাদি) অ্যাকাউন্টের ৩০ জুন তারিখের স্থিতি হাতে নগদ হিসেবে প্রদর্শন করতে হবে।

প্রশ্নঃ একটি ব্যাংক হিসাবে যৌথভাবে (Joint Account) নাম আছে, এক্ষেত্রে করণীয় কি?।

উত্তরঃ যৌথ হিসাবেও করদাতার অংশীদারিত্ব থাকলে করদাতার অংশ অনুযায়ী (Proportionately) তথ্য প্রদর্শন করতে হবে।

প্রশ্নঃ আমি চাকরির পাশাপাশি টিউশনি করি, কিন্তু সেই আয় উল্লেখ করিনি।

উত্তরঃ করবর্ষে অর্জিত সব আয়ের তথ্য রিটার্নে প্রদর্শন করতে হবে।

প্রশ্নঃ আমি একজন সরকারী চাকুরিজীবী, আমি বিনিয়োগজনিত কর রেয়াত নেয়ার জন্য ২০২৫-২৬ আয়বর্ষের জিপিএফ এ কর্তনকৃত অঙ্ক রিটার্নের রেয়াতযোগ্য বিনিয়োগ অংশে প্রদর্শন করেছি, কিন্তু জিপিএফ এর ব্যালেন্স ও জিপিএফ এর সুদ প্রদর্শন করিনি।

উত্তরঃ জিপিএফ এর সুদ করমুক্ত হলেও আয়কর রিটার্নে প্রদর্শন করতে হবে। একইভাবে জিপিএফ এর ক্রমযোজিত ব্যালেন্স সম্পত্তি ও দায় বিবরণীতে প্রদর্শন করতে হবে।

প্রশ্নঃ আমি ২০১৮ সালে একটি জমি ৫০,০০০ টাকা দিয়ে ক্রয় করি যার বর্তমান বাজারমূল্য ৩,০০,০০০ টাকা আমি ২০২৬ সালের ১৫ জানুয়ারি করদাতা হিসেবে নিবন্ধিত হই। ২০২৬-২৭ করবর্ষে আমি নতুন করদাতা হিসেবে প্রথমবার আয়কর রিটার্ন দাখিল করবো। এক্ষেত্রে আমি আয়কর রিটার্নে জমির কোন মূল্য আয়কর রিটার্নে প্রদর্শন করবো?

উত্তরঃ আয়কর রিটার্নে উক্ত জমির মূল্য ৫০,০০০ টাকা প্রদর্শন করতে হবে। বর্তমান বাজারমূল্য কম বা বেশি যাই হোক না কেন, সব ক্ষেত্রে সম্পদের অর্জনমূল্য/ক্রয়মুল্য আয়কর রিটার্নে প্রদর্শন করতে হবে।

প্রশ্নঃ আমি উত্তরাধিকার সূত্রে ১০ একর কৃষি জমি পেয়েছি। এক্ষেত্রে আমি উক্ত সম্পদের মূল্য আয়কর রিটার্নে কিভাবে এবং কোথায় প্রদর্শন করবো?

উত্তরঃ উক্ত ১০ একর জমি অর্জনের তারিখের ন্যায্য বাজারমূল্য অনুযায়ী মূল্য আয়কর রিটার্নের কৃষি সম্পত্তি খাতে প্রদর্শন করতে হবে।

প্রশ্নঃ আমি প্রথমবার আয়কর রিটার্ন জমা দিয়েছি। কিন্তু আমি ভুল করে আমার ব্যক্তিগত সম্পদ প্রদর্শন করিনি, এক্ষেত্রে করণীয় কি?

উত্তরঃ আয়কর রিটার্নে কোনো ভুল হলে রিটার্ন দাখিল করার ১৮০ দিনের মধ্যে ভুল সংশোধন করে পুনরায় রিটার্ন দাখিল করতে হবে।

প্রশ্নঃ আমার বাবার নামে ১০ একর কৃষি জমি ও আরো অনেক সম্পত্তি রয়েছে। তিনি আয়কর রিটার্ন দাখিল করেন না। আমি আমার বাবার একমাত্র সন্তান। এক্ষেত্রে বাবার উক্ত সম্পত্তি আমি আমার আয়কর রিটার্নে দেখাতে পারবো কিনা?

উত্তরঃ বাবার নামে কোনো সম্পত্তি থাকলে তা সন্তানের আয়কর রিটার্নে প্রদর্শন করতে হবে না।

প্রশ্নঃ আমি ১০,০০,০০০ টাকা দিয়ে একটি জমি ক্রয় করেছি। এরপর সেই জমিতে ২৫,০০,০০০ টাকা দিয়ে ২ তলা ভবন নির্মাণ করেছি। আমি উক্ত সম্পত্তির মূল্য কিভাবে প্রদর্শন করবো?

উত্তরঃ এক্ষেত্রে জমি এবং ভবন উভয়ের মূল্যই প্রদর্শন করতে হবে।

প্রশ্নঃ আমার ব্যাংক ঋণ আছে কিন্তু আয়কর রিটার্নে প্রদর্শন করি নাই। এক্ষেত্রে করনীয় কি? ব্যাংক ঋণ হতে প্রাপ্ত টাকার উপর আয়কর দিতে হবে কিনা?

উত্তরঃ ব্যাংকে ঋণ থাকলে তা আয়কর রিটার্নের সম্পত্তি ও দায় বিবরণীতে প্রদর্শন করতে হবে। ব্যাংক ঋণের উপর কোনো আয়কর প্রদান করতে হবে না।

প্রশ্নঃ আমি আমার টাকা দিয়ে স্ত্রীর নামে সম্পত্তি ক্রয় করেছি, এক্ষেত্রে কার রিটার্নে তা প্রদর্শন করবো?

উত্তরঃ স্বামীর টাকা দিয়ে স্ত্রীর নামে সম্পদ ক্রয় করলে অথবা স্ত্রীর টাকা দিয়ে স্বামীর নামে সম্পদ ক্রয় করলে উভয়ের রিটার্নে আইনানুগভাবে প্রতিফলিত হতে হবে।

প্রশ্নঃ আমার বাবা নিয়মিত আয়কর রিটার্ন দিতো। সে গত বছর মৃত্যুবরণ করেছে, এক্ষেত্রে করণীয় কি?

উত্তরঃ কোনো ব্যক্তির মৃত্যুর পরে তার আয়কর সংক্রান্ত দায়-দায়িত্ব ও চলমান কার্যক্রম তার আইনগত প্রতিনিধির উপর বর্তাবে। মৃত ব্যক্তির ওয়ারিশগণের ঐকমত্যে অথবা উপকর কমিশনারের মনোনয়নে যেকোনো একজন ওয়ারিশ মৃত ব্যক্তির প্রতিনিধি হিসেবে গণ্য হবেন।

প্রশ্নঃ চাকুরি ছেড়ে দিলে অথবা ব্যবসা বন্ধ হয়ে গেলে এক্ষেত্রে আয়কর রিটার্ন দিতে হবে কি?

উত্তরঃ চাকুরি ছেড়ে দিলে বা ব্যবসা বন্ধ হয়ে গেলেও যথাসময়ে আয়কর রিটার্ন দাখিল করতে হবে।

প্রশ্নঃ ব্যক্তিগত খরচ কি ব্যবসায়িক খরচ হিসেবে প্রদর্শন করা যাবে?

উত্তরঃ না, ব্যক্তিগত খরচকে ব্যবসায়িক খরচ হিসেবে অথবা ব্যবসায়িক খরচকে ব্যক্তিগত খরচ হিসেবে প্রদর্শন করা যাবে না।

প্রশ্নঃ বিদেশে অবস্থিত সম্পদ আয়কর রিটার্নে প্রদর্শন করতে হবে কি?

উত্তরঃ হ্যাঁ, নিবাসী অথবা অনিবাসী বাংলাদেশি করদাতা বিদেশে অবস্থিত যাবতীয় সম্পদ তার আয়কর রিটার্নে প্রদর্শন করবেন।

প্রশ্নঃ আমি গত ৫ বছর যাবত রিটার্ন দাখিল করি নাই, এক্ষেত্রে করণীয় কি?

উত্তরঃ এক্ষেত্রে প্রতি বছরের জন্য ধারাবাহিকভাবে আয়কর রিটার্ন দাখিল করতে হবে।

গুরুত্বপূর্ণ তথ্য

- আয়কর রিটার্ন দাখিলের জন্য সময়সীমার শেষ দিন পর্যন্ত অপেক্ষা করা উচিত নয়। এতে তাড়াহুড়া করে রিটার্ন দাখিল করতে গিয়ে ভুল হওয়ার আশঙ্কা থেকে যায়।
- পূর্ববর্তী বছরের নিট সম্পদের সমাপণী জেরের সাথে চলতি বছরের প্রারম্ভিক নিট সম্পদের সামঞ্জস্য থাকতে হবে।
- আয়, ব্যয়, বিনিয়োগ ও সম্পদের সহায়ক কাগজপত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- পারিবারিক ব্যয়, ব্যক্তিগত ব্যয় এবং জীবনযাত্রার ব্যয়ের তথ্য সঠিকভাবে উপস্থাপন করতে হবে।
- বেতন বা অন্য কোনো আয় থেকে উৎসে কর কর্তন করা হলে তার প্রমাণ যথাযথভাবে সংরক্ষণ ও উপস্থাপন করতে হবে। উৎসে কর কর্তনের প্রমাণ উপস্থাপন না করলে ক্রেডিট পাওয়া যাবে না।
- ডিপিএস/জীবন বিমার ক্ষেত্রে সংশ্লিষ্ট বছরের বিনিয়োগ দেখানোর পাশাপাশি পুঞ্জিভূত বিনিয়োগের পরিমাণ প্রদর্শন করতে হবে।
- করমুক্ত আয় থাকলে রিটার্ন দাখিলের সময় তা যথাযথভাবে উল্লেখ করতে হবে।
- এক বা একাধিক ক্রেডিট কার্ড থাকলে প্রতিটির তথ্য সঠিকভাবে প্রদান করতে হবে।
- অর্জিত তহবিল এবং সম্পদের মোট পরিবৃদ্ধির পার্থক্য সবসময় শূন্য হবে।
- ব্যাংক সুদ, সঞ্চয়পত্রের সুদ, জিপিএফ এর সুদকে আর্থিক পরিসম্পদ থেকে আয় হিসেবে প্রদর্শন করতে হবে।

জাতীয় রাজস্ব বোর্ড
www.nbr.gov.bd

আইটি ঘ (২০২৩)

দাপ্তরিক ব্যবহারের জন্য	
রিটার্ন রেজিস্টারের ক্রমিক নম্বর	
রিটার্ন রেজিস্টারের ভল্যুম নম্বর	
রিটার্ন দাখিলের তারিখ	

স্বাভাবিক ব্যক্তি করদাতার রিটার্ন

(করযোগ্য আয় অনূর্ধ্ব ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা ও মোট পরিসম্পদ অনূর্ধ্ব ৫০,০০,০০০ (পঞ্চাশ লক্ষ) টাকা এর ক্ষেত্রে প্রযোজ্য)

১। করদাতার নাম: ....

২।জাতীয় পরিচয় পত্র নম্বর/পাসপোর্টনম্বর (এনআইডি না থাকিলে): ....

৩। টিআইএন:

৪। (ক) সার্কেল:.. (খ) কর অঞ্চল:...

৫। করবর্ষ: ....

৬। আবাসিক মর্যাদা: নিবাসী ☐ অনিবাসী ☐

৭। যোগাযোগের ঠিকানা/নিয়োগকারী প্রতিষ্ঠান/ব্যবসা প্রতিষ্ঠানের নাম:.. মোবাইল/টেলিফোন:..............................

৮। আয়ের উৎস:...................................... ৯। মোট পরিসম্পদ:....................................

১০। মোট আয়:.. ১১। আরোপযোগ্য কর:....................................

১২। কর রেয়াত:....................................... ১৩। প্রদেয় কর:...

১৬। জীবন যাপন ব্যয়:.................................

প্রতিপাদন

আমি... পিতা/স্বামী:...

টিআইএন ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐ ঘোষণা করিতেছি যে, এই রিটার্ন এবং বিবরণী ও সংযুক্ত প্রমাণাদিতে প্রদত্ত তথ্য আমার বিশ্বাস ও জ্ঞানমতে সঠিক ও সম্পূর্ণ। এতদ্ব্যতীত আমি কোন কোম্পানির শেয়ারহোল্ডার পরিচালক নই, আমার কোন মোটর গাড়ি নাই, বিদেশে কোনো পরিসম্পদ নাই এবং সিটি কর্পোরেশন এলাকায় গৃহ সম্পত্তি বা এপার্টমেন্টে বিনিয়োগ নাই।

স্থান:

....
স্বাক্ষর
(স্পষ্টাক্ষরে নাম)

তারিখ:

ঐচ্ছিক: অনুগ্রহ করে অপর পৃষ্টায় কর পরিগণনা, জীবনযাপন ব্যয়ের বিবরণী, সংযুক্ত প্রমাণাদির তালিকা এবং আপনার সম্পদ ও দায়ের সংক্ষিপ্ত বিবরণ দিন।

নির্দেশাবলীঃ

(১) এ আয়কর রিটার্ন স্বাভাবিক ব্যক্তি শ্রেণির করদাতা অথবা আইনে বর্ণিত নির্ধারিত ব্যক্তি কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিপাদিত হইতে হইবে।

(২) প্রযোজ্য ক্ষেত্রে সংযুক্ত করুনঃ

(ক) বেতন আয়ের ক্ষেত্রে বেতন বিবরণী , ব্যাংক সুদের ক্ষেত্রে ব্যাংক বিবরণী, সঞ্চয় পত্রের উপর সুদের ক্ষেত্রে সুদ প্রদানকারী ব্যাংকের সনদ পত্র, গৃহ সম্পত্তি আয়ের ক্ষেত্রে ভাড়ার চুক্তিপত্র, পৌর কর ও খাজনা প্রদানের রশিদ, গৃহ ঋণের উপর সুদ থাকিলে ঋণ প্রদানকারী প্রতিষ্ঠানের সনদপত্র/বিবরণী, বিমা কিস্তি প্রদত্ত থাকিলে কিস্তি প্রদানের রশিদ, পেশাগত আয় থাকিলে সংশ্লিষ্ট বিধি মোতাবেক আয়ের সপক্ষে বিবরণী, মূলধনী মুনাফা থাকিলে প্রমাণাদি, ডিভিডেন্ট আয় থাকিলে ডিভিডেন্ট প্রাপ্তির সনদপত্র, অন্যান্য উৎসের আয় থাকিলে উহার বিবরণী এবং সঞ্চয়পত্র, এল.আই.পি, ডিপিএস, যাকাত, স্টক/শেয়ার ক্রয় ইত্যাদিতে বিনিয়োগ থাকিলে প্রমাণাদি;

(খ) ব্যবসার আয় থাকিলে আয়-ব্যয়ের হিসাব বিবরণী, উৎপাদনের হিসাব, বাণিজ্যিক হিসাব, লাভ ও ক্ষতি হিসাব এবং স্থিতিপত্র;

(গ) আয়কর আইন অনুযায়ী আয় পরিগণনা;

(৩) দাখিলকৃত দলিলপত্রাদি করদাতা অথবা করদাতার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে।

(৪) স্থান সংকুলান না হইলে প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করা যাবে।

জাতীয় রাজস্ব বোর্ড
www.nbr.gov.bd

আইটি-১১গ (২০২৩)

দাপ্তরিক ব্যবহারের জন্য	
রিটার্ন রেজিস্টারের ক্রমিক নম্বর	
রিটার্ন রেজিস্টারের ভলুম নম্বর	
রিটার্ন দাখিলের তারিখ	

স্বাভাবিক ব্যক্তি করদাতার রিটার্ন

১। করদাতার নাম: ....

২।জাতীয় পরিচয় পত্র নম্বর/পাসপোর্টনম্বর (এনআইডি না থাকিলে): ....

৩। টিআইএন: | | | | | | | | | | | | |

৪। (ক) সার্কেল:...................................... (খ) কর অঞ্চল:...

৫। কর বর্ষ: .... ৬। আবাসিক মর্যাদা: নিবাসী ☐ অনিবাসী ☐

৭। করদাতার বিশেষ সুবিধাপ্রাপ্তির ক্ষেত্রে টিক (√) চিহ্ন দিন

গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ☐ নারী ☐ তৃতীয় লিঙ্গ ☐ প্রতিবন্ধী ব্যক্তি ☐

৬৫ বৎসর বা তদূর্ধ্ব বয়সের করদাতা ☐ প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবক ☐

৮। জন্ম তারিখ: দিন-মাস-বৎসর ☐☐ ☐☐ ☐☐☐☐

৯। স্ত্রী/স্বামীর নাম:...

স্ত্রী/স্বামী করদাতা হইলে টিআইএন...............................

১০। যোগাযোগের ঠিকানা/নিয়োগকারী প্রতিষ্ঠান/ব্যবসা প্রতিষ্ঠানের নাম:...

....

....

.... টেলিফোন:.....................................

মোবাইল: .... ই-মেইল:.......................................

১১। চাকরিজীবী করদাতার ক্ষেত্রে নিয়োগকারী প্রতিষ্ঠানের নাম (একাধিক প্রতিষ্ঠান হইলে সর্বশেষ প্রতিষ্ঠানের নাম):.................................

....

১২। (ক) ব্যবসা প্রতিষ্ঠানের নাম:...

(খ) ব্যবসায় নিবন্ধন নম্বর (BIN)(সমূহ):..

১৩। ফার্ম/ব্যক্তি সংঘের ক্ষেত্রে অংশীদার/সদস্যদের নাম ও টিআইএন (প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করুন)..................................

....

....

.. তারিখে সমাপ্ত আয়বর্ষের আয় ও আয়করের বিবরণী

১।	চাকরি হইতে আয় (এই রিটার্নের তফসিল ১ অনুযায়ী)	
২।	ভাড়া হইতে আয় (এই রিটার্নের তফসিল ২ অনুযায়ী)	
৩।	কৃষি হইতে আয় (এই রিটার্নের তফসিল ৩ অনুযায়ী)	
৪।	ব্যবসা হইতে আয় (এই রিটার্নের তফসিল ৪ অনুযায়ী)	
৫।	মূলধনি আয়	
৬।	আর্থিক পরিসম্পদ হইতে আয় (ব্যাংক সুদ/মুনাফা, লভ্যাংশ, সঞ্চয়পত্র মুনাফা, সিকিউরিটিজ ইত্যাদি)	
৭।	অন্যান্য উৎস হইতে আয় (রয়্যালটি, লাইসেন্স ফি, সম্মানি, ফি, সরকার প্রদত্ত নগদ ভর্তুকি ইত্যাদি)	
৮।	ফার্ম বা ব্যক্তিসংঘের আয়ের অংশ	
৯।	অপ্রাপ্ত বয়স্ক সন্তান, স্ত্রী বা স্বামীর আয় (করদাতা না হইলে)	
১০।	বিদেশে উদ্ভূত করযোগ্য আয়	
১১।	মোট আয় (ক্রমিক ১ হইতে ১০ এর সমষ্টি)	

কর পরিগণনা **টাকার পরিমাণ**

১২।	মোট কর পরিগণনাযোগ্য আয়ের উপর আরোপযোগ্য আয়কর		
১৩।	কর রেয়াত (এই রিটার্নের তফসিল ৫ অনুযায়ী)		
১৪।	রেয়াত-পরবর্তী প্রদেয় করদায় (১২—১৩)		
১৫।	ন্যূনতম কর		
১৬।	প্রদেয় কর (ক্রমিক ১৪ ও ক্রমিক ১৫ এর মধ্যে যাহা অধিক)		
১৭।	(ক) নিট পরিসম্পদের জন্য প্রদেয় সারচার্জ (প্রযোজ্য ক্ষেত্রে)		
	(খ) পরিবেশ সারচার্জ (প্রযোজ্য ক্ষেত্রে)		
১৮।	বিলম্ব সুদ, জরিমানা অথবা আয়কর আইনের অধীন প্রদেয় অন্য কোনো অঙ্ক (যদি থাকে)		
১৯।	মোট প্রদেয় কর (১৬+১৭+১৮)		

কর পরিশোধ বিবরণ **টাকার পরিমাণ**

২০।	উৎসে কর্তিত/ সংগৃহীত কর (প্রমাণাদি সংযুক্ত করুন)		

২১।	পরিশোধিত অগ্রিম কর (প্রমাণাদি সংযুক্ত করুন)		
২২।	প্রত্যর্পণযোগ্য করের সমন্বয় (যদি থাকে) (প্রত্যর্পণ সংশ্লিষ্ট কর বর্ষ/ বর্ষসমূহ উল্লেখ করুন)		
২৩।	এই রিটার্নের সহিত পরিশোধিত অবশিষ্ট কর (প্রমাণাদি সংযুক্ত করুন)		
২৪।	প্রদত্ত কর (২০+২১+২২+২৩)		
২৫।	অতিরিক্ত পরিশোধ		
২৬।	কর অব্যাহতিপ্রাপ্ত/ করমুক্ত আয় (বিবরণ সংযুক্ত করুন)		

এই রির্টানের সহিত দাখিলকৃত দলিলপত্রাদির তালিকা

<u>প্রতিপাদন</u>

আমি... পিতা/স্বামী:.. ঘোষণা করিতেছি যে, এই রিটার্ন এবং বিবরণী ও

টিআইএন

সংযুক্ত প্রমাণাদিতে প্রদত্ত তথ্য আমার বিশ্বাস ও জ্ঞান মতে সঠিক ও সম্পূর্ণ।

স্থান:

তারিখ:

....
স্বাক্ষর
(স্পষ্টাক্ষরে নাম)
ব্যক্তি না হইলে পদবী ও সীল মোহর

তফসিল ১

চাকরি হইতে আয় থাকিলে নিম্নোক্ত তফসিলটি পূরণ করিতে হইবে

ক. সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারী করদাতাদের জন্য এই অংশটি প্রযোজ্য

করদাতার নাম:

টিআইএন:

বিবরণসমূহ	আয়ের পরিমাণ	কর অব্যাহতি প্রাপ্ত আয়	নিট করযোগ্য আয়
মূল বেতন			
বকেয়া বেতন (যা পুর্বে করযোগ্য আয়ের অন্তর্ভুক্ত হয় নাই)			
বিশেষ বেতন			
বাড়িভাড়া ভাতা			
চিকিৎসা ভাতা			
যাতায়াত ভাতা			
উৎসব ভাতা			
সহায়ক কর্মীর জন্য প্রদত্ত ভাতা			
ছুটি ভাতা			
সম্মানি/ পুরস্কার			
ওভার টাইম ভাতা			
বৈশাখী ভাতা			
ভবিষ্য তহবিলে অর্জিত সুদ			
লাম্পগ্র্যান্ট			
গ্র্যাচুইটি			
অন্যান্য, যদি থাকে (বিবরণ দিন)			
মোট			

খ.সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারী ব্যতীত অন্যান্য চাকরিজীবি করদাতাদের জন্য এই অংশটি প্রযোজ্য

বিবরণ	আয়ের **পরিমাণ**	আয়ের **পরিমাণ**
বেতন		
ভাতাসমূহ		
অগ্রিম/ বকেয়া বেতন		
আনুতোষিক, অ্যানুইটি, পেনশন বা ইহাদের সম্পূরক		
পারকুইজিট		
বেতন বা মজুরির পরিবর্তে প্রাপ্তি অথবা অতিরিক্ত প্রাপ্তি		
কর্মচারী শেয়ার স্কিম হইতে অর্জিত আয়		
আবাসন সুবিধা		
মোটরগাড়ি সুবিধা		
নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত অন্য কোনো সুবিধা		
স্বীকৃত ভবিষ্য তহবিলে নিয়োগকর্তার প্রদত্ত চাঁদা		
অন্যান্য, যদি থাকে (বিবরণ দিন)		
মোট প্রাপ্ত বেতন		
অব্যাহতি প্রাপ্ত অংশ (**আয়কর আইন, ২০২৩ এর** ৬ষ্ঠ তফসিল অংশ ১ মোতাবেক)		
চাকরি হইতে মোট আয়		

তফসিল ২

ভাড়া হইতে আয় থাকিলে নিম্নবর্ণিত তফসিলটি পূরণ করিতে হইবে

করদাতার নাম:

টিআইএন: | | | | | | | | | | |

সম্পত্তির অবস্থান, বিবরণ ও মালিকানার অংশ	মোট ভাড়া মূল্য পরিগণনা	টাকার পরিমাণ	টাকার পরিমাণ
	১। প্রাপ্ত ভাড়ার পরিমাণ বা বার্ষিক মূল্য, এই দুইয়ের মধ্যে যাহা অধিক		
	২। প্রাপ্ত অগ্রিম ভাড়া		
	৩। প্রাপ্ত যেকোনো অঙ্ক বা সুবিধার অর্থমূল্য (১ ও ২ এ উল্লিখিত অঙ্কের অতিরিক্ত)		
	৪। সমন্বয়কৃত অগ্রিম অঙ্ক		
	৫। শূন্যতা ভাতা		
	৬। মোট ভাড়ামূল্য (১+২+৩) −৪−৫		
	৭। অনুমোদনযোগ্য বিয়োজন সমূহ:		
	(ক) মেরামত আদায় ইত্যাদি		
	(খ) পৌর কর অথবা স্থানীয় কর		
	(গ) ভূমি রাজস্ব		
	(ঘ) পরিশোধিত ঋণের উপর সুদ/ বন্ধকী/ মূলধনি চার্জ		
	(ঙ) পরিশোধিত বিমা প্রিমিয়াম		
	(চ) অন্যান্য (যদি থাকে)		
	৮। মোট অনুমোদনযোগ্য বিয়োজন		
	৯। নিট আয় (ক্রমিক ৬ হইতে ক্রমিক ৮ এর বিয়োগফল)		
	১০। করদাতার অংশ (প্রযোজ্য ক্ষেত্রে)		

তফসিল ৩

কৃষি হইতে আয় থাকিলে নিম্নবর্ণিত তফসিলটি পূরণ করিতে হইবে

কৃষিকাজের ধরণ:

ক্রমিক নং	আয়ের সারসংক্ষেপ	টাকার পরিমাণ
১।	বিক্রয়/ টার্নওভার/ প্রাপ্তি	
২।	গ্রস মুনাফা	
৩।	সাধারণ ব্যয়, বিক্রয়জনিত ব্যয়, ভূমি উন্নয়ন কর, খাজনা, ঋনের সুদ, বিমা প্রিমিয়াম এবং অন্যান্য ব্যয়সমূহ	
৪।	নিট আয় (ক্রমিক ০২ হইতে ক্রমিক ০৩ এর বিয়োগফল)	

তফসিল ৪

ব্যবসা হইতে আয় থাকিলে নিম্নবর্ণিত তফসিলটি পূরণ করিতে হইবে)

টিআইএন:

করদাতার নাম:

ব্যবসায়ের নাম: ব্যবসায়ের ধরণ:

ঠিকানা:

ক্রমিক নং	আয়ের সারসংক্ষেপ	টাকার পরিমাণ
১।	বিক্রয়/ টার্নওভার/ প্রাপ্তি	
২।	গ্রস মুনাফা	
৩।	সাধারণ, প্রশাসনিক, বিক্রয়জনিত এবং অন্যান্য ব্যয়সমূহ	
৪।	কুঋণ ব্যয়	
৫।	নিট মুনাফা (ক্রমিক ০২ হইতে ক্রমিক ০৩ ও ০৪ এর বিয়োগফল)	

ক্রমিক নং	স্থিতিপত্রের সারসংক্ষেপ	টাকার পরিমাণ
৬।	নগদ ও ব্যাংক স্থিতি	
৭।	মজুদ	
৮।	স্থায়ী পরিসম্পদ	
৯।	অন্যান্য পরিসম্পদ	
১০।	মোট পরিসম্পদ (৬+৭+৮+৯)	
১১।	প্রারম্ভিক মূলধন	
১২।	নিট মুনাফা	
১৩।	আয় বর্ষে ব্যবসায় হইতে উত্তোলন	
১৪।	সমাপনী মূলধন (১১+১২—১৩)	
১৫।	দায়সমূহ	
১৬।	মোট পরিসম্পদ ও দায় (১৪+১৫)	

তফসিল ৫

বিনিয়োগজনিত কর রেয়াত দাবি করিলে নিম্নবর্ণিত তফসিলটি পূরণ করিতে হইবে (প্রামাণ্য দলিলাদি সংযুক্ত করিতে হইবে

করদাতার নাম: টিআইএন:

কর রেয়াতের জন্য প্রযোজ্য বিনিয়োগ বিবরণী:

১।	বাংলাদেশে পরিশোধিত জীবন বিমা পলিসির প্রিমিয়াম বা চুক্তিভিত্তিক Deffered Annuity	
২।	ডিপোজিট পেনশন/ মাসিক সঞ্চয় স্কিমে প্রদত্ত চাঁদা (অনুমোদনযোগ্য সীমার অতিরিক্ত নহে)	
